বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

(ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট)

সূত্র নং-এফআইডি/২০২/২০১৮-

তারিখঃ ০৩ ডিসেম্বর ২০১৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা/চেয়ারম্যান/প্রেসিডেন্ট/সভাপতি
বাংলাদেশে কর্মরত সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA)/বিএলএফসিএ(BLFCA)/ এবিবিএল(ABBL)/ বিএবি(BAB)/
ডিসিসিআই(DCCI)/ এফবিসিসিআই(FBCCI)/ এমসিসিআই(MCCI)/ বিজিএমইএ (BGMEA)/
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

‘সিকিউরড ট্রানজ্যাকশন (অস্থাবর সম্পত্তি) আইন ২০-’ এর খসড়া প্রসঙ্গে মতামত প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রচলিত ঋণ/বিনিয়োগ ব্যবস্থায় স্থানান্তরযোগ্য/অস্থাবর সম্পদকে জামানত হিসেবে স্বীকৃতি দিয়ে অধিক মানুষের নিকট ঋণ/বিনিয়োগ সহজলভ্য করার উদ্দেশ্যে একটি রেজিস্ট্রি স্থাপনের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বাংলাদেশ ব্যাংকের যৌথে উদ্যোগে বিশ্বব্যাংক গ্রুপের International Finance Corporation (IFC) এর সহায়তায় Secured Lending and Movable Collateral Registry Reform শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের আওতায় The Secured Transaction Act নামীয় একটি আইনের খসড়া এবং খসড়াটির বাংলা অনুবাদ ‘সিকিউরড ট্রানজ্যাকশন (অস্থাবর সম্পত্তি) আইন ২০__’ প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত খসড়াটি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (https://www.bb.org.bd/aboutus/regulationguideline/draftguide.php এবং https://www.bb.org.bd/ home page Regulations and guidelines) আপলোড করা হয়েছে। উক্ত খসড়ার বিষয়ে মতামত প্রদানপূর্বক আগামী 30(ত্রিশ) কার্যদিবসের মধ্যে অত্র বিভাগের মহাব্যবস্থাপক মহোদয় বরাবরে একটি হার্ডকপি এবং নিম্নস্বাক্ষরকারী বরাবরে একটি Soft Copy প্রেরণ করার জন্য আপনাদেরকে নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য যে, ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে কোনরূপ মতামত পাওয়া না গেলে আপনাদের কোন মতামত নেই মর্মে বিবেচিত হবে।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-
(মোঃ পারওয়েজ আনজাম মুনির)
যুগ্ম পরিচালক
ও ফোকাল পয়েন্ট
Secured Lending and Movable Collateral Reform Project
ফোনঃ ২৫৫৬৬৫০০১-২০/২১২৮২
মোবাইলঃ ০১৮১৯২৮১১৮১
ই-মেইলঃ perwez.moonir@bb.org.bd

সংযুক্ত: ‘সিকিউরড ট্রানজ্যাকশন (অস্থাবর সম্পত্তি) আইন ২০-’ এর খসড়া

সিকিউরড ট্রানজ্যাকশন (অস্থাবর সম্পত্তি) আইন ২০__

(২০১_ সালের __ নং আইন)

প্রস্তাবনা (Preamble)

যেহেতু সিকিউরড ট্রানজ্যাকশন কর্তৃপক্ষ প্রতিষ্ঠার মাধ্যমে অস্থাবর সম্পত্তিতে সিকিউরড ট্র্যানজ্যাকশন নিয়ন্ত্রণের প্রাতিষ্ঠানিক কাঠামো এবং সিকিউরিটি চুক্তির পক্ষসমূহের অধিকার ও কর্তব্য এবং তদসংশ্লিষ্ট বিষয়াদি অথবা তাহার সহিত প্রাসঙ্গিক ঘটনাবলি নিরূপণ করিবার জন্য বিধান প্রণয়ন করা আবশ্যক, সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন প্রণীত হইলঃ

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। আইনের সংক্ষিপ্ত শিরোনাম এবং প্রবর্তন –

(১) এই আইন সিকিউরড ট্রানজ্যাকশন (অস্থাবর সম্পত্তি) আইন, ২০__ নামে অভিহিত হইবে।

(২) সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা সরকার কর্তৃক যে তারিখ নির্ধারণ করা হইবে, সেই তারিখে ইহা বলবৎ হইবে, এবং ইহা সমগ্র বাংলাদেশে কার্যকর হইবে।

২। সংজ্ঞা এবং ব্যাখ্যা-

(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আইনে -

(ক) **"সংযোজন"** (accession) অর্থ সেই সকল পণ্য যাহা অন্যান্য পণ্যের সাথে সংস্থাপিত (installed) অথবা সংযোজিত (affixed) হইয়াছে;

(খ) **"হিসাব"** (account) অর্থ কোন আর্থিক দায়, যাহার সাক্ষ্য প্রমাণ কোন সিকিউরিটি বা দলিল দ্বারা রাখা হয়নি, যাহা কার্যসম্পাদন (performance) দ্বারা অর্জিত হোক বা না হোক;

(গ) **"হিসাব দেনাদার"** (account debtor) অর্থ এমন ব্যক্তি যিনি কোন স্পর্শাতীত সম্পত্তির অধীনে দায়বদ্ধ, যাহার মধ্যে হিসাব অন্তর্ভুক্ত;

(ঘ) **"কর্তৃপক্ষ"** (authority) অর্থ এই আইনের ১৪ ধারার অধীনে প্রতিষ্ঠিত সিকিউরড ট্রানজ্যাকশান রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ;

(ঙ) **"বোর্ড"** (board) অর্থ এই আইনের ১৬ ধারার অধীনে গঠিত কর্তৃপক্ষের পরিচালনা পর্ষদ;

(চ) **"ভবন"** (building) অর্থ কোন কাঠামো, স্থাপনা, খনি অথবা এমন কোন কাজ যাহা ভূমির উপর নির্মিত বা স্থাপিত অথবা সূচনাকৃত;

(ছ) **"ভবন উপকরণ"** (building materials) অর্থ এমন উপকরণ যাহা কোন ভবনে সন্নিবেশিত করা হইয়াছে, এবং ভবনের সহিত সংযুক্ত মালামালও ইহার অন্তর্ভুক্ত হইবে যেন তাহাদের অপসারণ -

(অ) অবধারিতভাবে ভবনের অন্য কতিপয় অংশের স্থানচ্যুতি বা বিনাশ ঘটাইবে এবং এরূপ অপসারণের ফলে ভবনের মূল্যহানির পাশাপাশি ভবনের উল্লেখযোগ্য ক্ষতি সাধন করিবে; অথবা

(আ) ভবনের কাঠামো দুর্বল করিবে (weakening) অথবা ভবনটিকে আবহাওয়াজনিত ক্ষয়ক্ষতি বা অবনতির সম্মুখীন করিবে;

কিন্তু অন্তর্ভুক্ত হইবে নাঃ

(ই) তাপ উৎপন্নকারী, শীতাতপ নিয়ন্ত্রণকারী অথবা বহনযোগ্য যন্ত্রাংশসমূহ; অথবা

(ঈ) ঐরূপ যন্ত্রপাতি যাহা কোন ভবনে বা জমিতে কোন কার্যক্রম পরিচালনার নিমিত্তে ঐ ভবন বা জমিতে সংস্থাপিত হইয়াছে;

(জ) **"নিবন্ধীকৃত সিকিউরিটি"** (certificated security) অর্থ এমন সিকিউরিটি যাহা কোন সার্টিফিকেট দ্বারা উপস্থাপিত;

(ঝ) **"কোড"** (code) অর্থ the Code of Civil Procedure, 1908;

(ঞ) **"জামানত"** (collateral) অর্থ কোন সিকিউরিটি অধিকারের অধীনে জামানতকৃত অস্থাবর সম্পত্তি;

(ট) **"ব্যবসায়িক চালান"** (commercial consignment) অর্থ কোন চালান, যাহার মাধ্যমে উহার প্রাপকের (consignee) নিকট বিক্রয়, ইজারা বা অন্য কোন বিলি-ব্যবস্থার নিমিত্তে কোন পণ্য সরবরাহ করা হইয়াছে, এবং যিনি ব্যবসার স্বাভাবিক কার্যকলাপ পরিচালনার ক্ষেত্রে উক্ত বিবরণের পণ্যসমূহ নিয়ে ব্যবসা করেন, এবং উক্ত চালান সরবরাহ করা হইয়াছে একজন চালান-প্রেরক (consignor) দ্বারা যিনি-

(অ) চালান প্রেরকের ব্যবসার স্বাভাবিক নিয়মানুসারে বর্ণিত পণ্যের ব্যবসা করেন; এবং

(আ) সরবরাহ করিবার পর পণ্যের উপর একটি স্বার্থ সংরক্ষণ করেন; কিন্তু এমন চুক্তিপত্র এর অন্তর্ভুক্ত হইবে না, যাহার মাধ্যমে-

(১) কোন নিলামদারের নিকট কোন পণ্য বিক্রয়ের উদ্দেশ্যে সরবরাহ করা হয়; অথবা

(২) কোন বিক্রয়, ইজারা বা অন্য কোন বিলি ব্যবস্থার উদ্দেশ্যে এমন চালান-প্রাপকের নিকট কোন পণ্য সরবরাহ করা হয়, যিনি অন্যের পণ্য বিক্রয় বা ইজারার কার্য সম্পন্ন করার ব্যাপারে তাহার পাওনাদারদের নিকট সাধারণভাবে পরিচিত হয়ে থাকেন।

(ঠ) **"প্রতিযোগী দাবীদার"** (competing claimant) অর্থ জামিনদারের পাওনাদার অথবা অন্য কোন ব্যক্তি যাহার সহিত কোন জামানতের অধিকার নিয়া সিকিউরড পক্ষের অধিকারের প্রতিযোগিতা রহিয়াছে; যাহাতে অন্তর্ভূক্ত হইবেঃ

(অ) অন্য কোন সিকিউরড পক্ষ যাহার উক্ত জামানতে সিকিউরিটি অধিকার রহিয়াছে;

(আ) জামিনদারের অন্য কোন পাওনাদার যাহার উক্ত জামানতে অধিকার রহিয়াছে;

(ই) জামিনদারের দেউলিয়া বিষয়ক মামলায় ক্ষেত্রে দেউলিয়াত্ব প্রতিনিধি (insolvency representative); এবং

(ঈ) উক্ত জামানতের কোন ক্রেতা অথবা অন্য কোন হস্তান্তরগ্রহীতা, ইজারাগ্রহীতা অথবা লাইসেন্সধারী;

(ড) **"ভোগ্যপণ্য"** (consumer goods) অর্থ এরূপ পণ্য যাহা মূলত ভোগ (consumption) অথবা কোন গৃহস্থালী উদ্দেশ্যে ব্যবহৃত বা অর্জিত হইয়া থাকে;

(ঢ) **"নিয়ন্ত্রণ চুক্তি"** (control agreement) অর্থ -

(অ) ইস্যুকারী, জামিনদার এবং সিকিউরড পক্ষের মধ্যে সম্পাদিত অনিবন্ধীকৃত, অমধ্যবর্তী সিকিউরিটিজ সংশ্লিষ্ট একটি লিখিত চুক্তি যাহার মাধ্যমে সিকিউরড পক্ষ কর্তৃক সিকিউরিটিজ সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ ইস্যুকারী জামিনদারের কোন পুনঃসম্মতি ব্যতিরেকেই পালন করিতে সম্মত হন; এবং

(আ) ডিপোজিট গ্রহণকারী প্রতিষ্ঠান, জামিনদার এবং সিকিউরড পক্ষের মধ্যে সম্পাদিত ব্যাংক হিসাব সংশ্লিষ্ট একটি লিখিত চুক্তি, যাহার মাধ্যমে ডিপোজিট গ্রহণকারী প্রতিষ্ঠান জামিনদারের কোন পুনঃসম্মতি ব্যতিরেকেই সিকিউরড পক্ষের ব্যাংক হিসাবে জমাকৃত তহবিল পরিশোধ সংক্রান্ত নির্দেশনাসমূহ পালন করিতে সম্মত হন।

(ণ) **"আদালত"** (court) অর্থ, অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর অধীন প্রতিষ্ঠিত আদালত অথবা অন্য এমন আদালত যাহা সরকার, প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে মনোনীত করিতে পারে।

(ত) **"শস্য"** (crops) অর্থ শস্য, যাহা পরিপক্ক অথবা অন্যরূপ, এবং প্রাকৃতিকভাবে জন্মানো বা রোপিত, এবং যাহা মূল দ্বারা ভূমির সাথে সংযুক্ত অথবা ভূমিতে সংযুক্ত কোন বৃক্ষ বা উদ্ভিদের অঙ্গ গঠনকারী কোন অংশ এবং সেই সকল গাছপালাও ইহার অন্তর্ভূক্ত হইবে যদি সেগুলোঃ

(অ) নার্সারির চারা হিসেবে ফলানো হইয়া থাকে;

(আ) কাঠজাত দ্রব্য এবং তক্তা উৎপাদন ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ফলানো হইয়া থাকে; অথবা

(ই) পুনর্বনায়নের উদ্দেশ্যে অন্য স্থানে পুনঃরোপনের জন্য রোপিত হইয়া থাকে।

(থ) **"দেনাদার"** (debtor) অর্থ এমন ব্যক্তি, যিনি কোন সিকিউরড দায়ের বিপরীতে অর্থ পরিশোধ বা অন্য কোন কাজের দায় গ্রহণ করেন, তিনি উক্ত সিকিউরড দায়ের বিপরীতে অর্থ পরিশোধ বা অন্য কোন কাজের দায় গ্রহণ করবার মাধ্যমে জামিনদার (Obligor) হউন বা না হউন; এবং গ্যারান্টর বা সিউরিটি এর অন্তর্ভুক্ত হইবেন;

(দ) **"খেলাপ"** (default) অর্থ

(অ) সিকিউরড দায় যখন পাওনা হইবে তখন তাহা পরিশোধ কিংবা অন্যরূপ কার্যসম্পাদনে ব্যর্থ হওয়া;

(আ) কোন একক ঘটনা কিংবা বহুসংখ্যক ঘটনার সংঘটন যাহার ফলে সিকিউরিটি চুক্তির শর্তানুসারে সিকিউরিটি অধিকার বলবৎযোগ্য হয়;

(ধ) **"স্বত্ব দলিল"** (document of title) অর্থ কোন জিম্মাদারের প্রতি অথবা জিম্মাদার কর্তৃক সম্পাদিত লিখনকর্ম, যাহা -

(অ) জিম্মাদারের দখলাধীন পণ্যদ্রব্য যাহা শনাক্তযোগ্য অথবা শনাক্তযোগ্য বস্তুর কোন পারস্পরিক বিনিময়যোগ্য অংশসমূহকে (fungibles) আওতাভুক্ত করে; এবং

(আ) প্রতিষ্ঠা করে যে, যাহার দখলে ইহা থাকিবে তিনি উক্ত দলিল এবং ইহার আওতাভুক্ত সকল পণ্যের গ্রহণ, ধারণ এবং নিষ্পত্তির অধিকারী হইবেন;

(ন) **"সরঞ্জামাদি"** (equipment) অর্থ সেই সকল পণ্য সামগ্রী যাহা কোন মজুদ মাল অথবা ভোগ্যপণ্য নহে, যা প্রাথমিকভাবে জামিনদারের ব্যবসা পরিচালনায় ব্যবহৃত হয় বা ব্যবহার করিবার জন্য উদ্দীষ্ট হয়;

(প) **"আর্থিক ইজারা"** (financial lease) অর্থ কোন অস্থাবর সম্পত্তির ইজারা, যাহার ইজারা শেষেঃ

(১) ইজারাগ্রহীতা স্বয়ংক্রিয়ভাবেই যে অস্থাবর সম্পত্তিটি ইজারা দেয়া হইয়াছে তাহার মালিক হইয়া যান;

(২) ইজারাগ্রহীতা নামমাত্র মূল্যের বেশি প্রদান না করিয়া অস্থাবর সম্পত্তিটির মালিকানাস্বত্বের অধিকারী হইতে পারেন; অথবা

(৩) অস্থাবর সম্পত্তিটির অবশেষ (residual) মূল্য অতি নগণ্য;

(ফ) **"আর্থিক বিবৃতি"** (financial statement) বলিতে প্রারম্ভিক বিবৃতি, সংশোধনী বিবৃতি অথবা বাতিলকরণ বিবৃতি অন্তর্ভূক্ত হইবে যাহা এই আইনের বিধি ও প্রবিধানের অধীনে শর্তযুক্ত নির্ধারিত ফর্ম অনুয়ায়ী রেজিস্ট্রেশন করা আবশ্যক অথবা অনুমোদিত হয়;

(ব) **"সংযুতি"** (fixture) অর্থ এমন পণ্যসামগ্রী যাহা কোন বিশেষ স্থাবর সম্পত্তির সাথে এমনভাবে সম্পৃক্ত হইয়াছে যাহার ফলে উহার উপর স্থাবর সম্পত্তি সংক্রান্ত আইনের অধীনে কোন অধিকার অথবা স্বার্থ উদ্ভুত হয়, কিন্তু ভবন উপকরণ উহার অন্তর্ভুক্ত হইবে না;

(ভ) **"পারস্পরিক বিনিময়যোগ্য জামানত"** (fungible collateral) অর্থ এমন প্রকৃতি বা ধরণের পণ্য দ্রব্য যাহা অনুরূপ প্রকৃতি বা ধরণের অন্য কোন পণ্য দ্বারা সহজে সামগ্রিক বা আংশিকভাবে বিনিময় কিংবা প্রতিস্থাপন করা যায়।

(ম) **"ভবিষ্যৎ অগ্রীম"** (future advance) অর্থ সিকিউরিটি চুক্তি দ্বারা সিকিউরড কোন অগ্রিম অর্থ, ঋণ অথবা অন্যান্য মূল্য, উক্ত অগ্রিম কোন প্রতিশ্রুতির অধীনে করা হোক বা না হোক;

(য) **"ভবিষ্যৎ সম্পত্তি"**(future property) অর্থ কোন অস্থাবর সম্পত্তি যাহার বর্তমানে অস্তিত্ব নেই অথবা জামিনদারের যাহাতে কোন অধিকার নেই, অথবা যাহা সিকিউরিটি চুক্তি সমাপ্ত হইবার সময় ঋণদায়গ্রস্ত করিবার ক্ষমতা থাকে না;

(র) **"পণ্য"** (goods) অর্থ স্বত্ব দলিল, দলিলাদি (instruments) এবং অর্থ ব্যতীত কোন অস্থাবর সম্পত্তি, এবং যাহার মধ্যে সংযুতি, বাড়ন্ত ফসলাদি, অজাত পশু শাবক (unborn young of animals), কর্তন উপযোগী গাছ এবং উত্তোলনযোগ্য খনিজ উপাদান অন্তর্ভুক্ত হইবে;

(ল)**"সরকার"** (government) অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার;

(শ)**"দলিল"** (instrument) অর্থ Negotiable Instruments Act, 1881এ সংজ্ঞায়িত কোন বিনিময়পত্র (bill of exchange), অঙ্গীকারপত্র (promisory note) অথবা চেক;

(ষ)**"স্পর্শাতীত সম্পত্তি"** (intangible) অর্থ অস্থাবর সম্পত্তি যাহা পণ্যদ্রব্য, স্বত্ব দলিল, অন্যান্য দলিল দস্তাবেজ বা অর্থ নহে, এবং যাহার মধ্যে কোন লাইসেন্স, পাওনা (receivables), সঞ্চয়ী হিসাব, ইলেক্ট্রনিক সিকিউরিটি, মেধাস্বত্ব এবং ঋণ পুনরুদ্ধার করিবার অধিকার (choses in action) অন্তর্ভুক্ত হইবে;

(স) **"মধ্যবর্তী সিকিউরিটি"** (intermediated security) অর্থ কোন মধ্যস্থ ব্যক্তি/প্রতিষ্ঠানে সিকিউরিটিজ হিসাবে রক্ষিত কোন ব্যক্তির অধিকারসমূহ;

(হ) **"মধ্যস্থ ব্যক্তি বা প্রতিষ্ঠান"** (intermediary) অর্থ-

(অ) কোন নিকাশকারী সংস্থা (clearing agency), অথবা

(আ) কোন ব্রোকার, ব্যাংক বা ট্রাস্ট কোম্পানি অথবা অন্য কোন ব্যক্তি যাহারা ব্যবসায়ের স্বাভাবিক কার্যক্রমের অংশ হিসেবে অন্যান্যদের সিকিউরিটিজ হিসাব রক্ষণাবেক্ষণ করেন, এবং সেই সকল ব্যক্তি বা কোম্পানী যাহারা ব্যবসায়ের স্বাভাবিক কার্যক্রমের অংশ হিসেবে নিজের পক্ষে এবং অন্যান্যদের পক্ষে অন্যান্যদের সিকিউরিটিজ হিসাব রক্ষণাবেক্ষণ করিবার জন্য বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত বা লাইসেন্সপ্রাপ্ত, তবে বাংলাদেশ ব্যাংক এর অন্তর্ভুক্ত হইবে না।

(ড়) **"মজুদ মাল"** (inventory) অর্থ সেই সকল পণ্য যাহা-

(অ) কোন ব্যক্তি কর্তৃক বিক্রয় অথবা ইজারার নিমিত্তে গৃহীত হইয়াছে অথবা যাহা ঐ ব্যক্তি কর্তৃক ইজারাদার হিসেবে ইজারাদান করা হইয়াছে;

(আ) কোন চুক্তি অথবা সেবা দ্বারা প্রদান করা হইয়াছে অথবা হইবে;

(ই) কাঁচামাল অথবা চলমান কোন কাজ;

(ঈ) কোন ব্যবসা বা পেশায় ব্যবহৃত অথবা ব্যয়কৃত কাঁচামাল;

(ঢ়) **"ইস্যুকারী"** (issuer) অর্থ কোন ব্যক্তি যিনি কোন সিকিউরিটি ইস্যু করিয়াছেন অথবা করিবার প্রস্তাব করিয়া থাকেন।

(য়) **"জ্ঞান"** (knowledge) অর্থ -

(অ) কোন ব্যক্তির ক্ষেত্রে, উক্ত ব্যক্তি দ্বারা এমন প্রেক্ষাপটে তথ্য অর্জিত হয় যাহা কোন যুক্তিমান মানুষ আমলে গ্রহণ করিয়া থাকিতেন;

(আ) কোন অংশীদারী কারবারের ক্ষেত্রে, যখন অংশীদারগনের মধ্যে কোন একজন অংশীদারের অথবা অংশীদারী কারবারের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার ক্ষমতাসম্পন্ন কোন ব্যক্তির গোচরে কোন তথ্য এমন প্রেক্ষাপটে আসে যাহা কোন যুক্তিমান মানুষ আমলে গ্রহণ করিয়া থাকিতেন;

(ই) কোম্পানি আইন, ১৯৯৪ অথবা the Companies Act, 1913 এর অধীনে নিগমবন্ধিত (incorporated) কোম্পানী অথবা কোন আইন অনুসারে অথবা উহার অধীনে নিয়মতান্ত্রিকভাবে গঠিত কোন কর্পোরেশনের ক্ষেত্রে,যখন কোন তথ্য কোম্পানী অথবা কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক অথবা কর্মকর্তা অথবা উক্ত তথ্য সম্পর্কিত বিষয়াবলীর ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কোম্পানির কোন উর্ধ্বতন কর্মচারীর গোচরে এমন প্রেক্ষাপটে অর্জিত হয় যাহা কোন যুক্তিমান মানুষ আমলে গ্রহণ করিয়া থাকিতেন, অথবা যখন কোম্পানি অথবা কর্পোরেশনের সেবার নিমিত্তে নিবন্ধিত অফিস অথবা আইনানুগ প্রতিনিধির নিকট সরবরাহকৃত লিখিত তথ্য;

(ঈ) কোন সংঘের ক্ষেত্রে, যাহা নিগমবন্ধিত হোক বা না হোক, যখন কোন তথ্য (অ) কোন ব্যবস্থাপনা পরিচালক অথবা সংঘের কর্মকর্তা; (আ) উক্ত তথ্য সম্পর্কিত বিষয়াবলীর ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কোম্পানির কোন উর্ধ্বতন কর্মচারী অথবা (ই) সকল সদস্যের গোচরে এমন প্রেক্ষাপটে অর্জিত হয় যাহা কোন যুক্তিমান মানুষ আমলে গ্রহণ করিয়া থাকিতেন; অথবা

(উ) সরকার অথবা অন্য কোন সংবিধিবদ্ধ সংস্থা অথবা কর্তৃপক্ষের ক্ষেত্রে, যখন কোন তথ্য সরকারের কোন উর্ধ্বতন কর্মকর্তা অথবা উক্ত তথ্য সম্পর্কিত বিষয়াবলীর ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত এরূপ সংস্থা অথবা কর্তৃপক্ষের গোচরে এমন প্রেক্ষাপটে অর্জিত হয় যাহা কোন যুক্তিমান মানুষ আমলে গ্রহণ করিয়া থাকিতেন।

(কক) **"এক বছরের অধিক সময়ের জন্য ইজারা"** (lease for more than one year) অর্থে একই অস্থাবর সম্পত্তির উপর এক গুচ্ছ স্বল্পমেয়াদি ইজারা যাহার সমষ্টি এক বছরের অধিক সময় অতিক্রম করে অন্তর্ভুক্ত হইবে, কিন্তু ইহার অন্তর্ভুক্ত হইবে নাঃ

(অ) এমন একজন ইজারাদার কর্তৃক কোন পণ্যের ইজারা যিনি নিয়মিতভাবে পণ্য ইজারা ব্যবসায় জড়িত নন;

(আ) স্থাবর সম্পত্তির ইজারার অংশ হিসেবে গৃহস্থালি আসবাবপত্রের অথবা যন্ত্রপাতির ইজারা, যে ক্ষেত্রে উক্ত পণ্য সামগ্রী স্থাবর সম্পত্তির ব্যবহার এবং উপভোগের সাথে প্রাসঙ্গিক; অথবা

(ই) ইজারার সময়সীমা নির্বিশেষে কোন সুনির্দিষ্ট ধরণের পণ্যের ইজারা।

(খখ) **"লাইসেন্স"** (license) অর্থ অস্থাবর সম্পত্তির উৎপাদন, উৎপন্ন, বিক্রয়, পরিবহন অথবা অন্য কোন লেনদেন অথবা সেবা প্রদানের অধিকার, সেটি একচেটিয়া (exclusive) হোক বা না হোক;

(গগ) **"মন্ত্রী"** (minister) অর্থ অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী;

(ঘঘ) **"খনিজ সম্পদ"** (minerals) অর্থে তেল, গ্যাস এবং হাইড্রোকার্বন অন্তর্ভুক্ত হইবে;

(ঙঙ) **"নোটিশ"** (notice) অর্থ লিখিত মাধ্যমে কোন যোগাযোগ;

(চচ) **"রায়ের নোটিশ"** (notice of judgment) অর্থ এই আইনের অধীনে রেজিস্ট্রেশন কার্যকর করিবার নিমিত্তে নির্ধারিত ফর্মে উল্লিখিত উপাত্ত যাহা রেজিস্ট্রি কর্তৃক রেজিস্ট্রেশন করা আবশ্যক;

(ছছ) **“উত্তোলনযোগ্য খনিজ সম্পদ”** (minerals to be extracted) অর্থ খনিজ সম্পদ যাহা কোন হস্তান্তর কিংবা বিক্রয় চুক্তির অধীনে উত্তোলন এবং স্থানান্তরযোগ্য;

(জজ) **“মহাজন”** (money lender) অর্থ the Money Lenders Act, 1940 এ প্রদত্ত সংজ্ঞার অনুরূপ;

(ঝঝ) **“অস্থাবর সম্পত্তি”** (movable property) অর্থে পণ্যদ্রব্য, কোন স্বত্ব দলিল, সিকিউরিটি, দলিল, অথবা কোন স্পর্শাতীত সম্পত্তিকে অন্তর্ভুক্ত করিবে;

(ঞঞ) **“অমধ্যবর্তী সিকিউরিটি”** (non-intermediated securities) অর্থ সিকিউরিটিজ হিসাবে জমাকৃত সিকিউরিটি এবং সিকিউরিটিজ হিসাবে সিকিউরিটি জমা করিবার ফলে উক্ত সিকিউরিটির উপর অধিকার ব্যতীত অন্য কোন সিকিউরিটি;

(টট) **“জামিনদার”** (obligor) অর্থ

(অ) কোন ব্যক্তি যিনি জামানতের মালিক বা যাহার জামানতের উপর অধিকার রহিয়াছে, তিনি দেনাদার হউন বা না হউন;

(আ) কোন ব্যক্তি যিনি কোন ব্যবসায়িক চালানের মাধ্যমে অপর কোন ব্যক্তির নিকট হইতে পণ্য গ্রহণ করেন;

(ই) কিস্তিতে ক্রয় চুক্তি (hire-purchase agreement) এর অধীনে কোন ক্রেতা, এক বছরের অধিক সময়ের জন্য ইজারার অধীনে কোন ইজারা গ্রহীতা অথবা আর্থিক ইজারার অধীনে কোন ইজারাগ্রহীতা;

(ঈ) কোন ক্রেতা যিনি, স্বত্ব বহাল রাখবার অনুচ্ছেদ (retention of the title clause) সাপেক্ষে শর্তসাপেক্ষে বিক্রয় বা বন্দোবস্ত করিবার অধিকার সংরক্ষিত রেখে পণ্য বিক্রয়ের মাধ্যমে কোন পণ্য অর্জন করেন; এবং

(উ) কোন হিসাবের হস্তান্তরকারী;

(ঠঠ) **“দখল”** (possession) অর্থ কোন ব্যক্তি বা তাহার প্রতিনিধি কর্তৃক স্পর্শযোগ্য সম্পত্তির প্রকৃত দখল অথবা কোন নিরপেক্ষ ব্যক্তি কর্তৃক প্রকৃত দখল, যিনি ঐ ব্যক্তির পক্ষে দখলদার হিসেবে স্বীকৃত হন;

(ডড) **“নির্ধারিত”** (prescribed) অর্থ এই আইন কিংবা এই আইনের অধীনে প্রণীত বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত;

(ঢঢ) **“আয়”** (proceeds) অর্থ জামানত সংশ্লিষ্ট প্রাপ্ত সকল কিছু, এবং জামানতের বিক্রয় বা অন্যান্য হস্তান্তর, ইজারা, লাইসেন্স অথবা জামানতের আদায়, দেওয়ানি বা স্বাভাবিক প্রাপ্তি, বীমার আয়, জামানতের কোন ক্রুটি, ক্ষয়ক্ষতি বা লোকসানের ফলে উদ্ভুত দাবী এবং আয় হতে প্রাপ্ত আয়ও এর অন্তর্ভুক্ত হইবে;

(ণণ) **“ক্রয়”** (purchase) অর্থ বিক্রয়, ইজারা, বন্ধক, অস্থাবর বন্ধক (pledge), পূর্বস্বত্ব (lien), দান অথবা অন্য যে কোন সম্মতিসূচক লেনদেন যাহা অস্থাবর সম্পত্তিতে কোন অধিকার সৃষ্টি করে, অন্তর্ভুক্ত হইবে;

(তত) **"ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকার"** (purchase money security right) অর্থ -

(অ) কোন জামানতে গৃহীত বা সংরক্ষিত কোন সিকিউরিটি অধিকার, যাহা উক্ত জামানতের ক্রয়মূল্যের সম্পূর্ণ বা আংশিক পরিশোধ নিশ্চিত করে;

(আ) কোন ব্যক্তি কর্তৃক জামানতের উপর গৃহীত কোন সিকিউরিটি অধিকার, যিনি কোন জামিনদারকে উক্ত জামানতে অধিকার অর্জনে সক্ষম করিবার লক্ষ্যে, ঐরূপ অধিকার অর্জনে যে পরিমাণ মূল্য প্রযোজ্য সেই পরিমাণ মূল্য প্রদান করিয়া থাকেন;

(ই) এক বছরের অধিক মেয়াদী কোন ইজারার অধীন কোন পণ্যের উপর ইজারাদারের স্বার্থ;

(ঈ) কোন চালান প্রেরকের স্বার্থ যিনি কোন বাণিজ্যিক চালানের অধীনে কোন চালান প্রাপকের নিকট পণ্য সরবরাহ করিয়া থাকেন;

কিন্তু বিক্রেতা কর্তৃক বিক্রয় এবং বিক্রেতার নিকট পুনরায় ইজারাপ্রদান (sale by and lease back to seller) সংক্রান্ত কোন লেনদেন ইহার অন্তর্ভুক্ত হইবে না;

(থথ) **"রিসিভার"** (receiver) অর্থ এই আইনের ৯০ ধারার অধীনে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তিকে অন্তর্ভুক্ত করিবে;

(দদ) **"রেজিস্ট্রার"** (registrar) অর্থ অত্র আইনের ২৩ ধারার অধীনে নিয়োগপ্রাপ্ত কোন রেজিস্ট্রার;

(ধধ) **"রেজিস্ট্রি"** (registry) অর্থ অস্থাবর সম্পত্তিতে সিকিউরিটি অধিকারের রেজিস্ট্রি;

(নন) **"সিকিউরিটিজ"** (securities) অর্থ

(অ) ইস্যুকারীর কোন সিকিউরিটি দায় অথবা ইস্যুকারীর কোন শেয়ার অথবা ইস্যুকারীর কোন উদ্যোগে সাদৃশ্যমূলক অংশগ্রহণের অধিকার যাহা -

(১) কোন শ্রেণি বা সিরিজের একটি অংশ, অথবা ইহার শর্তানুসারে বিভিন্ন শ্রেণি বা সিরিজে বিভাজনযোগ্য;

(২) কোন নির্দিষ্ট ধরণের যাহা কোন স্বীকৃত বাজারে লেনদেন অথবা বেচাকেনা হইয়া থাকে, অথবা বিনিয়োগের একটি মাধ্যম হিসেবে ইস্যু করা হইয়া থাকে;

(আ) কোন অতিরিক্ত অধিকার যাহা সিকিউরিটিজ হিসেবে গণ্য হওয়া উচিৎ, যদিও তাহা উপ-ধারা (অ)(১) এবং (অ)(২) এ উল্লেখিত শর্তসমূহ সন্তোষজনকভাবে পূরণ করিতে পারে নাই।

(পপ) **"সিকিউরিটিজ হিসাব"** (securities account) অর্থ কোন হিসাব যাহাতে কোন চুক্তি অনুসারে কোন সিকিউরিটি জমা রাখা হয় বা হতে পারে এবং সে চুক্তির অধীনে হিসাব রক্ষণাবেক্ষণকারী ব্যক্তি, যে ব্যক্তির জন্য উক্ত হিসাব পরিচালিত হয়, তাহাকে উক্ত সিকিউরিটিতে নিহিত অধিকার প্রয়োগে ক্ষমতাপ্রাপ্ত হিসেবে বিবেচনা করিতে অঙ্গীকার করে।

(ফফ) **"সিকিউরড পক্ষ"** (secured party) অর্থ -

(অ) কোন ব্যক্তি যিনি তাহার নিজের লাভের জন্য কোন সিকিউরিটি অধিকার ধারণ করেন;

(আ) কোন ব্যক্তি যিনি অন্য কোন ব্যক্তির লাভের জন্য কোন সিকিউরিটি অধিকার ধারণ করেন;

(ই) কোন ট্রাস্টি, যদি কোন ট্রাস্ট চুক্তিনামায় কোন সিকিউরিটি অধিকার অন্তর্ভূক্ত থাকে;

(ঈ) যে ক্ষেত্রে প্রাসঙ্গিকতা অনুরূপ স্বীকৃতি দেয় সেক্ষেত্রে একজন রিসিভারও ইহার অন্তর্ভূক্ত হইবেন;

(বব) **"সিকিউরিটি চুক্তি"** (security agreement) অর্থ কোন চুক্তিপত্র যাহা কোন সিকিউরিটি অধিকার সৃষ্টি অথবা প্রদান করে এবং কোন সিকিউরিটি অধিকারের সাক্ষ্য বহনকারী কোন দলিলও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ভভ) **"সিকিউরড দায়"** (secured obligation) অর্থ কোন সিকিউরিটি অধিকার দ্বারা সুরক্ষিত কোন দায়;

(মম) **"সিকিউরিটি অধিকার"** (security right) অর্থ অস্থাবর সম্পত্তিতে বা সংযুতিতে কোন স্বার্থ যাহা কোন দায়ের কার্যসম্পাদন বা পরিশোধ নিশ্চিত করিয়া থাকে এবং দায়ের কার্যসম্পাদন বা পরিশোধ নিশ্চিত করা হউক বা না হউক, নিম্নোক্ত ব্যক্তিবর্গের স্বার্থ অন্তর্ভুক্ত করে -

(অ) এক বছরের অধিক সময়ের কোন ইজারার অধীন কোন ইজারাদার; এবং

(আ) কোন হিসাবের হস্তান্তর গ্রহীতা।

(যয) **"ক্রমিক নম্বর"** (serial number) অর্থ কোন চেসিস অথবা দেহকাঠামোতে অবস্থিত কোন ক্রমিক নম্বর;

(রর) **"ক্রমিক চিহ্নিত পণ্য"** (serial numbered goods) অর্থ Motor Vehicles Ordinance, 1983 এ সংজ্ঞায়িত মোটরযানসহ যে কোন যানবাহন যাহাতে অথবা যাহার উপর প্রস্তুতকারক কর্তৃক কোন ক্রমিক নম্বর স্থায়ীভাবে চিহ্নিত বা সংযুক্ত থাকে এবং বিধি দ্বারা নির্ধারিত কোন অস্থাবর সম্পত্তিও ইহার অন্তর্ভুক্ত হইতে পারে;

(লল) **"কর্তন উপযোগী কাষ্ঠল উদ্ভিদ"** (timber to be cut) অর্থ কোন দন্ডায়মান কাষ্ঠল উদ্ভিদ যাহা কোন হস্তান্তর দলিল অথবা বিক্রয়চুক্তির অধীনে কর্তনের অথবা অপসারণের উপযোগী;

(শশ) **"ট্রাস্ট চুক্তিনামা"** (trust indenture) অর্থ কোন সিকিউরিটি চুক্তি যাহার শর্তানুসারে কোন বিধিসংবদ্ধ প্রতিষ্ঠান, যাহা মূলধনসহ কিংবা মূলধন ব্যতীত হউক এবং যেখানেই বা যেভাবেই নিগমবদ্ধিত হউক না কেন, ঋণদায়সমূহ (debt obligations) ইস্যু করে বা গ্যারান্টি দেয়, কিংবা ঋণদায়সমূহ (debt obligations) ইস্যু করা বা গ্যারান্টি দেবার বন্দোবস্ত করে, এবং উক্ত ইস্যুকৃত, গ্যারান্টিকৃত বা বন্দোবস্তকৃত ঋণদায়সমূহের ধারকদের জন্য একজন ব্যক্তিকে ট্রাস্টি হিসেবে নিয়োগ দান করে;

(সস) **"অনিবন্ধীকৃত সিকিউরিটি"** (uncertificated security) অর্থ এমন কোন সিকিউরিটি যাহা কোন সার্টিফিকেট দ্বারা উপস্থাপিত নয়;

(ষষ) **"মূল্য"** (value) অর্থ কোন পণ যাহা কোন চুক্তির সমর্থনে পর্যাপ্ত এবং কোন পূর্ববর্তী ঋণ বা দায় ইহার অন্তর্ভুক্ত হইবে এবং তদানুসারে,**"নতুন মূল্য"** (new value) অর্থ কোন পূর্ববর্তী ঋণ বা দায় ব্যতীত অন্য কোন মূল্য;

(হহ) **"লিখন"** (writing) অর্থে ইলেকট্রনিক যোগাযোগ অন্তর্ভুক্ত হইবে, যদি উক্ত যোগাযোগে অন্তর্ভুক্ত তথ্যে অভিগম্যতা (accessibility) থাকে এবং যাহা পরবর্তীতে সূত্র (reference) হিসেবে ব্যবহার করা যায়;

(২) এই আইনে ভিন্নরূপ বিধান না থাকা সাপেক্ষে কোন পণ্য "ভোগ্যপণ্য" "দ্রব্য-তালিকা" বা "সরঞ্জামাদি" কিনা তাহা নির্ধারণ করা হইবে তখনই, যখন সিকিউরিটি অধিকার সৃষ্টি হয়, এবং এক্ষেত্রে সিকিউরড পক্ষ জামিনদারের উপস্থাপনার উপর নির্ভর করিতে পারে।

(৩) আয় অনুসন্ধানযোগ্য (traceable), যদিও কোন ব্যক্তি, যাহার উক্ত আয়ের উপর ধারা ৪১ এর বিধান অনুসারে সিকিউরিটি অধিকার রহিয়াছে, এবং কোন ব্যক্তি, যাহার উক্ত আয়ের উপর অধিকার রহিয়াছে কিংবা উক্ত আয় নিয়ে সেই ব্যক্তি কারবার করেন, তাহাদের মধ্যে আস্থার সম্পর্ক থাকুক বা না থাকুক।

দ্বিতীয় অধ্যায়

আইনের প্রয়োগ এবং আইনের বিরোধ

৩। আইনের প্রাধাণ্য – আপাততঃ বলবত অন্য কোন আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী প্রাধান্য পাইবে।

৪। আইনের প্রয়োগ – (১) ধারা ৫ এর বিধান সাপেক্ষে, এই আইন প্রয়োগ হইবে –

(ক) প্রত্যেক চুক্তির ক্ষেত্রে, যাহা চুক্তির প্রকার, সম্পত্তির ধরণ কিংবা জামানতের স্বত্বধীন ব্যক্তি নির্বিশেষে সিকিউরিটি অধিকার সৃষ্টি করে এবং কোন বন্ধক, শর্তসাপেক্ষে বিক্রয়, ডিবেঞ্চার, হাইপোথিকেশন, অস্থাবর বন্ধক, ফিক্সড চার্জ, ফ্লোটিং চার্জ, সরঞ্জাম ট্রাস্ট, ট্রাস্ট চুক্তিনামা বা ট্রাস্ট রসিদও ইহার অন্তর্ভুক্ত হইবে।

(খ) অত্র আইনের অধীন সৃষ্টি, সম্পূর্ণকরণ এবং বলবৎকরণ সংক্রান্ত বিধানাবলী ব্যতীত অন্য কোন আইনে অনুমোদিত বা এর অধীনকোন পূর্বস্বত্ব, চার্জ বা অন্যান্য স্বার্থের ক্ষেত্রে;

(গ) কোন হিসাবের হস্তান্তর বা স্বত্বার্পণ এর ক্ষেত্রে, যদিও এই হস্তান্তর বা স্বত্বার্পণ কোন দায়ের কার্যসম্পাদন বা পরিশোধ নিশ্চিত নাও করিতে পারে;

(ঘ) এক বৎসরের অধিক মেয়াদী কোন ইজারার ক্ষেত্রে;

(২) আপাততঃ বলবত অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইন আরো প্রয়োগ হইবে –

(ক) কোন বার্ষিক-ভাতা বা বীমা পলিসি চুক্তির অধীনে বা মধ্যকার কোন স্বার্থ বা দাবী সৃষ্টি বা হস্তান্তর, এবং জামানতের কোন ক্ষয়ক্ষতি বা লোকসান হতে উদ্ভূত ক্ষতিপূরণ বা ক্ষতিপূরণের নিশ্চয়তা হিসেবে কোন বীমা পলিসির অধীনে পরিশোধযোগ্য অর্থ বা অন্য কোন মূল্যের অধিকারের হস্তান্তরের ক্ষেত্রে;

(খ) the Money Lenders Act, 1940 এর অধীন কোন লেনদেনের ক্ষেত্রে; এবং

(গ) the Motor Vehicles Ordinance, 1983 এর অধীনে রেজিস্ট্রিকৃত কোন পণ্যের উপর জামিনদারের স্বার্থ হস্তান্তরের ক্ষেত্রে;

৫। আইনের প্রয়োগ হইতে অব্যাহতি সমূহ – (১) এই আইনে ভিন্নতর কিছু না থাকিলে, ইহা প্রযোজ্য হইবে না -

(ক) পেশাগত সেবার ফি ব্যতীত, বর্তমান বা ভবিষ্যৎ মজুরী, বেতন, বেতনাদি বা কমিশন বা অন্য কোন প্রকার শ্রম বা ব্যক্তিগত সেবার জন্য পারিশ্রমিকের উপর কোন স্বার্থ সৃষ্টি বা হস্তান্তরের ক্ষেত্রে;

(খ) কোন বন্ধক, চার্জ বা ইজারার অধীন পরিশোধের অধিকারের স্বত্বার্পণ ব্যতীত, কোন স্থাবর সম্পত্তির উপর কোন স্বার্থ সৃষ্টি বা হস্তান্তরের ক্ষেত্রে, যেখানে উক্ত সম্পত্তির উপর বন্ধক, চার্জ বা ইজারাও এর অন্তর্ভুক্ত হইবে;

(গ) হিসাব বিক্রয় অথবা যে ব্যবসা হইতে উদ্ভুত হইয়াছে সেই ব্যবসা বিক্রয়ের অংশ হিসেবে পণ্য বিক্রয়ের ক্ষেত্রে, তবে যে ক্ষেত্রে বিক্রয়ের পরও বিক্রেতা ব্যবসার নিয়ন্ত্রণে থাকে উহা ব্যতীত;

(ঘ) হিসাবসমূহ হস্তান্তরের ক্ষেত্রে, যা কেবলমাত্র হস্তান্তরকারীর হিসাবসমূহ সংগ্রহ সহজীকরণের উদ্দেশ্যে করা হইয়াছে;

(ঙ) মধ্যবর্তী সিকিউরিটিজের ক্ষেত্রে;

(চ) জামিনদার কর্তৃক ধারণকৃত এবং the Chittagong Port Authority Ordinance, 1976, the Mongla Port Authority Act, 1976, Bangladesh Merchant Shipping Ordinance, 1983, পায়রা বন্দর কর্তৃপক্ষ আইন, ২০১৩, এবং বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭ এর অধীনে নিবন্ধিত পণ্যের স্বার্থ হস্তান্তরের ক্ষেত্রে;

(ছ) আদালত কর্তৃক জারীকৃত নির্দেশবলে জব্দকরণ হইতে আইনতঃ অব্যাহতিপ্রাপ্ত সম্পত্তির ক্ষেত্রে।

(২) অত্র আইনের কোন কিছুই ব্যক্তিগত, পারিবারিক বা পরিজনবর্গ সংক্রান্ত লেনদেনের পক্ষসমূহের সুরক্ষা প্রদানকারী কোন আইনের অধীনে সিকিউরড পক্ষ এবং হিসাব দেনাদারের অধিকার এবং দায়সমূহকে প্রভাবিত করিবে না।

৬। **সাধারণ আচরণ মানদন্ড** – (১) একজন ব্যক্তি অবশ্যই সরল বিশ্বাসে এবং বাণিজ্যিকভাবে যুক্তিসঙ্গত পন্থায় অত্র আইনের অধীন তার অধিকার এবং দায়িত্ব পালন করিবেন।

(২) অত্র আইনের উদ্দেশ্য পূরণকল্পে, **"বাণিজ্যিকভাবে যুক্তিসঙ্গত"** বলিতে বিরাজমান পরিস্থিতিতে যুক্তিসঙ্গত বলে বিবেচিত এরূপ শর্তাবলিতে জামানত হস্তান্তর করিবার পদ্ধতি গ্রহণকে অন্তর্ভুক্ত করিবে, যাহার মাধ্যমে বিরাজমান পরিস্থিতিতে সর্বোচ্চ বাজারমূল্য সংগ্রহ করা যায়।

৭। **সম্পূর্ণতা) Perfection (অর্জন**– কোন সিকিউরিটি অধিকারের সম্পূর্ণতা তখনই অর্জিত হইবে যখন-

(ক) ইহা এই আইনের চতুর্থ অধ্যায় অনুযায়ী সৃষ্টি (attach) করা হয়; এবং

(খ) সংঘটনের ক্রমধারা নির্বিশেষে, সম্পূর্ণতা অর্জনের জন্য এই আইনে প্রদত্ত ধাপগুলো পরিপূর্ণ হয়।

৮। **আইনের বিরোধের সাধারণ বিধিমালা** – (১) ধারা ৯ সাপেক্ষে,

(ক) কোন পণ্যের উপর সিকিউরিটি অধিকার; বা

(খ) কোন দলিল, স্বত্ব দলিল বা অর্থের উপর দখলি সিকিউরিটি অধিকার;

এর বৈধতা, সম্পূর্ণতা এবংসম্পূর্ণতা ও অসম্পূর্ণতার ফলাফল নিয়ন্ত্রিত হইবে উক্ত সিকিউরিটি অধিকার সৃষ্টি (attach) হইবার সময় সংশ্লিষ্ট জামানত যে অধিক্ষেত্রে (jurisdiction) অবস্থিত ছিল, সেই অধিক্ষেত্রের জন্য প্রযোজ্য আইন দ্বারা।

(২) কোন পণ্যের সিকিউরিটি অধিকার যাহা, পণ্যটি সিকিউরিটি অধিকার সৃষ্টি হইবার সময় যে অধিক্ষেত্রে অবস্থিত ছিল সেই অধিক্ষেত্রের আইনের অধীনে এবং বাংলাদেশে আসিবার পূর্বেই সম্পূর্ণকৃত (perfected) হইয়াছে, উহা বাংলাদেশেও সম্পূর্ণকৃত হিসেবে অব্যাহত থাকিবে যদি উহা বাংলাদেশে সম্পূর্ণকৃত করা হয় -

(ক) পণ্যসমূহ বাংলাদেশে আনিবার দিন হইতে অনধিক ৩০ (ত্রিশ) দিনের ভিতর;

(খ) পণ্যসমূহ বাংলাদেশে আনিবার বিষয়ে সিকিউরড পক্ষের জ্ঞান লাভেরদিন হইতে অনধিক ৫ (পাঁচ) দিনের ভিতর; অথবা

(গ) পণ্যটি সিকিউরিটি অধিকার সৃষ্টি হইবার সময় যে অধিক্ষেত্রে অবস্থিত ছিল সেই অধিক্ষেত্রের আইনের অধীনে সম্পূর্ণতার অবসান হইবার পূর্বে;

ইহার মধ্যে যাহা সর্বাগ্রে সংঘটিত হয়, তবে এই সিকিউরিটি অধিকার পণ্যের কোন বিক্রেতা বা ইজারাগ্রহীতার স্বার্থের অধস্তন হইবে, যে স্বার্থ অর্জিত হইয়াছে উক্ত সিকিউরিটি অধিকারের বিষয়ে কোন জ্ঞান ছাড়া এবং ধারা ৩৯ ও ৪০ এর অধীনে বাংলাদেশে উহা সম্পূর্ণকৃত হইবার পূর্বে।

(৩) ধারা ৯ সাপেক্ষে, উপধারা (১) এ বর্ণিত সিকিউরিটি অধিকারের অগ্রগণ্যতা নির্ধারিত হইবে সেই অধিক্ষেত্রের প্রযোজ্য আইন দ্বারা যেখানে জামানতটি অবস্থিত ছিল।

(৪) উপধারা (২) এ বর্ণিত পন্থায় কোন সিকিউরিটি অধিকার যদি সম্পূর্ণকৃত না করা যায়, তাহা এই আইনের অধীনে অন্য কোন পন্থায় সম্পূর্ণকৃত করা যাইতে পারে।

৯। **স্পর্শাগম্য বা গতিশীল পণ্য সংক্রান্ত বিষয়ে আইনের বিরোধ** -(১) এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, একজন জামিনদারের অবস্থান হইবে -

(ক) যদি জামিনদারের কোন ব্যবসা থাকে, সেক্ষেত্রে উক্ত ব্যবসার স্থল;

(খ) যদি জামিনদারের একাধিক ব্যবসা থাকে, সেক্ষেত্রে জামিনদারের ব্যবসা নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা কার্যালয়; এবং

(গ) যদি জামিনদারের কোন ব্যবসা না থাকে, সেক্ষেত্রে তাহার প্রধান আবাসস্থল;

(২) কোন সিকিউরিটি অধিকারের বৈধতা, সম্পূর্ণতা এবং সম্পূর্ণতা ও অসম্পূর্ণতার ফলাফল -

(অ) কোন স্পর্শাতীত পণ্যের ক্ষেত্রে, অথবা

(আ) এমন ধরণের পণ্যের ক্ষেত্রে, যাহা সাধারণত একাধিক অধিক্ষেত্রে ব্যবহৃত হইয়া থাকে,

সেই অধিক্ষেত্রের আইন এবং উক্ত আইনের বিরোধ সংক্রান্ত বিধি দ্বারা নিয়ন্ত্রিত হইবে, যেখানে সিকিউরিটি অধিকার সৃষ্টি হইবার সময় উক্ত জামিনদার অবস্থান করিতেছিলেন।

(৩) উপধারা (২) এ যাহাই থাকুক না কেন, খনিজ সম্পদে বা মাইনহেডে কোন খনিজ সম্পদ বিক্রয়ের ফলে উদ্ভুত হিসেবে সিকিউরিটি অধিকারের বৈধতা, সম্পূর্ণতা এবং সম্পূর্ণতা ও অসম্পূর্ণতার ফলাফল, যাহা -

(অ) উক্ত খনিজ সম্পদ উত্তোলনের পূর্বে সম্পাদিত কোন সিকিউরিটি চুক্তিতে প্রদত্ত হইয়াছিল,

(আ) উত্তোলনের পর খনিজ সম্পদে সৃষ্টি (attach) হয়েছিল, অথবা, খনিজ সম্পদের বিক্রয়ের পর কোন হিসেবে সৃষ্টি হইয়াছিল,

সেই অধিক্ষেত্রের আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে, যেখানে উক্ত মাইনহেড অবস্থিত।

(৪) উপধারা (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, মাইনহেড বলিতে কূপের মাথা অন্তর্ভুক্ত হইবে।

(৫) উপধারা (২) এ যাহা কিছুই থাকুক না কেন, স্থাবর সম্পত্তির ইজারা বা বিক্রয় হতে উদ্ভূত হিসাব অথবা কোন স্থাবর সম্পত্তি দ্বারা জামানতকৃত (secured) কোন হিসাবের উপর সিকিউরিটি অধিকারের ক্ষেত্রে, স্থাবর সম্পত্তির রেজিস্ট্রিতে রেজিস্ট্রিযোগ্য কোন প্রতিযোগী দাবীদারের অধিকারের বিপরীতে উক্ত হিসাবের উপর সিকিউরিটি অধিকারের অগ্রগণ্যতায় প্রযোজ্য আইন হইবে সেই রাষ্ট্রের আইন যাহার কর্তৃত্বে উক্ত স্থাবর সম্পত্তির রেজিস্ট্রি পরিচালিত হয়।

১০। মেধাসম্পদে সিকিউরিটি অধিকার সংক্রান্ত আইনের বিরোধ- মেধাসম্পদে কোন সিকিউরিটি অধিকারের বৈধতা, সম্পূর্ণতা এবং সম্পূর্ণতা ও অসম্পূর্ণতার ফলাফল, অগ্রগণ্যতা উক্ত মেধাসম্পদটি যে অধিক্ষেত্রের আইন দ্বারা সুরক্ষিত, সেই অধিক্ষেত্রের আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

১১। ব্যাংক হিসাবে জমাকৃত তহবিলের পরিশোধ সংক্রান্ত আইনের বিরোধ - ব্যাংক হিসাবে জমাকৃত তহবিলের পরিশোধের উপর সিকিউরিটি অধিকারের বৈধতা, সম্পূর্ণতা এবং সম্পূর্ণতা ও অসম্পূর্ণতার ফলাফল, অগ্রগণ্যতা এবং ডিপোজিট-গ্রহণকারী প্রতিষ্ঠান ও সিকিউরড পক্ষের মধ্যকার অধিকার এবং দায়, যে অধিক্ষেত্রে উক্ত হিসাব পরিচালনাকারী ডিপোজিট-গ্রহণকারী প্রতিষ্ঠানের ব্যবসার স্থল রহিয়াছে সেই অধিক্ষেত্রের আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে, এবং যদি উহার একাধিক অধিক্ষেত্রে ব্যবসার স্থল থাকে, তাহলে উক্ত হিসাব পরিচালনাকারী অফিস যেখানে অবস্থিত সেই অধিক্ষেত্রের আইনে নিয়ন্ত্রিত হইবে।

১২। অমধ্যবর্তী- সিকিউরিটিজে সিকিউরিটি অধিকার সংক্রান্ত আইনের বিরোধ -(১) উপধারা (২) এর বিধান সাপেক্ষে,

(ক) নিবন্ধীকৃত অ-মধ্যবর্তী সিকিউরিটিজে সিকিউরিটি অধিকারের সৃষ্টি, সম্পূর্ণতা এবং অগ্রগণ্যতায় প্রযোজ্য আইন হইবে সেই রাষ্ট্রের আইন যেখানে সংশ্লিষ্ট সার্টিফিকেটের অবস্থান রহিয়াছে; এবং

(খ) নিবন্ধীকৃত অ-মধ্যবর্তী সিকিউরিটিজে সিকিউরিটি অধিকারের বলবতকরণের ক্ষেত্রে যেখানে উক্ত বলবতকরণ সংঘটিত হইবে সেই রাষ্ট্রের আইন প্রযোজ্য হইবে;

(২) ইস্যুকারীর বিপরীতে নিবন্ধীকৃত অ-মধ্যবর্তী সিকিউরিটিজে সিকিউরিটি অধিকারের কার্যকারিতার ক্ষেত্রে প্রযোজ্য আইন হইবে সেই রাষ্ট্রের আইন যেখানে উক্ত ইস্যুকারী গঠিত হইয়াছে;

(৩) অনিবন্ধীকৃত অ-মধ্যবর্তী সিকিউরিটিজে সিকিউরিটি অধিকারের সৃষ্টি, সম্পূর্ণতা, অগ্রগণ্যতা এবং বলবতকরণে এবং ইস্যুকারীর বিপরীতে ইহার কার্যকারিতার ক্ষেত্রে প্রযোজ্য আইন হইবে সেই রাষ্ট্রের আইন যেখানে উক্ত ইস্যুকারী গঠিত হইয়াছে;

১৩। সিকিউরড পক্ষের অধিকার বলবতকরণ সংক্রান্ত আইনের বিরোধ - (১) ধারা ৮, ৯, ১০, ১১ এবং ১২ এর বিধানাবলী সত্ত্বেও -

(ক) জামানতের বিপরীতে সিকিউরড পক্ষের অধিকার বলবতকরণে জড়িত পদ্ধতিগত বিষয়গুলো, যে অধিক্ষেত্রে বলবতকরণ অধিকার প্রয়োগ করা হইয়াছে উহার আইন দ্বারা পরিচালিত হইবে; এবং,

(খ) জামানতের বিপরীতে সিকিউরড পক্ষের অধিকার বলবতকরণে জড়িত মৌলিক বিষয়গুলো, সিকিউরড পক্ষ এবং জামিনদারের মধ্যকার চুক্তির যথাযোগ্য আইন দ্বারা পরিচালিত হইবে।

তৃতীয় অধ্যায়

সিকিউরড ট্রানজ্যাকশন কর্তৃপক্ষ

১৪। সিকিউরড ট্রানজ্যাকশন রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা - (১) সিকিউরড ট্রানজ্যাকশন রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ নামে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হইবে।

(২) কর্তৃপক্ষ উপধারা (১) এ আরোপিত নামে একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং উহার চিরস্থায়ী ধারাবাহিকতা এবং একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং উহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

১৫। কর্তৃপক্ষের উদ্দেশ্য -এই কর্তৃপক্ষের উদ্দেশ্য হইবে, অত্র আইনের বিধানাবলী পালন করা সাপেক্ষে, অস্থাবর সম্পত্তিতে সিকিউরড ট্রানজ্যাকশন সহজতর করিবার মাধ্যমে জাতীয় অর্থনীতির স্বার্থোন্নয়ন করা।

১৬। কর্তৃপক্ষের ব্যবস্থাপনা - (১) কর্তৃপক্ষের কার্যাবলীর প্রশাসন ও ব্যবস্থাপনা নিম্নোক্ত সদস্যদের সমন্বয়ে গঠিত বোর্ডের উপর ন্যস্ত থাকিবে-

(ক) বাংলাদেশ ব্যাংকের গভর্নর অথবা তাহার প্রতিনিধি হিসেবে নিযুক্ত কোন ব্যক্তি, যিনি পদাধিকার বলে বোর্ডের চেয়ারম্যান হইবেন;

(খ) অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব অথবা তাঁহার প্রতিনিধি হিসেবে নিযুক্ত কোন ব্যক্তি;

(গ) এই আইনের ধারা ২৩ এর অধীনে নিযুক্ত কর্তৃপক্ষের রেজিস্ট্রার;

(ঘ) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর চেয়ারম্যান অথবা তাঁহার প্রতিনিধি হিসেবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ঙ) রেজিস্ট্রার অফ জয়েন্ট-স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস এর রেজিস্ট্রার অথবা তাঁহার প্রতিনিধি হিসেবে নিযুক্ত কোন ব্যক্তি; এবং

(চ) মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি এর চেয়ারম্যান অথবা তাঁহার প্রতিনিধি হিসেবে নিযুক্ত কোন ব্যক্তি।

(২) বোর্ডের সচিব হইবেন রেজিস্ট্রার এবং তিনি বোর্ডের সকল সভার যাবতীয় কার্যবিবরণী সংরক্ষণের দায়িত্বে থাকিবেন।

১৭। বোর্ডের কার্যাবলী এবং দায়িত্বসমূহ- বোর্ডের কার্যাবলী ও দায়িত্বসমূহে অন্তর্ভুক্ত হইবে -

(১) এই আইনের ৭ম অধ্যায়ের অধীনে বর্ণিত অস্থাবর সম্পত্তির সিকিউরিটি অধিকারের রেজিস্ট্রেশন;

(২) রায় বা ডিক্রি বলে পাওনাদার (judgment creditor) এর অধিকারসমূহ রেজিস্ট্রেশন;

(৩) বোর্ড কর্তৃক নির্ধারিত উপায়ে উক্ত কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত রেজিস্ট্রেশন পদ্ধতি সংক্রান্ত নীতিমালা নির্ধারণ;

(৪) এই আইনের বিধানাবলী সাপেক্ষে, কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সেবার পরিবর্তে ফি অথবা আদায়যোগ্য অন্য কোন মাশুল (charge) নির্ধারণ; এবং

(৫) এই আইন দ্বারা বা ইহার অধীনে বোর্ডের উপর সুনির্দিষ্টভাবে আরোপিত এইরূপ কাজকর্ম ও দায়দায়িত্ব পালন এবং সম্পাদন।

১৮। **বোর্ডের অনন্য ক্ষমতাবলী** - এই আইনের ধারা ১৭ কর্তৃক আরোপিত যাবতীয় কর্তব্য ও কার্যাবলী কার্যকরভাবে পালন ও সম্পাদনের জন্যে এবং ইহার উদ্দেশ্য অর্জনের উদ্দেশ্যে প্রয়োজনীয় বা যথাযথ হইতে পারে এমন সকল ক্ষমতা বোর্ড প্রয়োগ করিবে।

১৯। **সভাসমূহ** - (১) বোর্ড প্রত্যেক তিনমাসে অন্তত একবার মিলিত হইবে এবং চেয়ারম্যানের সাথে আলোচনা সাপেক্ষে সচিব উক্ত সভার তারিখ, স্থান এবং সময় নির্ধারণ করিবেন, এবং উক্ত সভার তারিখের অন্তত ৭ (সাত) দিন পূর্বে রেজিস্টার্ড ডাক বা অন্য কোন গ্রহণযোগ্য পন্থায় বোর্ডের সদস্যদের নোটিশ প্রেরণ করিতে হইবে, তবে জরুরী সভার ক্ষেত্রে ৩ (তিন) দিন পূর্বে নোটিশ প্রেরণ করা হইবে।

(২) চেয়ারম্যান বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন। কোন সভায় চেয়ারম্যানের অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যগণ নিজেদের মধ্য থেকে একজনকে উক্ত সভায় সভাপতিত্ব করিবার জন্য নির্বাচিত করিবেন।

(৩) বোর্ডের যে কোন সভার কোরাম হইবে ৪ (চার) জন সদস্যে এবং বোর্ড ইহার সভা পরিচালনা এবং উক্ত সভাসমূহের কার্যক্রম পরিচালনার পদ্ধতি নিয়ন্ত্রণ করিবে।

(৪) বোর্ডের কোন সভায় সিদ্ধান্তের উদ্দেশ্যে সকল প্রশ্ন সভায় উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে নির্ধারিত হইবে। ভোটের সমতার ক্ষেত্রে, চেয়ারম্যান অথবা সভায় সভাপতিত্বকারী সদস্য নির্ণায়ক ভোট প্রদান করিবেন।

(৫) বোর্ডের কোন ব্যবস্থা, কার্যক্রম বা সিদ্ধান্ত, কেবলমাত্র সদস্যবর্গের কোন পদশূন্যতা অথবা সভায় কোন সদস্যের প্রতিনিধিত্বের জন্য মনোনিত ব্যক্তির মনোনয়নে ত্রুটি থাকার দরুণ বাতিল হইবে না।

২০। **কর্তৃপক্ষের সীলমোহর** - (১) কর্তৃপক্ষের সীলমোহর বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে এবং বোর্ড কর্তৃক নির্ধারিত পন্থায় পরিবর্তন করা যাইবে।

(২) সীলমোহরটি বোর্ড সচিবের হেফাজতে থাকিবে যিনি, বোর্ডের সীলমোহর সংযুক্ত যাবতীয় কাগজপত্র ও দলিলাদির একটি রেজিস্টার রক্ষণাবেক্ষণ করিবেন।

২১। **কর্তৃপক্ষের তহবিল ও ব্যয়** - (১) কর্তৃপক্ষের একটি নিজস্ব তহবিল এবং নিজ নামে ব্যাংক হিসাব থাকিবে।

(২) কর্তৃপক্ষের তহবিলে জমা রাখা হইবে-

(ক) কর্তৃপক্ষের ব্যবহারের জন্য জাতীয় সংসদ কর্তৃক সময়ে সময়ে ভোট দ্বারা নির্ধারিত যাবতীয় অর্থের পরিমাণ;

(খ) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সেবায় আরোপিত ফি বা মাশুল (charge) হিসেবে প্রাপ্ত যাবতীয় অর্থ;

(গ) সরকারের পূর্বানুমোদন সাপেক্ষে, কোন বৈদেশিক সরকার, এজেন্সি বা আন্তর্জাতিক সংস্থা হইতে প্রাপ্ত অনুদান।

(৩) এই আইন কর্তৃক বা এর অধীনে বোর্ড কর্তৃক ইহার ক্ষমতা, দায়িত্ব এবং কার্যাবলীর প্রয়োগ, পালন ও সম্পাদনের ক্ষেত্রে যথাযোগ্য (incurred) ব্যয় নির্বাহের জন্য যাবতীয় অর্থ কর্তৃপক্ষের তহবিল থেকে পরিশোধ করা হইবে।

(৪) কোন আদালতে কর্তৃপক্ষ কর্তৃক বা কর্তৃপক্ষের বিরূদ্ধে আনীত কোন মামলা বা আইনী ব্যবস্থায় যথাযোগ্য যাবতীয় খরচ কর্তৃপক্ষের তহবিল হইতে পরিশোধিত হইবে এবং এইরূপ কোন মামলা বা অভিযোগে কর্তৃপক্ষের নিকট পরিশোধিত বা কর্তৃপক্ষ কর্তৃক পুনরূদ্ধারকৃত কোন খরচ, কর্তৃপক্ষের তহবিলে জমা করা হইবে।

(৫) কোন বোর্ড সদস্য, কর্তৃপক্ষের রেজিস্ট্রার বা কর্মকর্তা বা কোন কর্মচারী কর্তৃক, ক্ষেত্রমত অত্র আইনের অধীন অথবা বোর্ড কর্তৃক ইস্যুকৃত কোন নির্দেশনার ভিত্তিতে, কৃত বা অভিপ্রায়কৃত কোন কার্য সংক্রান্ত ব্যাপারে, কোন আদালতে উক্ত ব্যক্তি কর্তৃক বা তাহার বিরূদ্ধে আনীত কোন মামলা অথবা আইনী ব্যবস্থায়, যদি উক্ত কার্য সরল বিশ্বাসে কৃত হইয়াছিল বলিয়া আদালত গণ্য করেন, তাহা হইলে উক্ত মামলা বা আইনী ব্যবস্থায় যথাযোগ্য যাবতীয় খরচ, কর্তৃপক্ষের তহবিল থেকে পরিশোধ করা হইবে যদিনা উক্ত খরচাদি উক্ত মামলায় বা আইনী ব্যবস্থায় উক্ত ব্যক্তি কর্তৃক পুনরূদ্ধার করা হয়।

২২। **অর্থ বৎসর এবং হিসাব নিরীক্ষণ - (১)** কর্তৃপক্ষের অর্থ বৎসর হইবে পঞ্জিকাবর্ষ, অথবা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন বৎসর।

(২) কর্তৃপক্ষের আয়, ব্যয়, সম্পদ, দায় এবং অন্যান্য আর্থিক লেনদেনের যাবতীয় হিসাব বহি বোর্ড সংরক্ষণ করিবেন।

(৩) কর্তৃপক্ষের হিসাব ও হিসাব সংক্রান্ত ক্ষেত্রে, পাবলিক কর্পোরেশনের হিসাব নিরীক্ষণ সংক্রান্ত সংবিধানের ১৩১ অনুচ্ছেদ প্রযোজ্য হইবে।

২৩। **রেজিস্ট্রার - (১)** বোর্ড, সরকারের অনুমোদন সাপেক্ষে, উপযুক্ত যোগ্যতাসম্পন্ন একজন ব্যক্তিকে এই আইনের উদ্দেশ্য সাধনকল্পে রেজিস্ট্রার হিসেবে নিয়োগ প্রদান করিবেন, যিনি কর্তৃপক্ষের প্রধান কার্যনির্বাহী কর্মকর্তা হইবেন।

(২) রেজিস্ট্রার এই আইনের অধীনে আবশ্যকীয় রেজিস্ট্রেশনের সাথে সম্পৃক্ত সকল বিষয়ের সার্বিক তত্ত্বাবধান এবং এই আইনের অধীনে বা কর্তৃক তাহার উপর অর্পিত সকল দায়িত্ব ও কার্যাবলী পালন ও সম্পাদনের জন্য দায়বদ্ধ হইবেন। তিনি কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীদের তত্ত্বাবধান এবং প্রশাসনিক নিয়ন্ত্রণ রাখিবেন।

(৩) বোর্ড, এতদুদ্দেশ্যে নির্ধারিত কারণে, উপধারা (১) এর অধীন নিয়োগপ্রাপ্ত রেজিস্ট্রারকে অপসারণ করিতে পারিবেন।

(৫) রেজিস্ট্রার, বোর্ডের অনুমতি সাপেক্ষে এবং যখন তিনি প্রয়োজন মনে করিবেন, এই আইন কর্তৃক বা ইহার অধীনে তাহার উপর আরোপিত কোন দায়িত্ব অথবা কর্তব্য কর্তৃপক্ষের কোন কর্মকর্তার উপর অর্পণ করিতে পারিবেন এবং উক্ত কর্মকর্তা রেজিস্ট্রারের নিয়ন্ত্রণ ও নির্দেশনা সাপেক্ষে, অর্পিত দায়িত্ব বা কর্তব্য পালন বা সম্পাদন করিবেন।

২৪। **প্রতিষ্ঠানের কর্মচারীবৃন্দ-**–রেজিস্ট্রার (বোর্ডের অনুমোদন সাপেক্ষে) এই আইনের দ্বারা বা অধীন ইহার ক্ষমতা, দায়িত্ব ও কর্তব্য কার্যকরভাবে প্রয়োগ, সম্পাদন ও পালনের জন্য তাহার বিবেচনায় প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা এবং কর্মচারীর একটি কাঠামো গঠন করিবেন এবং বিধি মোতাবেক কর্মকর্তা-কর্মচারী নিয়োগ প্রদান করিতে পারিবেন।

২৫। **রেজিস্ট্রার ও কর্মচারীবৃন্দের পারিশ্রমিক** -রেজিস্ট্রার, এবং কর্তৃপক্ষের অন্যান্য সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে পারিশ্রমিক ও অন্যান্য ভাতা বোর্ড কর্তৃক প্রণীত এবং বিধি দ্বারা নির্ধারিত পন্থায়, হারে এবং চাকুরীর শর্তাবলীর সাপেক্ষে প্রদান করা হইবে।

চতুর্থ অধ্যায়

সিকিউরিটি অধিকারের সৃষ্টি এবং পক্ষগণের অধিকার

২৬। **সিকিউরিটি অধিকারের সৃষ্টি** (১) -প্রবাহমান (ফ্লোটিং) চার্জ রূপে সিকিউরিটি অধিকারসহ যে কোন সিকিউরিটি অধিকার সৃষ্টি হইবে, যখন -

(ক) মূল্য প্রদান করা হইয়াছে;

(খ) জামানতে জামিনদারের অধিকার রহিয়াছে, অথবা জামানতের অধিকার হস্তান্তরের ক্ষমতা রহিয়াছে; এবং

(গ) জামিনদার এমন একটি চুক্তি স্বাক্ষর করিয়াছে যাহাতে জামানতের এরূপ বিবরণ রহিয়াছে যাহা উক্ত জামানত চিহ্নিত করিবার জন্য যথেষ্ট;

(২) কোন সিকিউরিটি অধিকার কোন তৃতীয় পক্ষের উপর বলবতযোগ্য হইবে না, যদি না উহা উপধারা (১) এ বর্ণিত পন্থায় সৃষ্টি করা হইয়া থাকে।

(৩) the Contract Act, 1972 (Act No. IX of 1872) এ যাহা কিছুই থাকুক না কেন, যদি সিকিউরড পক্ষ জামানতের দখলেও থাকে তবুও কোন সিকিউরিটি চুক্তি মৌখিকভাবে সম্পাদনকৃত হইয়াছে বলিয়া ধরিয়া নেওয়া যাইবে না।

২৭। **সিকিউরিটি চুক্তির শর্তাবলী** - একটি সিকিউরিটি চুক্তি অবশ্যই লিখিত হইতে হইবে যাহা জামিনদার কর্তৃক স্বাক্ষরিত হইবে এবং -

(ক) সিকিউরড পক্ষ এবং জামিনদারকে চিহ্নিত করিবে;

(খ) ধারা ৩০ এ উল্লিখিত সিকিউরড দায় বর্ণনা করিবে; এবং

(গ) ধারা ৩০ এ উল্লিখিত জামানতের বর্ণনা করিবে।

২৮। **দায়সমূহ যাহা সুরক্ষিত) secured(হইতে পারে** - একটি সিকিউরিটি অধিকার এক বা একাধিক দায় সুরক্ষিত করিতে পারে যাহা হইতে পারে যে কোন ধরণের, বর্তমান অথবা ভবিষ্যৎ, নির্ধারিত অথবা নির্ধারণযোগ্য, শর্ত সাপেক্ষ অথবা শর্তহীন, নির্দিষ্ট অথবা হ্রাসবৃদ্ধিমান।

২৯। **সম্পদ যাহা জামানত হিসেবে ব্যবহৃত হইতে পারে** - একটি সিকিউরিটি অধিকার দায়ভারগ্রস্থ (encumber) করিবে-

(ক) যে কোন ধরনের অস্থাবর সম্পত্তি;

(খ) অস্থাবর সম্পত্তিতে কোন আংশিক অথবা অবিচ্ছেদ্য অধিকার;

(গ) অস্থাবর সম্পত্তির কোন শ্রেণিবদ্ধ বিভাগ (generic category); এবং

(ঘ) কোন জামিনদারের সকল অস্থাবর সম্পত্তি।

৩০। **জামানত ও সিকিউরড দায়ের বর্ণনা** - (১) সিকিউরিটি চুক্তিতে জামানত অবশ্যই এমনভাবে বর্ণিত হইতে হইবে যাহাতে উহা যুক্তিসঙ্গতভাবে চিহ্নিত করা যায়।

(২) যেই বর্ণনার মাধ্যমে জামিনদারের সকল অস্থাবর সম্পত্তি অথবা একটি জেনেরিক বিভাগের মধ্যে জামিনদারের সকল অস্থাবর সম্পত্তি জামানত হিসেবে যুক্তিসঙ্গতভাবে চিহ্নিত করা যায়।

(৩) যে সর্বোচ্চ পরিমাণের জন্য সিকিউরিটি অধিকার বলবৎ করা যাইবে উহার উল্লেখ সমেত, সিকিউরিটি চুক্তিতে সুনির্দিষ্টভাবে অথবা সামগ্রিকভাবে সিকিউরড দায় বিবৃত করা যাইবে।

৩১। **চুক্তির পর অর্জিত অস্থাবর সম্পত্তির সিকিউরিটি** - কোন সিকিউরিটি চুক্তিতে একটি ভবিষ্যৎ সম্পত্তিতে সিকিউরিটি অধিকার সৃষ্টির বিধান থাকিতে পারে, কিন্তু উক্ত সম্পদে সিকিউরিটি অধিকার কেবল তখনই সৃষ্টি হইবে যখন জামিনদার উহাতে অধিকার অর্জন করিবে অথবা উহাকে দায়ভারগ্রস্থ (encumber) করিবার ক্ষমতা অর্জন করিবে।

৩২। **ভবিষ্যৎ অগ্রীম** –কোন সিকিউরিটি চুক্তিতে ভবিষ্যৎ অগ্রীম সুরক্ষা করিবার বিধান থাকিতে পারিবে।

৩৩। **স্বত্বপ্রাপকের বিরুদ্ধে পক্ষ সমর্থন দাবি না করিবার চুক্তি** -(১) the Contract Act, 1972 (Act No. IX of 1872) এ যাহা কিছুই থাকুক না কেন এবং উপধারা (২) এর বিধান সাপেক্ষে, জামিনদার কর্তৃক স্বত্ব প্রাপকের বিরূদ্ধে কোন দাবি বা পক্ষ সমর্থনের অধিকার যাহা উক্ত জামিনদারের বিক্রেতা অথবা ইজারা দাতার বিরূদ্ধে রহিয়াছে, তাহা উত্থাপন না করিবার কোন চুক্তি স্বত্ব প্রাপক কর্তৃক বলবৎযোগ্য হইবে যদি কোন স্বত্বার্পণ স্বত্ব প্রাপক কর্তৃক মূল্যের বিনিময়ে, সরল বিশ্বাসে এবং নোটিশ ব্যতীত গ্রহণ করা হয়।

(২) the Negotiable Instruments Act, 1881 এর অধীন কোন হস্তান্তরযোগ্য দলিলের যথাযথ ধারক (holder in due course) এর বিরূদ্ধে উপধারা (১) এর অধীন দাবি অথবা পক্ষসমর্থন উত্থাপন করা যাইবে।

৩৪। **the Sale of Goods Act, 1930 এর প্রয়োগ** – যে ক্ষেত্রে কোন বিক্রেতা বিক্রিত পণ্যে ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকার ধারণ (retain)করে -

(ক) the Sale of Goods Act, 1930 সহ বিক্রয় চুক্তি সংক্রান্ত সংশ্লিষ্ট আইন উক্ত বিক্রয় এবং কোন দাবি ত্যাগ, তামাদি অথবা ক্রেতার শর্তাবলী ও নিশ্চয়তাপত্র (Conditions and Warranty) ইত্যাদিকে নিয়ন্ত্রণ করিবে; এবং

(খ) ধারা ৩৩ এ প্রদত্ত বিধান ব্যতীত, কোন বিক্রয়চুক্তির শর্তাবলী ও নিশ্চয়তাপত্র (Conditions and Warranty) কোন সিকিউরিটি চুক্তি দ্বারা প্রভাবিত হইবে না।

৩৫। **সিকিউরড পক্ষ কর্তৃক জামানতের হেফাজত ও সংরক্ষণ** - (১) কোন সিকিউরড পক্ষ তাহার দখলে থাকা জামানতের হেফাজত ও সংরক্ষণের ক্ষেত্রে যুক্তিসঙ্গাত সতর্কতা অবলম্বন করিবেন, এবং ভিন্ন কিছুতে সম্মত না হইয়া থাকিলে, কোন দলিলের ক্ষেত্রে, যুক্তিসঙ্গাত সতর্কতা অর্থে পূর্ববর্তী পক্ষগণের বিপরীতে স্বার্থ সংরক্ষণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণও অন্তর্ভুক্ত হইবে।

(২) ভিন্নকিছুতে সম্মত না হইয়া থাকিলে, জামানত যদি সিকিউরড পক্ষের দখলে থাকে -

(ক) বীমা-খরচ, কর পরিশোধ এবং জামানতের দখল অর্জন ও বজায় রাখা এবং ইহার সংরক্ষণের ক্ষেত্রে বহনকৃত অন্যান্য যাবতীয় মাশুল সহ যুক্তিসঙ্গাত ব্যয়সমূহ জামিনদারের নিকট হইতে আদায়যোগ্য হইবে এবং জামানত দ্বারা সুরক্ষিত হইবে;

(খ) সিকিউরড পক্ষের অবহেলার দরুণ সংঘটনের ক্ষেত্র ব্যতীত, ক্ষতি অথবা মূল্যহ্রাসের ঝুঁকি কোন বীমা কভারেজ এ ঘাটতির পরিমাণ সাপেক্ষে জামিনদারের উপর বর্তাইবে।

(গ) সিকিউরড পক্ষ জামানত হইতে গৃহীত অর্থ ব্যতীত কোন প্রবৃদ্ধি বা মুনাফা অতিরিক্ত সিকিউরিটি হিসেবে ধারণ করিতে পারিবে, এবং উক্ত গৃহীত অর্থ, জামিনদারকে প্রদান করা না হইলে, উহা প্রাপ্তির অনতিবিলম্বেই সিকিউরড দায় হ্রাসের ক্ষেত্রে প্রযোজ্য হইবে;

(ঘ) সিকিউরড পক্ষ জামানতকে এমনভাবে রাখিবেন যেন ইহা শনাক্তযোগ্য হয়, তবে পারস্পরিক বিনিময় যোগ্য (fungible) জামানত মিশ্রিত করা যাইতে পারে; এবং

(ঙ) সিকিউরড পক্ষ জামানতে এমন শর্তে সিকিউরিটি অধিকার সৃষ্টি করিতে পারিবেন যাহা জামিনদারের উহা দায় মোচন (redeem) করিবার অধিকার নষ্ট করে না।

(৩) সিকিউরড পক্ষ এমন কোন ক্ষতি বা লোকসানের জন্য দায়ী হইবেন যাহার কারণ সিকিউরড পক্ষের -

(ক) উপধারা (১) বা (২) এর অধীন আরোপিত কোন দায় প্রতিপালনে ব্যর্থতা, কিন্তু ইহার ফলে সিকিউরড পক্ষ জামানতে সিকিউরিটি অধিকার হারাইবেন না; এবং

(খ) উপধারা (৪) এ অনুমোদিত পন্থা ব্যতীত অন্য কোনভাবে জামানত ব্যবহার।

(৪) সিকিউরড পক্ষ জামানত ব্যবহার করিতে পারিবে -

(ক) সিকিউরিটি চুক্তিতে প্রদত্ত পদ্ধতি ও পরিসীমা অনুযায়ী;

(খ) জামানত বা ইহার মূল্য সংরক্ষণের উদ্দেশ্যে; অথবা

(গ) আদালত কর্তৃক প্রদত্ত কোন আদেশ অনুসারে।

৩৬। **সিকিউরিটি অধিকার সংক্রান্ত তথ্য প্রাপ্তি** - (১) কোন হিসাব স্থানান্তরকারী ব্যতীত কোন ব্যক্তি যিনি একজন জামিনদার, তিনি কর্তৃক প্রেরিত নোটিশ প্রাপ্তির ১৫ (পনেরো) দিন মেয়াদের মধ্যে সিকিউরড পক্ষ কর্তৃক আবেদনে উল্লেখকৃত ঠিকানায় পাঠাইবে -

(ক) বর্তমানে সিকিউরড দায়ের একটি বিবৃতি; এবং

(খ) বর্তমানে দায়ভারগ্রস্থ সম্পদের একটি বিবরণ।

(২) উপধারা (১) এর অধীনে দাবি করিবার অধিকারী কোন ব্যক্তি প্রতি ৬ (ছয়) মাসে একবার কোন আবেদনের জবাব বিনামূল্যে পাইবার অধিকারী হইবেন।

(৩) সিকিউরড পক্ষ প্রত্যেক অতিরিক্ত জবাবের জন্য বিধি দ্বারা নির্ধারিত মূল্য আরোপ করিতে পারিবেন।

(৪) উপধারা (৩) এর অধীন কোন মূল্য পরিশোধ সাপেক্ষে, যদি সিকিউরড পক্ষ যুক্তিসঙ্গত কারণ ব্যতীত-

(ক) জবাব দিতে ব্যর্থ হয় এবং তাহার ফলে এই ধারার অধীন তথ্য পাইবার অধিকারী কোন ব্যক্তি কোন ক্ষতি বা লোকসানের শিকার হইলে তাহার জন্য সিকিউরড পক্ষ দায়ী হইবেন; অথবা

(খ) কোন অসম্পূর্ণ বা ভুল তথ্য প্রদান করেন এবং তাহার ফলে কোন ব্যক্তি যিনি যুক্তিসঙ্গতভাবে উক্ত জবাবের উপর নির্ভর করিবেন বলিয়া প্রত্যাশা করা যায়, কোন ক্ষতি বা লোকসানের শিকার হইলে তাহার জন্য সিকিউরড পক্ষ দায়ী হইবেন।

(৫) কোন সিকিউরড পক্ষ যিনি এমন কোন আবেদন গ্রহণ করেন যাহা উপধারা (১) এর অধীন অধিকারী কোন ব্যক্তি কর্তৃক করা হইয়াছে বলে মনে হয়, তিনি এমনভাবে কাজ করিবেন যেন উক্ত ব্যক্তি প্রকৃত অর্থেই আবেদন করিবার অধিকারী, যদি না সিকিউরড পক্ষ জানিয়া থাকেন যে বাস্তবে উক্ত ব্যক্তি এরূপ আবেদন করিবার অধিকারী নন।

৩৭। **আদালতের নির্দেশ পরিপালনের (Compliance) আদেশ প্রদানের ক্ষমতা** - দাখিলকৃত কোন আবেদনের প্রেক্ষিতে, আদালত এই আদেশ প্রদানের ক্ষমতা রাখিবে যে-

(১) সিকিউরড পক্ষ বা ধারা ৩৬ এর উপধারা (১) এর অধীন কোন নোটিশ গ্রহণকারী ব্যক্তি, উক্ত নোটিসে প্রার্থিত আবেদন অনুসারে কার্য করিবে;

(২) সিকিউরড পক্ষ, সম্পূর্ণ বা আংশিকভাবে, ধারা ৩৬ এর উপধারা (১) এর অধীন প্রদত্ত কোন নোটিশ অনুযায়ী কাজ করা হইতে অব্যাহতি পাইবে, যদি নোটিশ প্রদানকারী ব্যক্তি, যিনি কোন জামিনদার অথবা রায় বা ডিক্রি বলে পাওনাদার (judgment creditor) অথবা জামানতে স্বার্থের অধিকারী অথবা উক্ত ব্যক্তির অনুমোদিত প্রতিনিধি নহেন, আদালতের সন্তুষ্টি সাপেক্ষে ইহা প্রতিষ্ঠিত করিতে না পারেন যে উক্ত জামানতকৃত সম্পত্তিতে তার কোন অধিকার রহিয়াছে অথবা তিনি একজন রায় বা ডিক্রি বলে পাওনাদার;

(৩) উপধারা (১) এর অধীন প্রদত্ত নোটিশ অনুযায়ী কাজ করিবার সময় বর্ধিত করিবে;

(৪) যথাযথ বলিয়া মনে করেন এমন অন্য কোন আদেশ।

৩৮। **ব্যাংকের অধিকার ও কর্তব্যসমূহ অপ্রভাবিত থাকিবে** - (১) ডিপোজিট-গ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত ব্যাংক হিসাবে জমাকৃত তহবিলের পরিশোধের অধিকারে কোন সিকিউরিটি অধিকার সৃষ্টি -

(ক) ডিপোজিট-গ্রহণকারী কোন প্রতিষ্ঠানের সম্মতি ব্যতীত উহার অধিকার ও দায়দায়িত্ব প্রভাবিত করিবে না; অথবা

(খ) ডিপোজিট-গ্রহণকারী প্রতিষ্ঠানকে ব্যাংক হিসাবের ব্যাপারে তৃতীয় পক্ষের নিকট কোন তথ্য প্রদান করিতে বাধ্য করিবে না।

(২) ব্যাংক হিসাবে জমাকৃত তহবিলের পরিশোধের অধিকারের উপর ডিপোজিট-গ্রহণকারী প্রতিষ্ঠানের কোন সিকিউরিটি অধিকার দ্বারা, ব্যাংক হিসাব পরিচালনা করা হয় এরূপ কোন ডিপোজিট-গ্রহণকারী প্রতিষ্ঠানের দাবী সমন্বয়ের (set-off) অধিকার প্রভাবিত হইবে না।

পঞ্চম অধ্যায়

সম্পূর্ণতা

৩৯। **দখল বা পুনঃদখলের দ্বারা সম্পূর্ণকরণ-** সিকিউরড পক্ষ, অথবা সিকিউরড পক্ষের প্রতিনিধি হিসেবে জামিনদার বা জামিনদারের প্রতিনিধি ব্যতীত অন্য কোন ব্যক্তি কর্তৃক জামানত দখল বা পুনর্দখল, নিম্নোক্ত বিষয়সমূহে একটি সিকিউরিটি অধিকারকে সম্পূর্ণ করিবে-

(ক) পণ্য;

(খ) দলিল;

(গ) স্বত্ব দলিল অথবা কোন প্রত্যায়িত নিরাপত্তা জামানত (certified security); এবং

(ঘ) অর্থ;

কিন্তু উক্ত সিকিউরিটি অধিকার সম্পূর্ণ (perfected) থাকিবে কেবলমাত্র ততক্ষণ পর্যন্ত যতক্ষণ উক্ত বিষয়সমূহ প্রকৃতপক্ষে জামানত হিসেবে ধারণ করা হইবে।

৪০। **রেজিস্ট্রেশন দ্বারা সম্পূর্ণকরণ** -এই আইনের ৭ম অধ্যায়ের অধী্নে কোন সিকিউরিটি অধিকার সংক্রান্ত আর্থিক বিবৃতি এর রেজিস্ট্রেশন, যে কোন ধরনের জামানতে একটি সিকিউরিটি অধিকারকে সম্পূর্ণ (perefcted) করিবে।

৪১। **অর্জিত আয়ে সিকিউরিটি অধিকার** - (১) যে ক্ষেত্রে জামানত আয়ের সৃষ্টি করে, সেখানে সিকিউরিটি অধিকার -

(ক) জামানতে বজায় থাকিবে, যদি না সিকিউরড পক্ষ প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে সিকিউরিটি অধিকারমুক্ত ভাবে জামানতের লেনদেন অনুমোদন করিয়া থাকেন; এবং

(খ) স্বয়ংক্রিয়ভাবে আয় পর্যন্ত বিস্তৃত হইবে, যদিও উক্ত আয় সিকিউরিটি চুক্তির অন্তর্ভুক্ত না হয়।

(২) যদি কোন সিকিউরড পক্ষ জামানত এবং আয় উভয়ের বিপরীতে কোন সিকিউরিটি অধিকার বলবৎ করেন, সেক্ষেত্রে সিকিউরিটি অধিকার দ্বারা উক্ত জামানত এবং আয়ে সুরক্ষিত পরিমাণ, উক্ত বলবৎ সংক্রান্ত লেনদেনের তারিখে জামানতের বাজারমূল্য পর্যন্ত সীমিত থাকিবে।

(৩) আয়ের উপর কোন সিকিউরিটি অধিকার অবিরতভাবে সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকার হইবে, যদি মূল জামানত এমন আর্থিক বিবৃতির রেজিস্ট্রেশন দ্বারা সম্পূর্ণ হইয়া থাকে যাহা -

(ক) আয়ের বিবরণ সম্বলিত তথ্য ধারণ করে যাহা একই ধরণের মূল জামানতে কোন সিকিউরিটি অধিকার সম্পূর্ণ করিবার জন্য পর্যাপ্ত হইবে;

(খ) মূল জামানতকে অন্তর্ভুক্ত করে, যদি আয় এমন ধরণের হইয়া থাকে যাহা মূল জামানতের বর্ণনায় পড়ে; অথবা

(গ) মূল জামানতকে অন্তর্ভুক্ত করে, যদি অর্থ, চেক অথবা ব্যাংক বা অনুরূপ প্রতিষ্ঠানসমূহের আমানতি হিসাবের সমন্বয়ে আয় গঠিত হয়।

(৪) আয়ে কোন সিকিউরিটি অধিকার অবিরতভাবে সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকার হইবে, যদি উক্ত আয় উদ্ভুত হইবার সময় জামানতের উপর অধিকার সম্পূর্ণকৃত হইয়া থাকে।

(৫) যদি জামানতে কোন সিকিউরটি অধিকার রেজিস্ট্রেশন ব্যতীত অন্য কোনভাবে সম্পূর্ণ হইয়া থাকে, জামিনদার উক্ত আয়ে কোন স্বার্থ অর্জন করিবার ১০ (দশ) দিন পর উক্ত আয়ে সিকিউরিটি অধিকার অসম্পূর্ণকৃত (unperfected) হইয়া যাইবে, যদি না এই আইনের অধীন উক্ত আয়ে সিকিউরিটি অধিকার সম্পূর্ণকৃত হইয়া থাকে।

৪২। **জিম্মাদার কর্তৃক ধারণকৃত পণ্যের ক্ষেত্রে সম্পূর্ণকরণ-** (১) জিম্মাদারের দখলে থাকা কোন পণ্যের সিকিউরিটি অধিকার সম্পূর্ণকৃত হইবে-

(ক) জিম্মাদার কর্তৃক সিকিউরড পক্ষের নামে কোন স্বত্ব দলিল ইস্যু করিবার মাধ্যমে;

(খ) কোন পণ্যের স্বত্ব দলিলে সিকিউরিটি অধিকার সম্পূর্ণকরণের দ্বারা যেখানে জিম্মাদার একটি স্বত্ব দলিল ইস্যু করেন;

(গ) ধারা ৩৯ অনুসারে সিকিউরড পক্ষের পক্ষে দখল ও পুনঃদখল দ্বারা; বা

(ঘ) পণ্য সংক্রান্ত আর্থিক বিবৃতির রেজিস্ট্রেশন দ্বারা।

(২) পণ্য অন্তর্ভুক্তকারী কোন স্বত্ব দলিল ইস্যুকরণ উক্ত স্বত্ব দলিল বিদ্যমান থাকাকালিন মেয়াদে উক্ত পণ্যে অন্য কোন সিকিউরিটি অধিকারের উদ্ভবকে বারিত করিবে না।

(৩) পণ্য অন্তর্ভুক্তকারী কোন স্বত্ব দলিলে সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকার, উক্ত পণ্য স্বত্ব দলিলে অন্তর্ভুক্ত হইবার পর, উক্ত পণ্যে অন্য কোনভাবে সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকারের উপর প্রাধান্য পাইবে।

৪৩। **ফেরৎকৃত, জব্দকৃত অথবা পুনর্দখলকৃত পণ্যের সম্পূর্ণকরণ ও অগ্রগণ্যতা-** (১) যদি কোন জামিনদার সিকিউরিটি অধিকারের অধীনে পণ্য বিক্রয় করে বা ইজারা প্রদান করে, পণ্যের সিকিউরিটি অধিকার উক্ত পণ্যে পুনঃসৃষ্টি (reattach) হইবে, যদি-

(ক) ক্রেতা অথবা ইজারাগ্রহীতা ধারা ৪১ অথবা ধারা ৪৪ এর অধীন সিকিউরিটি অধিকারমুক্ত অবস্থায় গ্রহণ করিয়া থাকে;

(খ) উক্ত পণ্যসমূহ জামিনদারের নিকট ফেরৎ প্রদান করা হয়, জব্দ করা হয় অথবা জামিনদার কর্তৃক পুনঃর্দখল করা হয়; এবং

(গ) সিকিউরডদায় অপরিশোধিত বা অসম্পাদিত থাকে।

(২) যে ক্ষেত্রে উপধারা (১) এর অধীন কোন সিকিউরিটি অধিকার পুনঃসৃষ্টি হয়, উক্ত সিকিউরিটি অধিকার সম্পূর্ণকরণ এবং রেজিস্ট্রেশন অথবা সম্পূর্ণকরণের সময় এমনভাবে নির্ধারিত হইবে যেন উক্ত পণ্য বিক্রয়কৃত বা ইজারা প্রদত্ত হয় নাই, যদি -

(ক) সিকিউরিটি অধিকার বিক্রয় অথবা ইজারা প্রদানের সময় রেজিস্ট্রেশনের দ্বারা সম্পূর্ণকৃত হইয়া থাকে; এবং

(খ) পণ্যফেরৎ, জব্দ অথবা পুনঃর্দখলের সময় রেজিস্ট্রেশনটি কার্যকর থাকে।

(৩) যখন পণ্যের বিক্রয় অথবা ইজারা একটি হিসাব সৃষ্টি করে, এবং হিসাবটি কোন সিকিউরড পক্ষের নিকট হস্তান্তর করা হয়, এবং পণ্যটি সিকিউরড পক্ষ কর্তৃক জব্দ বা পুনঃর্দখল করা হয়; উক্ত হিসাবের হস্তান্তর গ্রহীতার উক্ত পণ্যসমূহে সিকিউরিটি অধিকার থাকিবে যাহা পণ্যসমূহ হস্তান্তর, জব্দ অথবা পুনঃর্দখল করিবার সময় সৃষ্টি হয়।

(৪) উপধারা (৩) এর অধীন পণ্যে উদ্ভুত কোন সিকিউরিটি অধিকার সম্পূর্ণকৃত হয়, যদি হিসাবের উপর সিকিউরিটি অধিকার ফেরৎ, জব্দ অথবা পুনর্দখলের সময় সম্পূর্ণকৃত হয়, তবে পণ্য ফেরৎ, জব্দ বা পুনর্দখলের ১৫ (পনের) দিন পর তাহা অসম্পূর্ণকৃত (unperfected) হইয়া যাইবে, যদি না হস্তান্তর গ্রহীতা সিকিউরিটি অধিকার সংক্রান্ত একটি আর্থিক বিবৃতি রেজিস্ট্রেশন করিয়া নেয়, অথবা উক্ত মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বেই জব্দকরণ, পুনর্দখল অথবা অন্য কোন ভাবে পণ্যের দখল গ্রহণ করে।

(৫) যে ক্ষেত্রে কোন হিসাবের হস্তান্তরগ্রহীতা উপধারা (৩) ও (৪) এর অধীন পণ্যসমূহে সিকিউরিটি অধিকার সম্পূর্ণকৃত করিবে, পণ্য সংক্রান্ত বিষয়ে হস্তান্তর গ্রহীতার অগ্রগণ্যতা নির্ণয়ের উদ্দেশ্যে, হস্তান্তর গ্রহীতার হিসাবের উপর সিকিউরিটি অধিকার সম্পূর্ণকৃত হইবার সময়ে পণ্যসমূহে তাহার সিকিউরিটি অধিকার সম্পূর্ণকৃত হইয়াছে বলিয়া ধরিয়া নেওয়া হইবে।

(৬) উপধারা (১)-এ বর্ণিত পণ্যের ক্রেতা অথবা ইজারাদাতা কর্তৃক প্রদত্ত পণ্যের সিকিউরিটি অধিকার যাহা উক্ত পণ্য ক্রেতা, ইজারাদাতা অথবা জামিনদারের দখলে থাকা অবস্থায় সৃষ্টি হয় এবং যাহা উক্ত পণ্য ফেরৎ, জব্দ বা পুনর্দখলের সময় সম্পূর্ণকৃত হয়, তাহা এই ধারার অধীন উদ্ভূত পণ্যের সিকিউরিটি অধিকারের উপর অগ্রাধিকার পাইবে।

৪৪। **বাণিজ্যের স্বাভাবিক নিয়মে লেনদেন** - (১) বিক্রেতার স্বাভাবিক বাণিজ্যের নিয়মে বিক্রিত পণ্যের ক্রেতা বিক্রেতা কর্তৃক প্রদত্ত সিকিউরিটি অধিকার হইতে মুক্ত অবস্থায় ইহার অধিকার অর্জন করিবে, তবে শর্ত থাকে যে, উক্ত বিক্রয়চুক্তি সম্পন্ন হইবার সময় ক্রেতার এই বিষয়ে জ্ঞান ছিল না যে বিক্রয়টি সিকিউরিটি চুক্তির অধীন সিকিউরড পক্ষের অধিকার লঙ্ঘন করিতেছে।

(২) ইজারাদাতার কারবারের স্বাভাবিক নিয়মে ইজারাপ্রদত্ত স্পর্শযোগ্য দায়ভারগ্রস্থ (encumbered tangible) পণ্যের ইজারাগ্রহীতার অধিকার ইজারাদাতার সিকিউরিটি অধিকার দ্বারা প্রভাবিত হইবে না, তবে শর্ত থাকিবে যে, উক্ত ইজারা চুক্তি সম্পন্ন হইবার সময় ইজারাগ্রহীতার এই বিষয়ে জ্ঞান ছিল না যে, উক্ত ইজারা সিকিউরিটি চুক্তির অধীন সিকিউরড পক্ষের অধিকার লঙ্ঘন করিতেছে।

(৩) যদি কোন স্পর্শযোগ্য সম্পত্তির ক্রেতা বা অন্যান্য হস্তান্তরগ্রহীতা সিকিউরিটি অধিকার হইতে মুক্ত অবস্থায় ইহার অধিকার অর্জন করে, পরবর্তী কোন ক্রেতা বা অন্যান্য হস্তান্তরগ্রহীতাও উক্ত সিকিউরিটি অধিকার হইতে মুক্ত অবস্থায় ইহার অধিকার অর্জন করিবে।

(৪) কোন জামানত যাহা একটি দলিল বা স্বত্ব দলিল উহার ক্রেতার অধিকার, উহাতে রেজিস্ট্রেশন দ্বারা সম্পূর্ণকৃত বা ধারা ৪১ অথবা ৪২ এর অধীন অস্থায়ীভাবে সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকারের উপর প্রাধান্য পাইবে, যদি ক্রেতা-

(ক) মূল্য প্রদান করিয়া থাকেন;

(খ) ইহা যে কোন সিকিউরিটি অধিকারের অধীন ছিল সেই জ্ঞান ব্যাতিরেকেই জামানত ক্রয় করিয়া থাকেন; এবং

(গ) জামানতের দখল গ্রহণ করিয়া থাকেন।

৪৫। **ব্যাংক হিসাবে সিকিউরিটি অধিকারের সম্পূর্ণকরণ** - কোন ব্যাংক হিসাবে একটি সিকিউরিটি অধিকার সম্পূর্ণকৃত হইবে -

(ক) রেজিস্ট্রেশন দ্বারা; বা

(খ) স্বয়ংক্রিয়ভাবে যখন -

(অ) ব্যাংক হিসাবটি রক্ষণাবেক্ষণকারী ডিপোজিট-গ্রহণকারী প্রতিষ্ঠান যদি নিজেই সিকিউরড পক্ষ হয়; অথবা

(আ) একটি নিয়ন্ত্রণ চুক্তি (control agreement) সম্পাদিত হয়।

৪৬। **সিকিউরিটিজে সিকিউরিটি অধিকারের সম্পূর্ণকরণ -** অমধ্যবর্তী অনিবন্ধীত সিকিউরিটিজে কোন সিকিউরিটি অধিকার সম্পূর্ণ করা যাইবে;

(ক) রেজিস্ট্রেশন দ্বারা; বা

(খ) সিকিউরিটিজের ধারকের নাম নথিভূক্তির উদ্দেশ্যে ইস্যুকারী কর্তৃক বা ইস্যুকারীর পক্ষে রক্ষনাবেক্ষণকৃত বহিতে সিকিউরিটি অধিকারের উল্লেখন (notation)দ্বারা; বা

(গ) নিয়ন্ত্রণ চুক্তি (control agreement) সম্পাদন দ্বারা।

৪৭। **হস্তান্তরযোগ্য দলিলপত্র ইত্যাদি** -Negotiable Instruments Act, 1881এ সংজ্ঞায়িত কোন ‘promissory note’, ‘bill of exchange’ বা চেকের ধারক ব্যক্তি যিনি ইহার দখলে আছেন অথবা ইহার বাহক, (তবে Land Reforms Ordinance, 1984 এর ধারা ৫(১) অনুযায়ী সংজ্ঞায়িত কোন বেনামদারের মাধ্যমে দাবিরত সুবিধাভোগী মালিক (beneficial owner) কে অন্তর্ভূক্ত করিবে না), তাহার অধিকার অত্র আইনের কোন বিধান দ্বারা প্রভাবিত হইবে না।

ষষ্ঠ অধ্যায়

অগ্রগণ্যতা

৪৮। **অগ্রগণ্যতা নির্ধারণকারী সাধারণ নিয়মাবলী** - (১) একই জামানতে সিকিউরিটি অধিকারের ক্ষেত্রে অগ্রগণ্যতার নিম্নোক্ত সাধারণ নিয়মাবলী প্রযোজ্য হইবে -

(ক) রেজিস্ট্রেশনের মাধ্যমে সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকারসমূহের মধ্যে অগ্রগণ্যতা নির্ধারিত হইবে রেজিস্ট্রেশনের তারিখের মাধ্যমে, সম্পূর্ণকরণের তারিখ বিবেচনা ব্যতিরেকে;

(খ) যেক্ষেত্রে রেজিস্ট্রেশনের মাধ্যমে সম্পূর্ণকৃত কোন সিকিউরিটি অধিকার এবং রেজিস্ট্রেশন ব্যতীত অন্যবিধভাবে সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকারের মধ্যে অগ্রগণ্যতা নির্ধারিত হইবে, সেক্ষেত্রে-

(অ) রেজিস্ট্রেশনের মাধ্যমে সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকারের অন্যান্য সিকিউরিটি অধিকারের উপরে অগ্রগণ্যতা থাকিবে, যদি রেজিস্ট্রেশনটি অন্যান্য সিকিউরিটি অধিকারের সম্পূর্ণকরণের পূর্বে সংঘটিত হইয়া থাকে, এবং

(আ) রেজিস্ট্রেশন ব্যতীত অন্যবিধভাবে সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকারের অন্যান্য সিকিউরিটি অধিকারের উপরে অগ্রগণ্যতা থাকিবে যদি রেজিস্ট্রেশন ব্যতীত অন্যবিধভাবে সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকারটি অন্যান্য সিকিউরিটি অধিকারের সহিত সম্পর্কিত কোন আর্থিক বিবৃতি রেজিস্ট্রেশনের পূর্বে সম্পূর্ণকৃত হইয়া থাকে।

(গ) যে ক্ষেত্রে রেজিস্ট্রেশন ব্যতীত অন্যবিধভাবে সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকারসমূহের মধ্যে অগ্রগণ্যতা নির্ধারিত হইবে, সেক্ষেত্রে সম্পূর্ণতার ক্রম অনুসারে অগ্রগণ্যতা নির্ধারিত হইবে; এবং

(ঘ) অসম্পূর্ণ (unperfected) সিকিউরিটি অধিকারসমূহের মধ্যে অগ্রগণ্যতা নির্ধারিত হইবে উক্ত সিকিউরিটি অধিকারসমূহ সৃষ্টি হইবার তারিখের মাধ্যমে;

(২) উপধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, মূল জামানতে বা উহার আয়ের উপর অবিরতভাবে সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকারের অগ্রগণ্যতা থাকিবে ঐ সময় থেকে যখন সিকিউরিটি অধিকারের অগ্রগণ্যতা প্রাথমিকভাবে (originally) প্রতিষ্ঠিত হইয়াছিল।

(৩) কোন সিকিউরিটি অধিকারের হস্তান্তরগ্রহীতা ঐ সিকিউরিটি অধিকার সংক্রান্ত সেইরূপ অগ্রগণ্যতা অর্জন করিবেন, হস্তান্তরের সময়ে হস্তান্তরকারীর যেইরূপ অগ্রগণ্যতা ছিল।

(৪) ধারা ৪৯ এর বিধান সাপেক্ষে, উপধারা (১) এর অধীনে কোন সিকিউরিটি অধিকারের যেইরূপ অগ্রগণ্যতা ছিলো তাহা সকল ভবিষ্যৎ অগ্রিমের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

৪৯। **রায় বা ডিক্রি বলে পাওনাদারের অগ্রগণ্যতা** - একটি সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকারের অগ্রগণ্যতা থাকিবে ধারা ৫০ এর উপধারা (১) এর দফা (খ)-তে উল্লিখিত রায় বা ডিক্রি বলে পাওনাদারের অধিকারের উপর, শুধুমাত্র নিম্নোক্ত ক্ষেত্রে -

(১) রায় বা ডিক্রি বলে পাওনাদার কর্তৃক উক্ত দফায় উল্লিখিত রায়ের নোটিশ রেজিস্ট্রেশনের পূর্বে প্রদত্ত অগ্রিমের ক্ষেত্রে;

(২) সিকিউরড পক্ষ কর্তৃক উক্ত দফায় উল্লিখিত রায়ের নোটিশ রেজিস্ট্রেশনের জ্ঞান লাভের পূর্বে প্রদত্ত অগ্রিমের ক্ষেত্রে;

(৩) সংবিধিবদ্ধ প্রয়োজনীয়তা অথবা জামিনদার ব্যতীত অন্য কোন ব্যক্তির নিকট আইনগতভাবে শর্তযুক্ত দায়ের আলোকে প্রদত্ত অগ্রিমের ক্ষেত্রে, যেখানে সিকিউরড পক্ষ উপধারা (২) এ উল্লিখিত জ্ঞান লাভের পূর্বে চুক্তিতে আবদ্ধ হয়;

(৪) জামানতের সুরক্ষা, সংরক্ষণ, ব্যবস্থাপনা বা মেরামত বাবদ সিকিউরড পক্ষ কর্তৃক ব্যয়িত যুক্তিসঙ্গত খরচপাতি এবং ব্যয়সমূহের ক্ষেত্রে।

৫০। **অসম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকারের অধীনস্থতা** - (১) জামানতে কোন অসম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকার নিম্নোক্ত অধিকারের অধীনস্থ হইবে-

(ক) একই জামানতে সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকারের;

(খ) ঋণদাতার স্বার্থের, যদি উক্ত ঋণদাতা রেজিস্ট্রারের নিকট কোন রায়ের নোটিশ রেজিস্ট্রেশন করিয়া থাকেন;

(গ) দফা (খ) তে উল্লিখিত ঋণদাতার স্বার্থ সাপেক্ষে, সংবিধিবদ্ধ বা অন্য কোন আইনের অধীনে কোন ব্যক্তির অস্থাবর সম্পত্তির বিলিবন্টনে অংশ নেওয়ার অধিকারের।

(২) কোন অসম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকার -

(ক) জামানতে কার্যকরী হইবে না -

(অ) কোন দেউলিয়া কার্যধারার ক্ষেত্রে স্বত্বপ্রাপকের বিপক্ষে, যদি সিকিউরিটি অধিকারটি দেউলিয়া আইন, ১৯৯৭ এর আলোকে দেউলিয়া হইবার দিন অসম্পূর্ণকৃত থাকে;

(আ) কোম্পানী আইন, ১৯৯৪ (অথবা the Companies Act, 1913) এর অধীনে নিয়োগপ্রাপ্ত কোন লিকুইডেটরের বিরুদ্ধে যদি হাইকোর্ট বিভাগ কর্তৃক অবলুপ্তির আদেশ প্রদানের সময়ে সিকিউরিটি অধিকারটি অসম্পূর্ণকৃত থাকে;

(খ) স্বত্ব দলিল কিংবা পণ্যে কোন হস্তান্তরগ্রহীতার বিপক্ষে কার্যকরী হইবে না, যদি উক্ত হস্তান্তরগ্রহীতা -

(অ) সিকিউরিটি চুক্তি নহে এমন লেনদেনের মাধ্যমে জামানতে স্বার্থ অর্জন করেন;

(আ) মূল্য প্রদান করেন; এবং

(ই) সিকিউরিটি অধিকারের জ্ঞান ছাড়াই জামানতের সরবরাহ গ্রহণ করেন; এবং

(গ) হিসাব ব্যতীত অন্যান্য স্পর্শাতীত সম্পত্তিতে কোন হস্তান্তরগ্রহীতার বিপক্ষে কার্যকর হবে না, যদি উক্ত হস্তান্তরগ্রহীতা-

(অ) সিকিউরিটি চুক্তি নহে এমন লেনদেনের মাধ্যমে জামানতে স্বার্থ অর্জন করেন; এবং

(আ) সিকিউরিটি অধিকারের জ্ঞান ছাড়াই মূল্য প্রদান করেন।

৫১। **দ্রব্য-তালিকায় ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকারের অগ্রগণ্যতা** - দ্রব্য-তালিকায় অথবা ইহার আয়ের উপর ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকারের একই জামিনদার কর্তৃক প্রদত্ত একই জামানতে অন্য যে কোন সিকিউরিটি অধিকারের উপর অগ্রগণ্যতা থাকিবে, যদি -

(১) জামিনদারের দ্রব্য-তালিকার দখল অর্জনের সময়ে ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকার সম্পূর্ণকৃত হইয়া থাকে;

(২) কোন দ্রব্য-তালিকা জামিনদারের দখলে আসিবার পূর্বে ক্রয়মূল্য প্রদানকারী সিকিউরড পক্ষ অন্য সকল সিকিউরড পক্ষকে লিখিত নোটিশ প্রদান করিয়া থাকেন, যাহারা ক্রয়মূল্য প্রদানকারী সিকিউরড পক্ষ কর্তৃক রেজিস্ট্রেশন করিবার তারিখের পূর্বে দ্রব্য-তালিকা সংবলিত কোন আর্থিক বিবৃতি রেজিস্ট্রেশন করিয়াছেন; এবং

(৩) উপধারা (২) তে উল্লেখিত নোটিশটি বর্ণনা করে যে নোটিশ প্রদানকারী ব্যক্তি জামিনদারের দ্রব্য- তালিকার উপর ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকার অর্জন করিয়াছেন কিংবা করিবার প্রত্যাশা করেন এবং উক্ত নোটিসে দ্রব্য-তালিকার উপাদান বা ধরণভিত্তিক বিবৃতি রহিয়াছে;

৫২। **দ্রব্য-তালিকা ব্যতীত জামানতে ক্রয়মূল্যে উপর সিকিউরিটি অধিকার-** দ্রব্য-তালিকা কিংবা ইহার আয় জামানত তাহা ব্যতীত, একই জামিনদার কর্তৃক প্রদত্ত একই জামানতে অন্য কোন সিকিউরিটি অধিকারের উপর জামানতের বা তাহার আয়ের উপর ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকারের অগ্রগণ্যতা থাকিবে যদি ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকারটি -

(ক) জামানতের ক্ষেত্রে, ১০ (দশ) দিন অতিবাহিত হইবার পূর্বে অথবা ১০ দিনের মধ্যে সম্পূর্ণকৃত হইয়া থাকে-

(অ) জামিনদার জামানতে জামিনদার হিসেবে দখল আদায়ের পর; অথবা

(খ) মেধাস্বত্ব অধিকারের ক্ষেত্রে, মেধাস্বত্ব অধিকারে ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকার সৃষ্টির ১০ (দশ) দিনের মধ্যে বা অতিবাহিত হইবার পূর্বে সম্পূর্ণকৃত হইয়া থাকে।

৫৩। **বিক্রেতার ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকারে অগ্রগণ্যতা** – যে ক্ষেত্রে ৫১ এবং ৫২ ধারার মাধ্যমে একের অধিক ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকারকে অগ্রগণ্যতা দেওয়া হয়, সেক্ষেত্রে বিক্রেতার ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকার, যদি থাকে, তাহা একই জামিনদার কর্তৃক প্রদত্ত অন্যান্য ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকারের উপর অগ্রগণ্য হইবে।

৫৪। **উপকরণ ও সেবা তালিকার পূর্বস্বত্বের প্রাধান্য** - কোন পণ্যের উপর পূর্বস্বত্ব যাহা ব্যবসায়ের স্বাভাবিক কার্যক্রমের মাধ্যমে পণ্যের উপকরণ বা সেবা সরবরাহের ফলে উদ্ভুত হয়, তাহা ঐ পণ্যের উপর সম্পূর্ণকৃত বা অসম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকারের উপর অগ্রগণ্যতা পাইবে, যদি না উক্ত পূর্বস্বত্ব এমন কোন আইনের অধীনে উদ্ভূত হয়, যাহাতে ঐরূপ অগ্রগণ্যতা থাকিবে না মর্মে কোন বিধান রহিয়াছে।

৫৫। **সংযুতিতে সিকিউরিটি অধিকার** - (১) এই ধারাটি শুধুমাত্র সেই সকল ভূমির উপর প্রযোজ্য হইবে যাহার স্বত্ব the Registration Act, 1908 অনুসারে প্রদান করা হইয়াছে।

(২) এই ধারা বা ৪৪ ধারায় প্রদত্ত বিধান ছাড়া, কোন পণ্যের উপর সিকিউরিটি অধিকার যাহা ঐ পণ্যটি সংযুতিতে পরিণত হইবার সময় বা তাহার পূর্বে সৃষ্টি হইয়াছিল, তাহা ঐ পণ্যের উপর উক্ত জমিতে অধিকার রহিয়াছে এমন কোন ব্যক্তির দাবির উপরে অগ্রগণ্যতা লাভ করিবে।

(৩) উপধারা (২) এ উল্লেখিত কোন সিকিউরিটি অধিকার অধীনস্থ হইবে নিম্নোক্ত ব্যক্তির অধিকারের -

(ক) এমন ব্যক্তি যিনি, কোন প্রতারণা ব্যতীত এবং সিকিউরিটি অধিকারের কোন নোটিশ রেজিস্ট্রেশনের পূর্বে, পণ্যটি সংযুতিতে পরিণত হওয়ার পর কোন জমিতে মূল্যের বিনিময়ে কোন অধিকার অর্জন করেন, যাহাতে পণ্যটি সংযুতিতে পরিণত হইবার সময় উক্ত ভূমিতে অধিকার সম্বলিত কোন ব্যক্তির মূল্যের বিনিময়ে স্বত্বপ্রাপকও (assignee for value) অন্তর্ভুক্ত হইবেন।

(খ) এমন ব্যক্তি যাহার কোন ভূমিতে বন্ধকের উপর ভিত্তি করিয়া রেজিস্ট্রিকৃত কোন অধিকার রহিয়াছে, যিনি, পণ্যটি সংযুতিতে পরিণত হইবার পর -

(অ) বন্ধকী চুক্তির অধীনে অগ্রীম প্রদান করেন, কিন্তু তাহা শুধুমাত্র অগ্রীম প্রদানের ক্ষেত্রেই;

(আ) নিলামের কোন আদেশ অর্জন করেন;

কোন প্রকার প্রতারণা ব্যতীত এবং সিকিউরিটি অধিকারের উপর ভিত্তি করিয়া কোন অধিকার রেজিস্ট্রিকৃত হইবার পূর্বে;

(গ) কোন ব্যক্তি যিনি পণ্যসমূহ সংযুতিতে পরিণত হইবার পূর্বে কোন ভূমি সংক্রান্ত অর্পণকারী আদেশ (vesting order) প্রাপ্ত হইয়াছেন কোন প্রকার প্রতারণা ব্যতীত এবং সিকিউরিটি অধিকারের উপর ভিত্তি করিয়া কোন অধিকার রেজিস্ট্রিকৃত হইবার পূর্বে;

(৪) পণ্যের উপর কোন সিকিউরিটি অধিকার যাহা ঐ পণ্যের সংযুতি হিসেবে পরিণত হইবার পর সৃষ্টি হয়, তাহা পণ্যসংযুতি হিসেবে পরিণত হইবার সময় ঐ ভূমিতে কোন ব্যক্তির বিদ্যমান অধিকারের অধীনস্থ হইবে এবং যিনি -

(ক) উক্ত সিকিউরিটি অধিকারে সম্মতি দেন নি;

(খ) পণ্য বা সংযুতিতে কোন অধিকারের দাবি ত্যাগ করেন নি;

(গ) কোন চুক্তিতে আবদ্ধ হননি যাহার অধীনে কোন ব্যক্তি পণ্য অপসারণের অধিকার প্রাপ্ত হয়;

(ঘ) অন্য কোনভাবে জামিনদারকে পণ্যদ্রব্য অপসারণে বাধা দানে বারিত নন।

(৫) এই আইনের অধীনে ভূমি থেকে পণ্য অপসারণের অধিকার রহিয়াছে এমন কোন সিকিউরড পক্ষ পণ্য অপসারণের এই অধিকার এমনভাবে প্রয়োগ করিবেন যাহাতে ভূমি বা ভূমির উপর অবস্থিত অন্য কোন সম্পত্তির বৃহত্তর লোকসান বা ক্ষতি সাধিত না হয় অথবা ভূমির দখলদারকে পণ্য অপসারণে প্রয়োজনীয়ভাবে প্রাসঙ্গিক অসুবিধার চেয়ে অধিকতর অসুবিধার সম্মুখীন না করে।

(৬) জামিনদার ব্যতীত অন্য কোন ব্যক্তি, যাহার সিকিউরিটি অধিকারের সাথে সম্পৃক্ত পণ্য ভূমিতে সংযুক্ত থাকাকালীন সময় ঐ ভূমিতে কোন অধিকার রহিয়াছে, উক্ত পণ্য অপসারণের সময় ভূমিতে উক্ত ব্যক্তির অধিকারে সংঘটিত কোন লোকসানের পুনর্ভরণের অধিকারী হইবেন, তবে অপসারিত পণ্যের অনুপস্থিতি কিংবা প্রয়োজনীয়তা বা প্রতিস্থাপনের কারণে ভূমির মূল্যের হ্রাস ঘটিলে তিনি কোন পুনর্ভরণের অধিকারী হইবেন না।

(৭) উপধারা (৬) এর অধীনে পুনর্ভরণের অধিকার প্রাপ্ত ব্যক্তি পণ্য অপসারণের অনুমতি প্রত্যাখ্যান করিতে পারিবেন যতক্ষণ না পর্যন্ত সিকিউরড পক্ষ পুনর্ভরণের নিমিত্তে পর্যাপ্ত নিরাপত্তা জামানত প্রদান না করেন।

(৮) সিকিউরড পক্ষ নিম্নোক্ত এক বা একাধিক বিষয়ের জন্য কোন আদালতে আবেদন করিতে পারিবেন-

(ক) এই ধারার অধীনে পুনর্ভরণের অধিকারপ্রাপ্ত ব্যক্তি নির্ধারণজনিত কোন আদেশ;

(খ) সিকিউরড পক্ষ কর্তৃক প্রদানকৃত নিরাপত্তা জামানতের পরিমাণ ও ধরণ নির্ধারণজনিত কোন আদেশ;

(গ) নিরাপত্তা জামানতের ডিপোজিটরি নির্ধারণজনিত কোন আদেশ;

(ঘ) উপধারা (৭) এর অধীনে পুনর্ভরণের জন্য নিরাপত্তা জামানত প্রদান ব্যতীত পণ্য অপসারণের অনুমোদনজনিত কোন আদেশ।

(৯) কোন ব্যক্তি যাহার ভূমিতে এরূপ অধিকার রহিয়াছে যাহা এই ধারায় প্রদত্ত কোন সিকিউরিটি অধিকারের অধীনস্থ, সিকিউরড পক্ষ কর্তৃক পন্য অপসারিত হইবার পূর্বে সিকিউরড পক্ষকে নিম্নোক্ত পরিমাণের মধ্যে যাহা ক্ষুদ্রতর সেই পরিমাণ অর্থ পরিশোধের মাধ্যমে ঐ পণ্য নিজের কাছে সংরক্ষিত রাখিতে পারেন-

(ক) ঐ অধিকারের উপর অগ্রগণ্যতা রহিয়াছে এরূপ সিকিউরিটি অধিকার কর্তৃক সুরক্ষিত আর্থিক পরিমাণ; এবং

(খ) পণ্যের বাজারমূল্য যদি উক্ত পণ্য ভূমি থেকে অপসারিত হয়ে থাকে।

(১০) ভূমি থেকে পণ্য অপসারণের অধিকার রহিয়াছে এরূপ কোন সিকিউরড পক্ষ, ভূমি রেজিস্ট্রির নথিপত্রের আলোকে ঐ ভূমিতে অধিকার রহিয়াছে বলিয়া প্রতীয়মান হয় এরূপ প্রত্যেক ব্যক্তিকে পণ্য অপসারণের উদ্দেশ্যে সিকিউরড পক্ষের অভিপ্রায়ের নোটিশ প্রদান করিবে, যদি না উপধারা (৯) এ উল্লেখিত পরিমাণ কোন নির্ধারিত দিন বা উক্ত দিনের পূর্বে পরিশোধিত হয় এবং উক্ত দিন উপধারা (১১) এবং (১২) অনুসারে নোটিশ প্রদানের পর ১৫ (পনের) দিনের কম হইবে না।

(১১) উপধারা (১০) এ উল্লেখিত নোটিসে থাকিতে হইবে -

(ক) সিকিউরড পক্ষের নাম এবং ঠিকানা;

(খ) অপসারণযোগ্য পণ্যের একটি বর্ণনা;

(গ) সিকিউরিটি অধিকার দ্বারা সিকিউরড দায় পরিশোধ করিবার জন্য প্রয়োজনীয় টাকার পরিমাণ;

(ঘ) পণ্যের বাজার মূল্য;

(ঙ) পণ্য সংযুক্ত ভূমির বর্ণনা; এবং

(চ) পণ্য অপসারণের উদ্দেশ্যে অভিপ্রায় বিবৃতি;

(১২) উপধারা (১০) এ উল্লেখিত নোটিশ পণ্য অপসারণের কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে প্রদান করিতে হইবে, এবং প্রাপ্তিস্বীকারপত্র সহকারে রেজিস্টার্ড ডাকযোগে যে সকল ব্যক্তিকে নোটিশ প্রদান করিতে হইবে, তাহাদের যথাযথ রেজিস্ট্রি নথিপত্রে উল্লিখিত ঠিকানায় প্রেরণ করা যাইতে পারে।

(১৩) উপধারা (১০) অনুসারে নোটিশ গ্রহণের অধিকারী কোন ব্যক্তি ভূমি থেকে পণ্য অপসারণের মুলতবি আদেশ চাহিয়া কোন আদালতে আবেদন করিতে পারিবেন।

(১৪) উপধারা (৩) ও (৪) এ উল্লেখিত ব্যক্তিদের অগ্রগণ্যতা অধিকার, the Registration Act, 1908 এবং the Transfer of Property Act, 1882 এ প্রদত্ত ভূমির অগ্রগণ্যতা অধিকারকে ব্যাহত করবে না।

৫৬। **শস্যের উপর সিকিউরিটি অধিকার** - (১) কোন প্রবিধান সাপেক্ষে, এই ধারা শুধুমাত্র the Registration Act, 1908 অনুসারে প্রদানকৃত স্বত্ব সংশ্লিষ্ট ভূমির ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(২) এই ধারায় প্রদত্ত বিধান ব্যতীত, শস্যের উপর সিকিউরিটি অধিকার, ভূমির উপর অধিকার সংবলিত ব্যক্তি কর্তৃক শস্যের উপর দাবির উপরে অগ্রগণ্য হইবে।

(৩) উপধারা (২) এ উল্লেখিত সিকিউরিটি অধিকার নিম্নোক্ত অধিকারের অধীনস্ত হইবে -

(ক) কোন ব্যক্তি, যিনি প্রতারণা ব্যতীত এবং সিকিউরিটি অধিকারের উপর নির্ভরশীল কোন অধিকার রেজিস্ট্রেশনের পূর্বে, শস্য জন্মাইতেছে এমন ভূমির উপর মূল্যের বিনিময়ে কোন অধিকার অর্জন করেন, এবং উক্ত ভূমিতে অধিকার সম্বলিত কোন ব্যক্তির মূল্যের বিনিময়ে স্বত্বপ্রাপকও ইহার অন্তর্ভূক্ত হইবে।

(খ) এমন কোন ব্যক্তি যাহার শস্য জন্মাইতেছে এমন কোন ভূমিতে বন্ধকের উপর ভিত্তি করিয়া রেজিস্ট্রিকৃত কোন অধিকার রহিয়াছে যিনি -

(অ) বন্ধকী চুক্তির অধীন কোন অগ্রীম প্রদা্ন করেন কিন্তু তাহা কেবলমাত্র অগ্রীম প্রদানের ক্ষেত্রেই;

(আ) বিক্রয়াদেশ লাভ করেন

কোন প্রকার প্রতারণা ব্যতীত এবং সিকিউরিটি অধিকারের উপর ভিত্তি করিয়া কোন অধিকার রেজিস্ট্রিকৃত হইবার পূর্বে;

(গ) কোন ব্যক্তি যিনি শস্য জন্মাইতেছে এরূপ ভূমিতে কোন অর্পণকারী আদেশ (vesting order) প্রাপ্ত হইয়াছেন, কোন প্রকার প্রতারণা ব্যতীত এবং সিকিউরিটি অধিকারের উপর ভিত্তি করিয়া কোন অধিকার রেজিস্ট্রিকৃত হইবার পূর্বে;

(৪) ভূমি থেকে শস্য জব্দ এবং অপসারণের ক্ষেত্রে ধারা ৫৫ এর উপধারা (৫) থেকে (১৩) প্রয়োজনীয় পরিবর্তনসহ প্রযোজ্য হইবে।

৫৭। সংযোজনের উপর সিকিউরিটি অধিকার- (১) এই ধারায় -

(ক) "**অন্যান্য পণ্যসমূহ**" অর্থ পণ্যসামগ্রী যাহাতে কোন সংযোজন সংস্থাপিত অথবা সংযুক্ত;

(খ) "**সমগ্র পণ্য**" অর্থ কোন সংযোজন এবং পণ্যসামগ্রী যাহাতে উক্ত সংযোজন সংস্থাপিত বা সংযোজিত;

(২) এই ধারায় প্রদত্ত বিধান ব্যতীত,কোন পণ্যে সিকিউরিটি অধিকার যাহা পণ্যের সংযোজনে পরিণত হওয়ার সময় অথবা তাহার পূর্বে সৃষ্টি হয় তাহা, সমগ্র পণ্যে অধিকার সম্পন্ন কোন ব্যক্তি কর্তৃক সংযোজনের উপর কোন দাবির উপরে অগ্রগণ্যতা পাইবে।

(৩) উপধারা (২) এ উল্লিখিত কোন সিকিউরিটি অধিকার নিম্নোক্ত অধিকারের অধীনস্থ হইবে-

(ক) কোন ব্যক্তি যিনি পণ্য সংযোজনে পরিণত হইবার পর সমগ্র পণ্যের উপর মূল্যের বিনিময়ে কোন অধিকার অর্জন করেন, এবং এক্ষেত্রে পণ্য সংযোজনে পরিণত হইবার সময়ে সমগ্র পণ্যে অধিকার সম্পন্ন কোন ব্যক্তির মূল্যের বিনিময়ে স্বত্বপ্রাপকও ইহার অন্তর্ভুক্ত হইবে; এবং

(খ) সমগ্র পণ্যের উপর গৃহীত এবং সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকার সম্পন্ন কোন ব্যক্তি যিনি-

(অ) পণ্য সংযোজনে পরিণত হইবার পর সিকিউরিটি চুক্তির অধীনে অগ্রীম প্রদান করেন, কিন্তু তাহা কেবলমাত্র ঐ অগ্রীম প্রদানের ক্ষেত্রেই; অথবা

(আ) সিকিউরড দায়ের প্রতিপালনে (satisfaction) সমগ্র পণ্য দখল করিবার অধিকার অর্জন করেন;

সংযোজনে সিকিউরড অধিকারের জ্ঞান ব্যতীত এবং তা সম্পূর্ণকৃত হইবার পূর্বেই।

(৪) পণ্যের কোন সিকিউরিটি অধিকার যাহা পণ্য সংযোজন এ পরিণত হওয়ার পর সৃষ্টি হয়, তাহা কোন ব্যক্তির অধিকারের অধীনস্ত হইবে যাহার -

(ক) পণ্য সংযোজনে পরিণত হইবার সময়ে অন্যান্য পণ্যে কোন অধিকার রহিয়াছে এবং যিনি-

(অ)উক্ত সিকিউরিটি অধিকারে সম্মতি দেন নাই;

(আ) পণ্য বা সংযোজনে কোন অধিকারের দাবিত্যাগ করেন নাই;

(ই) এরূপ কোন চুক্তিতে আবদ্ধ হন নাই যাহার অধীনে একজন ব্যক্তি সংযোজন অপসারণের ক্ষমতা প্রাপ্ত হন; অথবা

(ঈ) অন্য কোনভাবে জামিনদারকে সংযোজন অপসারণে বাধা দানে বারিত হন না, অথবা

(খ) পণ্য সংযোজনে পরিণত হওয়ার পর সমগ্র পণ্যের উপর কোন অধিকার অর্জন করেন, যদি উক্ত অধিকার জ্ঞান ব্যতীত এবং সংযোজনে সিকিউরিটি অধিকার সম্পূর্ণকৃত হইবার পূর্বে অর্জিত হয়।

(৫) কোন সিকিউরড পক্ষ যাহার, এই আইনের অধীনে সমগ্র পণ্য থেকে কোন সংযোজন অপসারণের অধিকার রহিয়াছে, এই অপসারণের অধিকার তিনি এমন পদ্ধতিতে প্রয়োগ করিবেন যাহা -

(ক) সমগ্র পণ্য বা অন্যান্য পণ্যের বৃহত্তর লোকসান বা ক্ষতি সাধন না করে; অথবা

(খ) সমগ্র পণ্যের দখলে থাকা ব্যক্তিকে বৃহত্তর অসুবিধার সম্মুখীন না করে; এবং

যাহা ঐরূপ সংযোজন অপসারণের ক্ষেত্রে প্রয়োজনীয়ভাবে প্রাসঙ্গিকের চেয়ে বেশি না হয়।

(৬) জামিনদার ব্যতীত অন্য কোন ব্যক্তি, যাহার সিকিউরিটি অধিকারের সাথে সম্পৃক্ত পণ্য সংযোজনের পরিণত হইবার সময়ে সমগ্র পণ্যের উপর কোন অধিকার রহিয়াছে, উক্ত সংযোজন অপসারণের সময় ভূমিতে উক্ত ব্যক্তির অধিকারে সংঘটিত কোন লোকসানের পুনর্ভরণের অধিকারি হইবেন, তবে অপসারিত সংযোজনের অনুপস্থিতি কিংবা প্রয়োজনীয়তা বা প্রতিস্থাপনের কারণে সমগ্র পণ্যের মূল্যের হ্রাস ঘটিলে তিনি কোন পুনর্ভরণের অধিকারি হইবেন না।

(৭) উপধারা (৬) এর অধীনে পুনর্ভরণের অধিকার প্রাপ্ত ব্যক্তি সংযোজন অপসারণের অনুমতি প্রত্যাখ্যান করিতে পারিবেন যতক্ষণ না পর্যন্ত সিকিউরড পক্ষ পুনর্ভরণের নিমিত্তে পর্যাপ্ত নিরাপত্তা জামানত প্রদান না করেন।

(৮) সিকিউরড পক্ষ নিম্নোক্ত এক বা একাধিক বিষয়ের জন্য কোন আদালতে আবেদন করিতে পারিবেন-

(ক) এই ধারার অধীনে পুনর্ভরণের অধিকারপ্রাপ্ত ব্যক্তি নির্ধারণজনিত আদেশ;

(খ) সিকিউরড পক্ষকর্তৃক প্রদানকৃত নিরাপত্তা জামানতের পরিমাণ ও ধরণ নির্ধারণজনিত কোন আদেশ;

(গ) নিরাপত্তা জামানতের ডিপোজিটরি নির্ধারণজনিত কোন আদেশ;

(ঘ) উপধারা (৭) এর অধীনে পুনর্ভরণের জন্য নিরাপত্তা জামানত প্রদান ব্যতীত পণ্য অপসারণের অনুমোদনজনিত কোন আদেশ।

(৯) কোন ব্যক্তি যাহার সমগ্র পণ্যে এমন অধিকার রহিয়াছে যাহা এই ধারায় প্রদত্ত কোন সিকিউরিটি অধিকারের অধীনস্ত, সিকিউরড পক্ষ কর্তৃক সমগ্র পণ্য হইতে সংযোজন অপসারিত হইবার পূর্বে সিকিউরড পক্ষকে নিম্নোক্ত পরিমাণের মধ্যে যাহা ক্ষুদ্রতর সেই পরিমাণ অর্থ পরিশোধের মাধ্যমে ঐ সংযোজন নিজের কাছে সংরক্ষিত রাখিতে পারেন-

(ক) ঐ অধিকারের উপর অগ্রগণ্যতা রহিয়াছে এরূপ সিকিউরিটি অধিকার কর্তৃক সুরক্ষিত আর্থিক পরিমাণ; এবং

(খ) সংযোজনের বাজারমূল্য যদি সংযোজনটি অন্যান্য পণ্য থেকে অপসারিত হয়ে থাকে।

(১০) সমগ্র পণ্য থেকে সংযোজন অপসারণের অধিকার রহিয়াছে এরূপ কোন সিকিউরড পক্ষ, নিম্নলিখিত প্রত্যেক ব্যক্তিকে সংযোজন অপসারণের উদ্দেশ্যে সিকিউরড পক্ষের অভিপ্রায়ের নোটিশ প্রদান করিবে -

(ক) সিকিউরড পক্ষের জানা মতে কোন ব্যক্তি যাহার অন্যান্য পণ্য কিংবা সমগ্র পণ্যে কোন অধিকার রহিয়াছে; অথবা

(খ) যিনি কোন আর্থিক বিবৃতি রেজিস্ট্রেশন করিয়াছেন -

(অ) জামিনদারের নাম ব্যবহার করিয়া এবং অন্যান্য পণ্যের উল্লেখ করিয়া; অথবা

(আ) অন্যান্য পণ্যের ক্রমিক নম্বর অনুসারে, যদি তাহা কোন ক্রমিক চিহ্নিত পণ্যসামগ্রী হয়;

(১১) উপধারা (১০) এ উল্লেখিত নোটিসে থাকিতে হইবে -

(ক) সিকিউরড পক্ষের নাম এবং ঠিকানা;

(খ) অপসারণযোগ্য পণ্যের একটি বর্ণনা;

(গ) সিকিউরিটি অধিকার দ্বারা সিকিউরড দায় পরিশোধ করিবার জন্য প্রয়োজনীয় টাকার পরিমাণ;

(ঘ) সংযোজনের বাজার মূল্য;

(ঙ) অন্যান্য পণ্যের বর্ননা; এবং

(চ) পণ্য অপসারণের উদ্দেশ্যে অভিপ্রায় বিবৃতি, যদি না উপধারা (৯) উল্লেখিত পরিমাণ কোন নির্ধারিত দিন বা উক্ত দিনের পূর্বে পরিশোধিত হয় এবং উক্ত দিন উপধারা (১২) অনুসারে নোটিশ প্রদানের পর ১৫ (পনের) দিনের কম হইবে না।

(১২) উপধারা (১০) এ উল্লেখিত নোটিশ সংযোজন অপসারণের কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে প্রদান করিতে হইবে, এবং প্রাপ্তি স্বীকারপত্র সহকারে রেজিস্টার্ড ডাকযোগে যে সকল ব্যক্তিকে নোটিশ প্রদান করিতে হইবে, তাহাদের আর্থিক বিবৃতিতে উল্লিখিত ঠিকানায় প্রেরণ করা যাইতে পারে।

(১৩) উপধারা (১০) অনুসারে নোটিশ গ্রহণের অধিকারী কোন ব্যক্তি সংযোজন অপসারণের মুলতুবি আদেশ চাহিয়া কোন আদালতে আবেদন করিতে পারিবেন।

৫৮। একীভূত)Commingled- পণ্য ((১) সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকারাধীন পণ্য পরবর্তীতে কোন উৎপন্ন দ্রব্য (product) বা পদার্থের অংশে পরিণত হইলে, উক্ত সিকিউরিটি অধিকার উক্ত দ্রব্যে বা পদার্থে বিরাজমান থাকে যদি পণ্যসমূহ এমনভাবে প্রস্তুতকৃত, প্রক্রিয়াজাত, সন্নিবেশিত বা একীভূত হয় যাহাতে উৎপন্ন দ্রব্য বা পদার্থে তাহাদের স্বরূপ বিলীন হইয়া যায়।

(২) উপধারা (৪) এবং (৬) সাপেক্ষে, যে ক্ষেত্রে উপধারা (১) অনুসারে একই উৎপন্ন দ্রব্য বা পদার্থে একের অধিক সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকার বিরাজমান থাকে, এবং উক্তরুপ প্রতিটি সিকিউরিটি অধিকার আলাদা আলাদা পণ্যে কোন সিকিউরিটি অধিকার হিসেবে বিদ্যমান ছিলো, ঐ সিকিউরিটি অধিকারসমূহ উৎপন্ন দ্রব্য বা পদার্থে সকল সিকিউরিটি অধিকারের সমষ্টিগত সুরক্ষিত দায়ের আনুপাতিক হারে বিরাজমান থাকিবে।

(৩) ধারা ৪৮ এর উদ্দেশ্য পূরণকল্পে, এমন পণ্যে কোন সিকিউরিটি অধিকারের সম্পূর্ণতা যাহা কোন উৎপন্ন দ্রব্য বা পদার্থের অংশে পরিণত হয়, উক্ত সিকিউরিটি অধিকারের সম্পূর্ণতা উক্ত উৎপন্ন দ্রব্য বা পদার্থের অধিকারের সম্পূর্ণতা হিসেবেও বিবেচিত হইবে।

(৪) উপধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, সিকিউরিটি অধিকারের মাধ্যমে সুরক্ষিত দায়, ঐ পণ্য উৎপন্ন দ্রব্য বা পদার্থের অংশে পরিণত হইবার দিনের বাজার মূল্যের চেয়ে বেশি হইবে না।

(৫) কোন উৎপন্ন দ্রব্য বা পদার্থে সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকারের উপর উপধারা (১) অনুসারে উৎপন্ন দ্রব্য বা পদার্থে বিরাজমান কোন সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকারের যে অগ্রগণ্যতা রহিয়াছে, তাহা উক্ত পণ্য উৎপন্ন দ্রব্য বা পদার্থে পরিণত হইবার দিনের মূল্যের মধ্যে সীমাবদ্ধ থাকিবে।

(৬) কোন পণ্যে সম্পূর্ণকৃত ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকার যাহা পণ্যের উৎপন্ন দ্রব্য বা পদার্থেও বিরাজমান থাকে, তাহার অগ্রগণ্যতা থাকিবে -

(ক) পণ্যে কোন অ-ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকার যাহা উপধারা (১) অনুসারে উৎপন্ন দ্রব্য বা পদার্থে বিরাজমান থাকে;

(খ) দ্রব্য-তালিকা ব্যতীত উৎপন্ন দ্রব্য বা পদার্থে কোন অ-ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকার যাহা একই জামিনদার কর্তৃক প্রদত্ত হয়; এবং

(গ) দ্রব্য-তালিকা হিসেবে উৎপন্ন দ্রব্য বা পদার্থে কোন অ-ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকার যাহা একই জামিনদার কর্তৃক প্রদত্ত হয়; যদি -

(অ) ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকার সম্বলিত সিকিউরড পক্ষ নোটিশ প্রদান করেন উৎপন্ন দ্রব্য বা পদার্থে অ-ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকার সম্বলিত এমন কোন সিকিউরড পক্ষকে, যিনি উৎপন্ন দ্রব্য বা পদার্থে পণ্যের স্বরূপ বিলীন হওয়ার পূর্বে জামানতের বর্ণনা সম্বলিত এমন কোন আর্থিক বিবৃতি রেজিস্ট্রেশন করিয়া থাকেন যাহাতে উক্ত উৎপন্ন দ্রব্য বা পদার্থের বিবরণ অন্তর্ভুক্ত থাকে;

(আ) উপদফা (অ) এ উল্লিখিত নোটিশ এমন একটি বিবৃতি ধারণ করিয়া থাকে যে, জামিনদারকে দ্রব্য-তালিকা হিসেবে সরবরাহকৃত পণ্যে নোটিশ প্রদানকারী ব্যক্তি ক্রয়মূল্যে সিকিউরিটি অধিকার অর্জন করিয়াছেন অথবা তাহা অর্জন করিবার প্রত্যাশা করিয়া থাকেন; এবং

(ই) উপধারা (অ) এ উল্লিখিত নোটিশটি উৎপন্ন দ্রব্য বা পদার্থে পণ্যের স্বরূপ বিলীন হইবার পূর্বে প্রদান করা হইয়া থাকে।

(৭) উপধারা (৬) এর দফা (গ)(অ) তে উল্লেখিত নোটিশ প্রাপ্তি স্বীকারপত্র সহকারে রেজিস্টার্ড ডাকযোগে যে সকল ব্যক্তিকে নোটিশ প্রদান করিতে হইবে, তাহাদের উপধারা (৬) এর দফা (গ)(অ) এ উল্লেখিত আর্থিক বিবৃতিতে উল্লিখিত ঠিকানায় প্রেরণ করা যাইবে।

(৮) ৫৭ ধারা প্রযোজ্য হয় এরূপ কোন সংযোজনে সিকিউরিটি অধিকারের ক্ষেত্রে এই ধারা প্রযোজ্য হইবে না।

৫৯। **স্থাবর সম্পত্তির ইজারার অধীনে পরিশোধ গ্রহণের অধিকার** - এই আইনের অধীনে সম্পূর্ণকৃত স্থাবর সম্পত্তির ইজারার অধীনে পরিশোধ গ্রহণের অধিকারে কোন সিকিউরিটি অধিকার, অন্য কোন আইনের অধীনে সৃষ্ট বা উদ্ভুত অন্য যে কোন পরিশোধ গ্রহণের অধিকারের উপর অগ্রগণ্যতা পাইবে।

৬০। **স্থাবর সম্পত্তির বন্ধকের অধীনে পরিশোধ গ্রহণের অধিকার** - এই আইনের অধীনে সম্পূর্ণকৃত স্থাবর সম্পত্তির কোন বন্ধক বা চার্জের অধীনে পরিশোধ গ্রহণের অধিকারে কোন সিকিউরিটি অধিকার, অন্যকোন আইনের অধীনে সৃষ্ট বা উদ্ভুত অন্য যে কোন পরিশোধ গ্রহণের অধিকারের উপর অগ্রগণ্যতা পাইবে।

৬১। **ব্যাংক হিসাবে সিকিউরিটি স্বার্থের অগ্রগণ্যতা** - (১) কোন ব্যাংক হিসাবে সিকিউরিটি অধিকার যাহা হিসাবধারীতে পরিণত হওয়া সিকিউরড পক্ষ দ্বারা সম্পূর্ণকৃত হয়, তাহা অন্য কোন পদ্ধতিতে সম্পূর্ণকৃত কোন প্রতিযোগী সিকিউরিটি অধিকারের উপরে অগ্রগণ্যতা পাইবে।

(২) ব্যাংক হিসাবে কোন সিকিউরিটি অধিকারে যাহাতে সিকিউরড পক্ষ ডিপোজিট-গ্রহণকারী কোন প্রতিষ্ঠান, তাহা সিকিউরড পক্ষ কর্তৃক হিসাবধারীতে পরিণত হওয়ার মাধ্যমে সম্পূর্ণকৃত সিকিউরিটি অধিকার ব্যতীত, অন্য কোন পদ্ধতিতে সম্পূর্ণকৃত কোন প্রতিযোগী সিকিউরিটি অধিকারের উপরে অগ্রগনন্যতা পাইবে।

(৩) ব্যাংক হিসাবে কোন সিকিউরিটি অধিকার যাহা নিয়ন্ত্রণ চুক্তির মাধ্যমে সম্পূর্ণকৃত হয় তাহা নিম্নোক্ত সিকিউরিটি অধিকার ব্যতীত কোন প্রতিযোগী সিকিউরিটি অধিকারের উপরে অগ্রগণ্যতা লাভ করিবে -

(ক) ডিপোজিট-গ্রহণকারী প্রতিষ্ঠানের কোন সিকিউরিটি অধিকার; অথবা

(খ) হিসাবধারীতে পরিণত হওয়া সিকিউরড পক্ষ কর্তৃক সম্পূর্ণকৃত কোন সিকিউরিটি অধিকার।

(৪) কোন ব্যাংক হিসাবে নিয়ন্ত্রন চুক্তি সম্পাদন দ্বারা সম্পূর্ণকৃত প্রতিযোগী সিকিউরিটি অধিকারসমূহের অগ্রগণ্যতার ক্রমবিন্যাস নিয়ন্ত্রণ চুক্তি সম্পাদনের সময়ের উপর ভিত্তি করিয়া নির্ধারিত হইবে।

(৫) কোন সিকিউরিটি অধিকার যাহা সিকিউরড পক্ষের হিসাবধারীতে পরিণত হইবার মাধ্যমে সম্পূর্ণকৃত হয়, সেই সিকিউরিটি অধিকার ব্যতীত কোন ডিপোজিট-গ্রহণকারী প্রতিষ্ঠানে পরিচালিত ব্যাংক হিসাবে জমাকৃত তহবিল পরিশোধে জামিনদারের অধিকারের বিপরীতে অন্যান্য আইনের অধীনে উক্ত ডিপোজিট-গ্রহণকারী প্রতিষ্ঠানের জামিনদারের বকেয়া দায়ের দাবী-সমন্বয়ের অধিকার, কোন ব্যাংক হিসাবে সিকিউরিটি অধিকারের উপর অগ্রগণ্যতা পাইবে।

(৬) জামিনদার কর্তৃক সূচনাকৃত বা তাহার কর্তৃত্বপ্রাপ্ত কোন হস্তান্তর অনুসারে ব্যাংক হিসাব থেকে তহবিলের কোন হস্তান্তরগ্রহীতা উক্ত ব্যাংক হিসাবে তাহার অধিকার কোন সিকিউরিটি অধিকার মুক্ত অবস্থায় অর্জন করিবে, যদি না হস্তান্তরগ্রহীতার এই বিষয়ে জ্ঞান থাকে যে উক্ত হস্তান্তর সিকিউরিটি চুক্তির অধীনে সিকিউরড পক্ষের অধিকার লঙ্ঘন করিয়াছে।

৬২। **অমধ্যবর্তী- সিকিউরিটিতে সিকিউরিটি স্বার্থের অগ্রগণ্যতা**-(১) সিকিউরড পক্ষ কর্তৃক সার্টিফিকেটের দখল দ্বারা সম্পূর্ণকৃত নিবন্ধীকৃত অমধ্যবর্তী সিকিউরিটিতে কোন সিকিউরিটি অধিকার, একই সিকিউরিটিতে একই জামিনদার কর্তৃক সৃষ্ট এবং রেজিস্ট্রেশনের মাধ্যমে সম্পূর্ণকৃত কোন প্রতিযোগী সিকিউরিটি অধিকারের উপর অগ্রগণ্যতা পাইবে।

(২) অনিবন্ধীকৃত অমধ্যবর্তী সিকিউরিটিতে কোন সিকিউরিটি অধিকার যাহা ইস্যুকারী কর্তৃক বা তাহার পক্ষে এতদুদ্দেশ্যে সংরক্ষিত বহিতে কোন উল্লেখন (notation) দ্বারা সম্পূর্ণকৃত হয়, তাহা একই সিকিউরিটিতে অন্য কোন পদ্ধতিতে সম্পূর্ণকৃত কোন সিকিউরিটি অধিকারের উপর অগ্রগণ্যতা পাইবে।

(৩) অনিবন্ধীকৃত অমধ্যবর্তী সিকিউরিটিতে কোন সিকিউরিটি অধিকার যাহা নিয়ন্ত্রণচুক্তি সম্পাদন দ্বারা সম্পূর্ণকৃত হয়, তাহা একই সিকিউরিটিতে রেজিস্ট্রেশনের মাধ্যমে সম্পূর্ণকৃত কোন সিকিউরিটি অধিকারের উপর অগ্রগণ্যতা পাইবে।

(৪) নিয়ন্ত্রণচুক্তি সম্পাদনের মাধ্যমে সম্পূর্ণকৃত অনিবন্ধীকৃত অমধ্যবর্তী সিকিউরিটিতে প্রতিযোগি সিকিউরিটির স্বার্থসমূহের মধ্যে অগ্রগণ্যতার ক্রমবিন্যাস নিয়ন্ত্রণ চুক্তি সম্পাদনের সময়ের উপর ভিত্তি করিয়া নির্ধারিত হইবে।

৬৩। স্বেচ্ছায় অধীনস্ততা - (১) কোন সিকিউরড পক্ষ, সিকিউরিটি চুক্তি অথবা অন্য কোনভাবে তাহার সিকিউরিটি অধিকারকে অন্য কোন অধিকারের অধীনস্ত করিতে পারেন, এবং এই অধীনস্ততা চুক্তির শর্তানুযায়ী পক্ষদ্বয়ের মধ্যে কার্যকর থাকিবে এবং কোন তৃতীয় পক্ষের মাধ্যমেও তাহা বলবৎ করা যাইবে যদি ঐ তৃতীয় পক্ষ উক্ত অধীনস্ততার সুবিধাভোগী হইয়া থাকেন।

(২)কোন চুক্তি অথবা প্রতিশ্রুতি যাহা -

> (ক) কোন দায়ের সম্পূর্ণ বা কোন অংশের কার্যসম্পাদনে কোন ব্যক্তির অধিকারকে, একই জামিনদারের অন্য কোন দায়ের সম্পূর্ণ বা কোন অংশের কার্যসম্পাদনে অন্য কোন ব্যক্তির অধিকারের পর বা নিম্নে মুলতুবি বা অধীনস্থ করে; অথবা
>
> (খ) সিকিউরিটি চুক্তি অনুসারে কোন সিকিউরড পক্ষের সকল অধিকার অথবা তাহার কোন অংশকে, একই জামিনদারের অন্য কোন সিকিউরিটি চুক্তি অনুসারে অপর কোন সিকিউরড পক্ষের সকল অধিকার অথবা তাহার কোন অংশ বিশেষ এর পর বা নিম্নে মুলতুবি বা অধীনস্থ করে;

তাহা কেবলমাত্র উক্ত মুলতুবীকরণ বা অধীনস্থতার কারণে সিকিউরিটি অধিকার সৃষ্টি করিবে না।

৬৪। জামানতে জামিনদারের অধিকার বিচ্ছিন্নকরণ -(১) এই ধারায়,"**হস্তান্তর**" বলিতে কোডের অধীনে রায় বলবৎকরণ কার্যধারা অথবা সালিস আইন, ২০০১ এর অধীনে সালিসের রোয়েদাদ বলবৎকরণ কার্যধারা অনুযায়ী বিক্রয়, সিকিউরিটি অধিকারের সৃষ্টি ও হস্তান্তর অন্তর্ভুক্ত হইবে।

(২) সিকিউরিটি চুক্তিতে হস্তান্তর নিষেধাজ্ঞা অথবা হস্তান্তরকে খেলাপ হিসেবে ঘোষণা সংক্রান্ত এরূপ কোন বিধান থাকা সত্ত্বেও, জামানতে জামিনদারের অধিকারসমূহ পারস্পরিক সম্মতিক্রমে কিংবা আইনের কার্যকারিতা দ্বারা হস্তান্তর করা যাইতে পারে, কিন্তু জামিনদারের এরূপ হস্তান্তর কোন নিষিদ্ধ হস্তান্তরকে খেলাপ হিসেবে বিবেচনা করিবার অধিকারসহ সিকিউরিটি চুক্তি বা অন্য কোন কিছুর অধীনে সিকিউরড পক্ষের অধিকারসমূহকে ক্ষুণ্ণ করিবে না।

৬৫। স্পর্শাতীত সম্পত্তি ইত্যাদির স্বত্বার্পণ এবং তৃতীয়পক্ষ হিসাব দেনাদারের অধিকার- (১) এই ধারায়, "**স্বত্বপ্রাপক**"কোন সিকিউরড পক্ষ এবং রিসিভারকে অন্তর্ভুক্ত করে।

(২) যদি না কোন স্পর্শাতীত সম্পত্তির হিসাব দেনাদার এই মর্মে কোন বলবৎযোগ্য চুক্তি করিয়া থাকেন যে, কোন চুক্তি থেকে উদ্ভূত দাবী সম্পর্কে পক্ষ সমর্থন প্রয়োগ করিবেন না, স্পর্শাতীত সম্পত্তির কোন স্বত্বপ্রাপকের অধিকারসমূহ নিম্নলিখিত বিষয়াদির প্রযোজ্যতা সাপেক্ষে হইবে -

> (ক) হিসাব দেনাদার এবং স্বত্বপ্রাপকের মধ্যে বিদ্যমান চুক্তির শর্তাবলী এবং ঐ চুক্তি কিংবা ঘনিষ্ঠভাবে সম্পৃক্ত কোন চুক্তি হইতে উদ্ভূত কোন পক্ষ সমর্থন বা দাবি; এবং
>
> (খ) স্বত্বপ্রাপকের বিরূদ্ধে হিসাব দেনাদারের অন্য কোন পক্ষ সমর্থন অথবা দাবি যাহা হিসাব দেনাদারের স্বত্বার্পণ সম্পর্কে জ্ঞান লাভের পূর্বে উদ্ভব হয়।

(৩) সরল বিশ্বাসে এবং যুক্তিসঙ্গাত বাণিজ্যিক মানদন্ড অনুসরণ করিয়া এবং চুক্তির অধীনে স্বত্বপ্রাপকের অধিকার বা চুক্তির কার্যসম্পাদনে স্বত্বপ্রাপকের সামর্থ্যে বাস্তবিকভাবে বিরূপ প্রভাব (material adverse effect) ছাড়া, কোন চুক্তির পরিবর্তন বা প্রতিস্থাপন স্বত্বপ্রাপকের বিরুদ্ধে কার্যকরী হইবে যদি না হিসাব দেনাদার ভিন্নরূপ সম্মতি প্রদান করিয়া থাকেন।

(৪) উপধারা (৩) প্রযোজ্য হইবে-

(ক) চুক্তি থেকে উদ্ভূত পরিশোধ গ্রহণের কোন স্বত্বার্পণকৃত অধিকারের ক্ষেত্রে, ততটুকু পরিমাণে যতটুকু কার্য সম্পাদন দ্বারা অর্জিত হয়নি।

(খ) হিসাব দেনাদারের প্রতি স্বত্বার্পণের নোটিশ প্রদান করা সত্ত্বেও।

(৫) যে ক্ষেত্রে উপধারা (৩) এ বর্ণিত প্রক্রিয়ায় কোন চুক্তি প্রতিস্থাপিত বা সংশোধিত হয়, সেই ক্ষেত্রে স্বত্বার্পণকারী প্রতিস্থাপিত বা সংশোধিত চুক্তির আওতায় যে সকল অধিকার অর্জন করিতেন, স্বত্বপ্রাপকও সেই একই অধিকার অর্জন করিবেন।

(৬) উপধারা (৩) থেকে (৫) এর কোন কিছুই স্বত্বার্পণ চুক্তির কোন শর্তের বৈধতাকে প্রভাবিত করিবে না যাহা এইরূপ বিধান করিয়া থাকে যে, উপধারা (৩) এ উল্লিখিত কোন সংশোধন বা প্রতিস্থাপন স্বত্বার্পণকারী কর্তৃক চুক্তির কোন লঙ্ঘন হইবে।

(৭) যেক্ষেত্রে জামানত হিসেবে স্পর্শাতীত সম্পত্তির স্বত্বার্পণ করা হয়, সেক্ষেত্রে হিসাব দেনাদার চুক্তি অনুসারে স্বত্বার্পণকারীকে নিম্নোক্ত ক্ষেত্রে অর্থ পরিশোধ করিতে পারেন-

(ক) যতক্ষণ না পর্যন্ত হিসাব দেনাদার এরূপ নোটিশ গ্রহণ করিবেন যাহা -

(অ) বিবৃত করে যে চুক্তি অনুসারে পরিশোধযোগ্য কিংবা যাহা পরিশোধযোগ্য হিসেবে পরিণত হইবে সেই পরিমাণ অর্থ স্বত্বার্পণকৃত হইয়াছে এবং তাহা স্বত্বপ্রাপককে পরিশোধ করা হইয়াছে; এবং

(আ) যে চুক্তি অনুসারে উক্ত অর্থ পরিশোধযোগ্য বা পরিশোধের উপযুক্ত হয়, তাহা সনাক্ত করে; অথবা

(খ) পরবর্তীতে যখন -

(অ) হিসাব দেনাদার স্বত্বার্পণের প্রমাণ সরবরাহের জন্য স্বত্বপ্রাপককে অনুরোধ করে; এবং

(আ) স্বত্বপ্রাপক অনুরোধ পাইবার দিন হইতে ১৫ (পনের) দিনের মধ্যে প্রমাণ সরবরাহে ব্যর্থ হয়।

(৮) উপধারা (৭) এর দফা (ক) তে উল্লিখিত নোটিশ অনুসারে কোন হিসাব দেনাদার কর্তৃক স্বত্বপ্রাপককে পরিশোধিত অর্থ হিসাব দেনাদারকে উক্ত পরিশোধের সাপেক্ষে দায় থেকে অব্যাহতি দিবে।

(৯) কোন হিসাব দেনাদার এবং স্বত্বার্পণকারীর মধ্যবর্তী চুক্তির কোন শর্ত যাহা হিসাবের সম্পূর্ণ স্বত্বার্পণকে নিষিদ্ধ অথবা সীমাবদ্ধ করে, তাহা -

(ক) স্বত্বার্পণকারীর উপর বাধ্যতামূলক কিন্তু শুধুমাত্র ততটুকু পর্যন্ত যাহা চুক্তি ভঙ্গের ফলে ক্ষয়ক্ষতির জন্য স্বত্বার্পণকারীকে দায়ী করে; এবং

(খ) তৃতীয় পক্ষের বিরূদ্ধে বলবৎযোগ্য নয়।

সপ্তম অধ্যায়

রেজিস্ট্রেশন পদ্ধতি

৬৬। **আর্থিক বিবৃতির রেজিস্ট্রেশন এবং রেজিস্ট্রি প্রতিষ্ঠা** - (১) এই আইনের উদ্দেশ্যে পূরণকল্পে অথবা সরকার যে রূপ উপযুক্ত মনে করে, সেইরূপ _______ বা অন্যকোন কর্তৃপক্ষ, রেজিস্ট্রি প্রতিষ্ঠা, ব্যবস্থাপনা এবং কার্যক্রম পরিচালনা করিবে।

(২) আর্থিক বিবৃতি রেজিস্ট্রেশন সাথে সম্পৃক্ত ক্ষমতা, দায়িত্ব এবং কার্যক্রম রেজিস্ট্রির মাধ্যমে প্রয়োগ, সম্পাদন এবং পালনকৃত হইবে।

(৩) রেজিস্ট্রি এমনভাবে পরিচালিত হইবে যাহাতে নিম্নোক্ত কোন মানদন্ড (criteria) ব্যবহার করিয়া সহজে এবং দ্রুততার সাথে অনুসন্ধান সহজতর করা যায় -

(ক) জামিনদারের অনন্য সনাক্তচিহ্ন (identifier) দ্বারা;

(খ) জামানতের ক্রমিক নম্বর দ্বারা; অথবা

(গ) নির্ধারিত অন্য কোন অতিরিক্ত মানদন্ডের মাধ্যমে।

৬৭। **আর্থিক বিবৃতিতে প্রদত্ত তথ্য** - (১) আর্থিক বিবৃতি নির্দিষ্ট ক্ষেত্রে অবশ্যই নিম্নোক্ত তথ্যাদি ধারণ করিবে-

(ক) জামিনদারের ঠিকানা এবং সনাক্তচিহ্ন (identifier);

(খ) সিকিউরড পক্ষের ঠিকানা এবং সনাক্তচিহ্ন (identifier);

(গ) জামানতের বিবৃতি যাহা জামিনদারের সমগ্র সম্পত্তিসহ ইহাকে যুক্তিসঙ্গতভাবে সনাক্ত করে;

(ঘ) বিধি কিংবা প্রবিধি দ্বারা নির্ধারিত অন্য কোন তথ্য।

(২) ক্রমিক চিহ্নিত পণ্যে অবশ্যই ক্রমিক নম্বর, পণ্য প্রতীক, এবং প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নাম বর্ণিত থাকিবে, যদি না তাহা দ্রব্য-তালিকা হয়।

৬৮। **রেজিস্ট্রেশনের জন্য আবেদন** - (১) এই আইনের অধীনে রেজিস্ট্রেশনের মাধ্যমে কোন সিকিউরিটি অধিকার সম্পূর্ণকৃত করিবার উদ্দেশ্যে নির্ধারিত ফরমে আর্থিক বিবৃতি রেজিস্ট্রিতে জমা দিতে হইবে।

(২) রেজিস্ট্রি কর্তৃক আরোপিত সময় এবং যখন থেকে ইহা অনুসন্ধানযোগ্য হয়, তখন থেকে আর্থিক বিবৃতির রেজিস্ট্রেশন কার্যকরী হইবে।

(৩) এই অধ্যায়ের আলোকে রেজিস্ট্রার কোন আর্থিক বিবৃতি রেজিস্ট্রেশন বা অনুসন্ধানের ফলাফল ইস্যু করিবেন না যতক্ষণ পর্যন্ত না নির্ধারিত ফি পরিশোধিত হয় অথবা তাহা পরিশোধের ব্যবস্থা গৃহীত হয়।

(৪) কোন সিকিউরিটি চুক্তি সম্পাদনের পূর্বে বা পরে এবং কোন সিকিউরিটি অধিকার সৃষ্টি হইবার পূর্বে অথবা পরে আর্থিক বিবৃতি রেজিস্ট্রেশন করা যাইবে।

(৫) একটি রেজিস্ট্রেশন এক বা একাধিক সিকিউরিটি চুক্তির সাথে সম্পর্কিত হইতে পারে।

(৬) কোন আর্থিক বিবৃতি রেজিস্ট্রেশনের কার্যকারিতা আর্থিক বিবৃতিতে কোন ত্রুটি, অনিয়ম, বর্জন অথবা ভ্রান্তির কারণে ব্যাহত হইবে না যদি না উক্ত ত্রুটি, অনিয়ম, বর্জন বা ভ্রান্তি মারাত্মকভাবে বিভ্রান্তিকর হয়।

(৭) ক্রমিক চিহ্নিত পণ্যের ক্রমিক নম্বরের কোন ত্রুটি শুধুমাত্র জামানতের ক্রেতা কিংবা উহার ইজারাগ্রহীতার বিরূদ্ধে আর্থিক বিবৃতিটিকে অকার্যকর করিবে।

(৮) উপধারা (১১) সাপেক্ষে, যেক্ষেত্রে এক বা একাধিক ব্যক্তির নাম কোন আর্থিক বিবৃতিতে জামিনদার হিসেবে অন্তর্ভুক্ত হয়, এবং যে কোন একজন জামিনদারের অনন্য সনাক্তচিহ্নে মারাত্মক বিভ্রান্তিকর ত্রুটি, অনিয়ম, বর্জন অথবা ভ্রান্তি সৃষ্টি হয়, সেক্ষেত্রে উক্ত রেজিস্ট্রেশন বাতিল হইবে।

(৯) উপধারা (১১) সাপেক্ষে, যেক্ষেত্রে ক্রমিক নম্বরে মারাত্মক বিভ্রান্তিকর ত্রুটি, অনিয়ম, বর্জন অথবা ভ্রান্তি রহিয়াছে, সেক্ষেত্রে উক্ত রেজিস্ট্রেশন বাতিল হইবে।

(১০) উপধারা (৭) বা (৯) এর কোন কিছুই, কোন ত্রুটি, অনিয়ম, বর্জন অথবা ভ্রান্তি মারাত্নকভাবে বিভ্রান্তিকর কি না এমন সিদ্ধান্তে উপনীত হইবার ক্ষেত্রে এরূপ শর্ত আরোপ করিবে না যে কোন ব্যক্তি প্রকৃতভাবেই ইহার দ্বারা বিভ্রান্ত হইয়াছিলেন।

(১১) কোন জামানতের বিষয় বা ধরণ সম্পর্কে আর্থিক বিবৃতিতে বর্ণনা প্রদানে ব্যর্থতা ঐ আর্থিক বিবৃতিতে বর্ণিত অন্যান্য জামানতের রেজিস্ট্রেশনের বৈধতাকে প্রভাবিত করিবে না।

(১২) যদি না অনুলিপি পাওয়ার অধিকারী কোন ব্যক্তি এই ধারা অনুসারে অনুলিপি গ্রহণের অধিকারটি লিখিতভাবে প্রত্যাহার করে, সিকিউরড পক্ষ বা আর্থিক বিবৃতিতে সিকিউরড পক্ষ হিসেবে উল্লিখিত ব্যাক্তি আর্থিক বিবৃতিতে জামিনদার হিসেবে নামযুক্ত প্রত্যেক ব্যক্তিকে -

(ক) রেজিস্ট্রি কর্তৃক ইস্যুকৃত একটি যাচাই বিবৃতি (verification statement) প্রদান করিবেন যাহা আর্থিক বিবৃতির সহিত সম্পর্কিত; অথবা

(খ) রেজিস্ট্রি কর্তৃক ইস্যুকৃত দফা (ক) তে উল্লেখিত যাচাই বিবৃতির (verification statement) অনুলিপি সরবরাহ করিবেন;

আর্থিক বিবৃতি রেজিস্ট্রেশনের পরবর্তী অন্যূন্য ৩০ (ত্রিশ) দিনের মধ্যে।

৬৯। **রেজিস্ট্রেশনের ব্যাপ্তি এবং সংশোধন** - (১) প্রবিধানের শর্ত সাপেক্ষে, এই আইনের অধীনে কোন রেজিস্ট্রেশন আর্থিক বিবৃতিতে নির্দেশিত সময় ব্যাপী কার্যকরী হইবে যাহার মাধ্যমে উক্ত রেজিস্ট্রেশন কার্যকরী করা হইয়াছিল।

(২) রেজিস্ট্রেশনের অবসান হইবার পূর্বে যে কোন সময় একটি সংশোধিত বিবৃতি রেজিস্ট্রেশনের দ্বারা রেজিস্ট্রেশনের কার্যকরীতার সময়সীমা বৃদ্ধি করা যাইতে পারে এবং প্রবিধিমালার শর্তসাপেক্ষে, যে সময়ের জন্য রেজিস্ট্রেশন কার্যকরী তাহা সংশোধনী বিবৃতিতে নির্দেশিত সময়সীমা দ্বারা বৃদ্ধি করা যাইতে পারে।

(৩) কোন রেজিস্ট্রেশন কার্যকর থাকাকালীন যে কোন সময়ে উক্ত রেজিস্ট্রেশনের কোন সংশোধনী কোন সংশোধনী বিবৃতি রেজিস্ট্রেশনের মাধ্যমে কার্যকর করা যাইবে, এবং এই সংশোধনী যখন থেকে সংশোধনী বিবৃতি রেজিস্ট্রেশন করা হইয়াছে তখন থেকে যে রেজিস্ট্রেশন সংশোধিত হইবে উহার মেয়াদ পর্যন্ত কার্যকর থাকিবে।

(৪) রেজিস্ট্রেশন সংশোধনের উদ্দেশ্যে কোন সংশোধনী বিবৃতি রেজিস্ট্রেশন করা যাইতে পারে।

৭০। **হস্তান্তর এবং অধীনস্ততার রেজিস্ট্রেশন**- (১) যে ক্ষেত্রে কোন সিকিউরড পক্ষ রেজিস্ট্রেশনের মাধ্যমে সম্পূর্ণকৃত কোন সিকিউরিটি অধিকার কিংবা ইহার অংশ হস্তান্তর করেন, সেই হস্তান্তর প্রকাশ করিয়া কোন সংশোধনী বিবৃতি রেজিস্ট্রেশন করা যাইতে পারে।

(২) যে ক্ষেত্রে উপধারা (১) এর অনুসারে একটি সংশোধনী বিবৃতি রেজিস্ট্রিকৃত হয় এবং জামানতে কোন অংশের অধিকার হস্তান্তরিত হয়, সংশোধিত বিবৃতিতে উক্ত জামানতের একটি বিবরণ থাকিবে যাহার মাধ্যমে উক্ত অধিকার হস্তান্তরিত হয়।

(৩) যে ক্ষেত্রে কোন সিকিউরড পক্ষ জামানতে কোন অধিকার হস্তান্তর করে এবং যে ক্ষেত্রে সিকিউরড পক্ষের সিকিউরিটি অধিকার রেজিস্ট্রেশনের মাধ্যমে সম্পূর্ণকৃত হয়নি, সেক্ষেত্রে একটি আর্থিক বিবৃতি রেজিস্ট্রেশন করা যাইতে পারে যাহাতে হস্তান্তরগ্রহীতা সিকিউরড পক্ষ হিসেবে প্রকাশিত হয়।

(৪) সিকিউরিটি অধিকারের হস্তান্তর প্রকাশকারী কোন আর্থিক বিবৃতি হস্তান্তরের পূর্বে অথবা পরে রেজিস্ট্রেশন করা যাইতে পারে।

(৫) কোন সিকিউরিটি অধিকারের হস্তান্তর প্রকাশকারী সংশোধনী বিবৃতি রেজিস্ট্রেশনের পর হস্তান্তরগ্রহীতা এই অধ্যায়ের উদ্দেশ্যে সিকিউরড পক্ষ হইবেন।

(৬) যেক্ষেত্রে সিকিউরড পক্ষ কর্তৃক কোন সিকিউরিটি অধিকারের অগ্রগণ্যতা অন্য কোন ব্যাক্তির অধিকারের অধীনস্ত করা হইয়াছে, সেক্ষেত্রে অধীনস্ততা প্রকাশের নিমিত্তে একটি সংশোধনী বিবৃতি উক্ত অধীনস্ত অধিকার কার্যকর থাকা অবস্থায় যে কোন সময় রেজিস্ট্রেশন করা যাইতে পারে।

৭১। **রেজিস্ট্রি রেকর্ড** - (১) যেক্ষেত্রে রেজিস্ট্রিতে কোন একটি আর্থিক বিবৃতি রেজিস্ট্রিকৃত হয়, রেজিস্ট্রার কর্তৃক নির্ধারিত ও ইস্যুকৃত কোন যাচাই বিবৃতি সকল উদ্দেশ্যে যাচাইকৃত বিবৃতি হিসেবেই ধরিয়া নেওয়া হইবে।

(২) রেজিস্ট্রেশনে বিদ্যমান কোন তথ্য রেজিস্ট্রির রেকর্ড হইতে অপসারণ করা যাইবে -

(ক) যখন রেজিস্ট্রেশনটির আর কোন কার্যকারিতা থাকে না;

(খ) রেজিস্ট্রেশনকে বাতিলকারী কোন বাতিলকরণ বিবৃতি গ্রহণের মাধ্যমে;

(গ) যদি সিকিউরড পক্ষ ৭৫ ধারা অনুসারে রেজিস্ট্রেশন রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কোন আদালতের আদেশ রেজিস্ট্রারের নিকট জমা দিতে ব্যর্থ হয়; অথবা

(ঘ) কোন রেজিস্ট্রেশন বাতিলের জন্য আদালতের বাধ্যতামূলক কোন আদেশ গ্রহণের মাধ্যমে।

৭২। **পরোক্ষ নোটিশ** –the Trasnfer of Property Act, 1882 অথবা আপাতত বলবৎ অন্য কোন আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, রেজিস্ট্রিতে কোন আর্থিক বিবৃতির রেজিস্ট্রেশন কোন ব্যক্তির প্রতি ইহার বিদ্যমানতা বা বিষয়বস্তুর পরোক্ষ নোটিশ কিংবা জ্ঞান প্রকাশ করিবে না।

৭৩। **রেজিস্ট্রি অনুসন্ধান** - (১) কোন ব্যক্তি নির্ধারিত পন্থায় কোন অনুসন্ধান এবং অনুসন্ধানের ফলাফলের জন্য অনুরোধ করিতে পারেন -

(ক) একজন জামিনদারের অনন্য সনাক্তচিহ্ন অনুসারে; অথবা

(খ) ক্রমিক চিহ্নিত পণ্য হিসেবে নির্ধারিত প্রকারের ক্ষেত্রে, পণ্যের ক্রমিক নম্বর অনুসারে।

(২) the Evidence Act, 1872 এ যাহা কিছুই থাকুক না কেন, কোন মুদ্রিত অনুসন্ধান ফলাফল যাহা রেজিস্ট্রি কর্তৃক ইস্যুকৃত বলে ধারণা করা হয়, তাহা সাক্ষ্যপ্রমাণ হিসেবে গ্রহণযোগ্য যেন আপাতদৃষ্টিতে তাহা ইহার বিষয়বস্তু প্রমাণ করে।

(৩) রেজিস্ট্রি হইতে কোন মুদ্রিত কাগজাদির কপি যাহা রেজিস্ট্রার কর্তৃক নির্ধারিত প্রক্রিয়ায় প্রত্যায়িত তাহা রেজিস্ট্রারের স্বাক্ষর কিংবা দাপ্তরিক অবস্থান ছাড়াই অবিকল অনুলিপি হিসেবে সাক্ষ্যপ্রমাণ বলিয়া গ্রহণযোগ্য হইবে।

৭৪। **রেজিস্ট্রেশনের বাধ্যতামূলক বাতিল অথবা সংশোধন** - (১) যেক্ষেত্রে রেজিস্ট্রেশনটি শুধুমাত্র ভোক্তাপণ্যের সাথে সম্পর্কিত, সেক্ষেত্রে সিকিউরড পক্ষ সিকিউরিটি চুক্তি যাহা সিকিউরিটি অধিকার সৃষ্টি করে তাহা অনুসারে সকল দায় কার্যসম্পাদিত হওয়ার পর অন্যূন্ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে রেজিস্ট্রেশন বাতিল করিবেন, যদি না ঐ নির্দিষ্ট সময় অতিবাহিত হইবার পূর্বেই রেজিস্ট্রেশন তামাদি হইয়া না থাকে।

(২) যে ক্ষেত্রে-

(ক) সিকিউরিটি চুক্তি অনুসারে ইহার সাথে সম্পর্কিত সকল দায়ের কার্যসম্পাদন করা হইয়াছে;

(খ) সিকিউরড পক্ষ আর্থিক বিবৃতিতে বর্ণিত জামানতের অংশবিশেষ বা সম্পূর্ণ অংশ অব্যাহতি দিতে সম্মত হইয়াছেন;

(গ) আর্থিক বিবৃতিতে উল্লিখিত জামানতের বিবরণ এমন ধরণ বা প্রকারের সম্পত্তি অন্তর্ভুক্ত করে যাহা সিকিউরড পক্ষ এবং জামিনদারের মধ্যকার কোন সিকিউরিটি চুক্তি অনুসারে জামানত নয়; অথবা

(ঘ) সিকিউরড পক্ষ এবং জামিনদারের মধ্যে কোন সিকিউরিটি চুক্তি বিদ্যমান নাই;

সেক্ষেত্রে, জামিনদার অথবা আর্থিক বিবৃতিতে জামানতের মধ্যে পড়ে এরূপ সম্পত্তিতে অধিকার রহিয়াছে এমন কোন ব্যক্তি, কোন বাতিলকরণ বা সংশোধনী বিবৃতি, যাহা যথাযথ, উপধারা (৩) এ নির্ধারিত পন্থায় রেজিস্ট্রেশনের লক্ষ্যে সিকিউরড পক্ষকে লিখিত চাহিদাপত্র প্রদান করিতে পারিবে।

(৩) উপধারা (২) অনুসারে প্রেরিত চাহিদাপত্রটি পাইয়া সিকিউরড পক্ষ রেজিস্ট্রেশন করিবে -

(ক) উপধারা (২) এর (ক) অথবা (ঘ) দফায় বর্ণিত ক্ষেত্রে, রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত কোন বাতিলকরণ বিবৃতি;

(খ) উপধারা (২) এর দফা (খ) এ বর্ণিত ক্ষেত্রে, সংশোধন বা বাতিলকরণ বিবৃতি, প্রযোজ্য ক্ষেত্রে, যাহাতে চুক্তির শর্তাবলী প্রতিফলিত হয়; এবং

(গ) উপধারা (২) এর দফা (গ) তে বর্ণিত ক্ষেত্রে, জামানতের বর্ণনা সংশোধন করিয়া কোন সংশোধনী বিবৃতি যাহা-

সিকিউরড পক্ষ এবং জামিনদারের মধ্যকার সিকিউরিটি চুক্তি অনুসারে জামানত নয় এমন ধরণ বা প্রকারের সম্পত্তি বাদ দিয়ে দেয় এবং সিকিউরড পক্ষ চাহিদাপত্র প্রদানের দিন হইতে অন্যূন্ ১৫ (পনের) দিনের মধ্যে চাহিদা পূরণ করিবে।

(৪) যেক্ষেত্রে কোন সিকিউরড পক্ষ উপধারা (২) এ উল্লেখিত চাহিদাপূরণে ব্যর্থ হয়, সেখানে চাহিদাপত্র প্রদানকারী ব্যক্তি সিকিউরড পক্ষকে চাহিদাপত্র প্রেরণ করা হইয়াছে এরূপ সন্তোষজনক প্রমাণ সহ আদালতের নিকট রেজিস্ট্রার কর্তৃক সংশোধনী বা বাতিলকরণ বিবৃতি রেজিস্ট্রেশনের নির্দেশ প্রদানের জন্য আবেদন করিতে পারিবেন।

(৫) উপধারা (২) এ উল্লেখিত চাহিদাপত্র প্রাপ্তি স্বীকারপত্র সহকারে আর্থিক বিবৃতিতে উল্লিখিত সিকিউরড পক্ষের ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করা যাইবে।

(৬) উপধারা (৪) এর অধীনে সিকিউরড পক্ষ কর্তৃক আদালতের নিকট আবেদনের ভিত্তিতে, আদালত এইরূপ আদেশ প্রদান করিতে পারেন যে, রেজিস্ট্রেশনটি-

(ক) আদালত যেভাবে যথাযথ মনে করিবেন সেরূপ শর্ত অনুসারে রক্ষণাবেক্ষণ হইবে; অথবা

(খ) বাতিল অথবা সংশোধিত হইবে।

(৭) উপধারা (৪) ট্রাস্ট চুক্তিনামা রেজিস্ট্রেশনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যদি আর্থিক বিবৃতি নির্দেশিত করে যে সিকিউরিটি অধিকার প্রদানকারী সিকিউরিটি চুক্তিটি একটি ট্রাস্ট চুক্তিনামা।

(৮) যেক্ষেত্রে রেজিস্ট্রেশনটি উপধারা (৭) এ উল্লেখিত কোন সিকিউরিটি অধিকারের সাথে সম্পর্কিত এবং উপধারা (৩) অনুসারে সিকিউরড পক্ষ কোন সংশোধনী বা বাতিলকরণ বিবৃতি রেজিস্ট্রেশনে ব্যর্থ হয়, সেক্ষেত্রে চাহিদা প্রেরণকারী ব্যক্তি রেজিস্ট্রেশন সংশোধনী বা বাতিলের নির্দেশনামূলক আদেশ চাহিয়া আদালতের নিকট আবেদন করিতে পারিবেন।

(৯) উপধারা (২) অনুসারে প্রদানকৃত চাহিদা পূরণের নিমিত্তে কোন ফি বা ব্যয় আরোপ করা যাইবে না, এবং সিকিউরড পক্ষ কর্তৃক কোন পরিমাণ অর্থও গৃহীত হইবে না, যদি না উক্ত চাহিদা প্রণয়নের পূর্বে পক্ষসমূহ ঐরূপ চার্জ সম্পর্কে সম্মতি জ্ঞাপন করেন।

৭৫। জামানতে জামিনদারের অধিকারের হস্তান্তর - (১) যেক্ষেত্রে একটি সিকিউরিটি অধিকার রেজিস্ট্রেশনের মাধ্যমে সম্পূর্ণকৃত হয় এবং সিকিউরড পক্ষের পূর্বসম্মতিক্রমে জামানতে জামিনদারের সমগ্র বা আংশিক অধিকার জামিনদার কর্তৃক হস্তান্তরিত হয়, সেক্ষেত্রে হস্তান্তরিত জামানতে সিকিউরিটি অধিকার অধীনস্ত হইবে-

(ক) জামানতে সিকিউরিটি অধিকার ব্যতীত অন্য কোন অধিকারের, যাহা হস্তান্তরের ১৫(পনের) দিন অতিবাহিত হইবার পর হইতে সেই সময়ের মধ্যে উদ্ভূত হয় যখন সিকিউরড পক্ষ-

(অ) জামানতে অধিকারের হস্তান্তর গ্রহীতাকে নতুন জামিনদার হিসেবে অন্তর্ভুক্ত করিবার উদ্দেশ্যে রেজিস্ট্রেশন সংশোধন করেন; অথবা

(আ) জামানতের দখল গ্রহণ করেন।

(খ) হস্তান্তরিত জামানতে সম্পূর্ণকৃত কোন সিকিউরিটি অধিকার যাহা দফা (অ) তে উল্লেখিত সময়ে রেজিস্ট্রিকৃত কিংবা সম্পূর্ণকৃত হইয়াছে; এবং

(গ) হস্তান্তরিত জামানতে সম্পূর্ণকৃত কোন সিকিউরিটি অধিকার যাহা হস্তান্তরের পরে এবং হস্তান্তরের পর ১৫ (পনের) দিন অতিবাহিত হইবার পূর্বে রেজিস্ট্রিকৃত বা সম্পূর্ণকৃত হইয়াছে যদি, ১৫ (পনের) দিন অতিবাহিত হইবার পূর্বে -

(অ) জামানতে অধিকারের হস্তান্তরগ্রহীতাকে নতুন জামিনদার হিসেবে সংযুক্ত করিবার উদ্দেশ্যে এই উপধারায় প্রথমোক্ত সিকিউরিটি অধিকারের রেজিস্ট্রেশন সংশোধিত না হয়; অথবা

(আ) সিকিউরডপক্ষ জামানতের দখল গ্রহণ না করিয়া থাকেন।

(২) যেক্ষেত্রে একটি সিকিউরিটি অধিকার রেজিস্ট্রেশনের মাধ্যমে সম্পূর্ণকৃত হয় এবং সিকিউরড পক্ষের এরূপ জ্ঞান থাকে -

(ক) জামানতে জামিনদারের অধিকারের সামগ্রিক বা আংশিক কোন হস্তান্তর; অথবা

(খ) জামিনদারের নতুন সনাক্তচিহ্ন;

সেক্ষেত্রে হস্তান্তরিত জামানতে সিকিউরিটি অধিকার, যে ক্ষেত্রে দফা (ক) প্রযোজ্য হয়, এবং জামানতকৃত সম্পত্তি যাহাতে দফা (খ) প্রযোজ্য হয়, অধীনস্থ হইবে -

(গ) হস্তান্তরিত জামানতে কোন সিকিউরিটি অধিকার ব্যতীত অন্য কোন অধিকারের, যাহা দফা (ক) এবং (খ)-তে উল্লিখিত তথ্য, প্রযোজ্য ক্ষেত্রে, সিকিউরড পক্ষ কর্তৃক অবগত হইবার দিন হইতে পনেরতম দিন অতিবাহিত হইবার সময় হইতে, সেই সময়ের মধ্যে উদ্ভূত হয় যখন সিকিউরড পক্ষ -

(অ) হস্তান্তরগ্রহীতাকে জামিনদার হিসেবে অন্তর্ভুক্ত করার অথবা জামিনদারের নতুন সনাক্তচিহ্ন উল্লেখ করার, যাহা প্রযোজ্য হয়, জন্য রেজিস্ট্রেশন সংশোধন করেন; অথবা

(আ) জামানতের দখল গ্রহণ করেন;

(ঘ) হস্তান্তরিত জামানতে সম্পূর্ণকৃত একটি সিকিউরিটি অধিকার যাহা দফা (গ) তে উল্লেখিত সময়ের মধ্যে রেজিস্ট্রিকৃত বা সম্পূর্ণকৃত হয়; অথবা

(ঙ) হস্তান্তরিত জামানতে কোন সিকিউরিটি অধিকার যাহা সম্পূর্ণকৃত হয় দফা (ক) এবং (খ)-তে উল্লেখিত তথ্য, প্রযোজ্য ক্ষেত্রে, সিকিউরড পক্ষ কর্তৃক অবগত হইবার দিন হইতে, যাহা প্রযোজ্য হয় এবং দফা (গ)-তে উল্লেখিত পনেরতম দিন অতিবাহিত হইবার পূর্বে, যদি ১৫ (পনের) দিন অতিবাহিত হইবার পূর্বে -

(অ) এই উপধারায় প্রথমোক্ত সিকিউরিটি অধিকারের রেজিস্ট্রেশন জামানতের হস্তান্তর গ্রহীতাকে নতুন জামিনদার হিসেবে যুক্ত করা কিংবা জামিনদারের নতুন নাম যুক্ত করা সাপেক্ষে যে রূপ প্রযোজ্য হয়, সংশোধিত না হয়; অথবা

(আ) সিকিউরড পক্ষ জামানতের দখল গ্রহণ না করিয়া থাকেন।

(৩) যেক্ষেত্রে জামানতে জামিনদারের সম্পূর্ণ বা আংশিক অধিকার, সিকিউরড পক্ষের সম্মতি ব্যতিরেকে জামিনদার কর্তৃক হস্তান্তরিত হয় এবং সিকিউরড পক্ষ সর্বশেষ হস্তান্তরগ্রহীতার সনাক্তচিহ্ন সম্পর্কে জ্ঞান লাভের পূর্বে সিকিউরড পক্ষের সম্মতি ছাড়াই জামানতের এক বা একাধিক পরবর্তী হস্তান্তর হইয়া থাকে, সে ক্ষেত্রে সিকিউরড পক্ষ উপধারা (২) মোতাবেক কার্য করিয়াছেন বলিয়া ধরিয়া লওয়া হইবে, যদি সিকিউরড পক্ষ নিম্নোক্ত বিষয়ে জ্ঞান লাভের পর অন্যূন ১৫ (পনের) দিনের মধ্যে একটি সংশোধনী বিবৃতি রেজিস্ট্রেশন করিয়া থাকেন-

(ক) জামানতে দখল রহিয়াছে এমন সর্বশেষ হস্তান্তর গ্রহীতার সনাক্তচিহ্ন; এবং

(খ) এমন তথ্যাদি যাহা কোন সংশোধনী বিবৃতি রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয়;

এবং সিকিউরড পক্ষের কোন মধ্যবর্তী হস্তান্তর গ্রহীতার জন্য কোন সংশোধনী বিবৃতি রেজিস্ট্রেশন করিবার প্রয়োজন হইবে না।

৭৬। **অননুমোদিত রেজিস্ট্রেশনের ফলে ক্ষতিপূরণ প্রাপ্যতা-** (১) যেক্ষেত্রে কোন ব্যক্তি যুক্তিসঙ্গত কারণ ছাড়া জামিনদারের কোন প্রকার অনুমোদন ব্যতীত সিকিউরিটি অধিকার সংশ্লিষ্ট কোন আর্থিক বিবৃতি রেজিস্ট্রেশন করেন,ঐরূপ রেজিস্ট্রেশনের ফলে উদ্ভূত জামিনদারের কোন যুক্তিসঙ্গতভাবে পূর্বপরিজ্ঞেয় লোকসান বা ক্ষতি হইলে জামিনদার ঐ ব্যক্তির নিকট হইতে ক্ষতিপূরণ আদায়ের অধিকারী হইবেন।

(২) রেজিস্ট্রির কার্য সম্পাদনে কোন ভ্রান্তি বা বর্জনের কারণে কোন ব্যক্তি লোকসান বা ক্ষয়ক্ষতির সম্মুখীন হইলে তিনি ক্ষতিপূরণ আদায়ের উদ্দেশ্যে বোর্ডের বিরূদ্ধে মামলা দায়ের করিতে পারিবেন, যে ক্ষেত্রে ঐ লোকসান বা ক্ষতি উদ্ভূত হয়-

(ক) রেজিস্ট্রি কর্তৃক ইস্যুকৃত কোন মুদ্রিত অনুসন্ধানের ফলাফলের উপর নির্ভরশীলতার কারনে;

(খ) ধারা ৬৮ অনুসারে রেজিস্ট্রেশনের জন্য জমাকৃত কোন আর্থিক বিবৃতি রেজিস্ট্রেশনে রেজিস্ট্রারের ব্যর্থতার ফলে।

(৩) কোন ব্যক্তির লোকসান বা ক্ষতির জন্য সরকার সরাসরি কিংবা প্রাতিনিধিকভাবে (vicarious) এই কারণে দায়ী হইবেন না যে -

(ক) এই আইন, প্রবিধান অথবা রেজিস্ট্রির কার্যক্রম সম্পর্কে সরকারের কোন প্রতিনিধি বা কর্মচারী কর্তৃক মৌখিক উপদেশ প্রদান করা হইয়াছে, যদি না মামলা দায়েরকারী ব্যক্তি প্রমাণ করিতে পারেন যে, উক্ত প্রতিনিধি বা কর্মচারী সরল বিশ্বাসে দায়িত্ব পালন করিতেছিলেন না; অথবা

(খ) কোন রেজিস্ট্রেশন কার্যকরী করিবার উদ্দেশ্যে বৈদ্যুতিক উপাত্ত (electronic data) আকারে রেজিস্ট্রিতে প্রেরিত কোন আর্থিক বিবৃতি রেজিস্ট্রেশনে অথবা সঠিকভাবে রেজিস্ট্রেশনে ব্যর্থতার কারণে।

(৪) the Limitation Act, 1908 কিংবা বর্তমানে প্রচলিত অন্য কোন আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই ধারার অধীনে ক্ষতিপূরণের জন্য সরকারের বিরূদ্ধে কোন প্রকার মামলা দায়ের করা যাইবে না, যদি না তাহা আরম্ভ হয় নিম্নোক্ত সময়ের মধ্যে যাহা পূর্ববর্তী তাহার পূর্বে -

(ক) মামলা দায়েরের অধিকারী ব্যক্তি উক্ত লোকসান বা ক্ষতি সম্পর্কে প্রথম অবগত হইবার দুই বছর।

(খ) এরূপ দিন হইতে ১০ (দশ) বছর -

(অ) উপধারা (২) এর দফা (ক) অনুসারে কোন মামলা রুজু করার ক্ষেত্রে, যেই দিন অনুসন্ধানের ফল ইস্যু করা হইয়াছিল;

(আ) উপধারা (২) এর দফা (খ) অনুসারে মামলা রুজু করার ক্ষেত্রে, যেই দিন আর্থিক বিবৃতি রেজিস্ট্রেশনের জন্য জমা প্রদান হইয়াছিল।

(৫) এই আইন, প্রবিধিমালা কিংবা অন্য কোন আইনের অধীনে রেজিস্ট্রার, কর্মকর্তা বা কর্মচারী কর্তৃক কোন দায়িত্ব পালন বা কার্য সম্পাদনকালে কোন ভ্রান্তি বা বর্জনের কারণে সরকার, রেজিস্ট্রার অথবা রেজিস্ট্রির কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরূদ্ধে কোন মামলা দায়ের করা যাইবে না।

৭৭। **রিসিভার নিয়োগ সম্পর্কে রেজিস্ট্রারকে অবগত করিবার আবশ্যকতা** - (১) কোন ব্যক্তি যিনি ধারা ৯১ অনুসারে রিসিভার নিয়োগের আবেদন করেন, আদালত হইতে নিয়োগের আদেশ প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে রেজিস্ট্রারের মাধ্যমে ঐ নিয়োগ রেজিস্ট্রেশন করিবেন।

(২) কোন ব্যক্তি এই আবশ্যকতা পালনে ব্যর্থ হইলে তিনি বিধি দ্বারা নির্ধারিত অর্থদন্ড প্রদানের জন্য দায়ী হইবেন।

অষ্টম অধ্যায়

খেলাপকালীন অধিকার এবং প্রতিকার

৭৮। **প্রয়োগ** - (১) এই অধ্যায়ে ভিন্নতর কোন বিধান থাকা সাপেক্ষে, এই অধ্যায়ের বিধানাবলী শুধুমাত্র সেই সকল সিকিউরিটি অধিকারের জন্য প্রযোজ্য হইবে যাহা কোন দায় পরিশোধ বা কার্যসম্পাদন নিশ্চিত করে।

(২) খেলাপী হবার পর, জামিনদার এবং সিকিউরড পক্ষ প্রয়োগের অধিকারী হইবেন-

(ক) এই অধ্যায়ের অধীনে প্রদত্ত যে কোন অধিকার; এবং

(খ) সিকিউরিটি চুক্তি বা অন্য কোন আইনে প্রদত্ত যে কোন অধিকার।

(৩) এই অধ্যায়ে প্রদত্ত অধিকার এবং প্রতিকারগুলো হবে ক্রমপুঞ্জিত (cumulative)।

৭৯। **সিকিউরড পক্ষের খেলাপকালীন অধিকার এবং প্রতিকার** - (১) যেক্ষেত্রে কোন জামিনদার সিকিউরিটি চুক্তির খেলাপ করে, সেক্ষেত্রে জামিনদারের বিপক্ষে সিকিউরড পক্ষের রহিয়াছে -

(ক) সিকিউরিটি চুক্তিতে প্রদত্ত অধিকার এবং প্রতিকারসমূহ;

(খ) এই অধ্যায়ে এবং ধারা ৫৫, ৫৬ এবং ৫৭ তে বর্ণিত অধিকার, প্রতিকার এবং দায়সমূহ; এবং

(গ) সিকিউরড পক্ষ যদি জামানতের দখলে বা নিয়ন্ত্রণে থাকে, তাহলে ধারা ৩৫ এ প্রদত্ত অধিকার, দায়িত্ব এবং প্রতিকারসমূহ।

(২) সিকিউরড পক্ষ তাহার সিকিউরিটি অধিকার আইনে অনুমোদিত যেকোন পন্থায় বলবৎ করিতে পারিবে, এবং যদি জামানতটি বা জামানতের অংশ স্বত্ব দলিল হইয়া থাকিলে সিকিউরড পক্ষ স্বত্ব দলিল বা উক্ত দলিলের অধীন পণ্যসমূহের বিপরীতে অগ্রসর হইতে পারিবে। স্বত্ব দলিল বলবতকরণের জন্য অনুমোদিত যে কোন পন্থা উক্ত দলিলের অধীনের পণ্যসমূহের ক্ষেত্রেও প্রয়োজনীয় পরিবর্তন সাপেক্ষে অনুমোদিত হইবে।

(৩) উপ-ধারা (৫) এর বিধান সাপেক্ষে, সিকিউরিটি চুক্তিতে জামিনদার এবং সিকিউরড পক্ষের অধিকার এবং কর্তব্যসমূহ পরিমাপের জন্য মানদন্ড নির্ধারিত থাকিতে পারে, তবে উক্ত মানদন্ড অধিকার এবং কর্তব্যসমূহের ধরণ অনুযায়ী প্রকাশ্যভাবে অযৌক্তিক হইবে না।

(৪) ধারা ৩৫ এবং ধারা ৮৫ হইতে ৮৮ এর বিধানাবলী, যতদূর পর্যন্ত তাহারা জামিনদারকে নির্দিষ্ট কিছু অধিকার দেয় এবং সিকিউরড পক্ষের উপর নির্দিষ্ট কিছু কর্তব্য আরোপ করে, ধারা ৩৫(১), ৩৫(২)(ঘ), ৮৫(৯)(ছ), ৮৬(১) এবং ৮৮(১)(খ) এর বিধানাবলী ব্যতীত অন্য কোন ভাবে অপসারণ বা পরিবর্তন করা যাইবে না।

(৫) যেক্ষেত্রে স্থাবর এবং অস্থাবর সম্পত্তির উপর স্বার্থ আরোপের মাধ্যমে একই দায় সুরক্ষিত করা হয়েছে, সেখানে সিকিউরড পক্ষ যদি চাহেন -

(ক) অস্থাবর সম্পত্তির ক্ষেত্রে এই অধ্যায়ের অধীনে অগ্রসর হইতে পারেন; অথবা

(খ) স্থাবর এবং অস্থাবর সম্পত্তি উভয়ের ক্ষেত্রে এমনভাবে অগ্রসর হইতে পারেন যেন অস্থাবর সম্পত্তিটিকে স্থাবর সম্পত্তি হিসেবে গণ্য করা হইবে, এবং সেক্ষেত্রে এই অধ্যায়ের বিধানাবলী প্রযোজ্য হইবে না।

(৬) স্থাবর এবং অস্থাবর সম্পত্তির বিক্রয়লব্ধ অর্থ বিতরণের ক্ষেত্রে, যেক্ষেত্রে স্থাবর এবং অস্থাবর সম্পত্তির জন্য বিক্রয়মূল্য আলাদাভাবে বরাদ্দ করা নাই, সেক্ষেত্রে অস্থাবর সম্পত্তি বিক্রয়ের উপর আরোপণীয় মোট মূল্য হইবে, বিক্রয়ের সময় অস্থাবর সম্পত্তির বাজারমূল্যের স্থাবর এবং অস্থাবর সম্পত্তির মোট বাজারমূল্যের আনুপাতিক হার।

(৭) কোন সিকিউরিটি অধিকার শুধুমাত্র এই কারণে একত্রিত (merge) হইবে না যেউক্ত দাবীটি সিকিউরড পক্ষ কর্তৃক আনীত কোন আদালতের আদেশের মাঝে সন্নিবেশিত হইয়াছে, অথবা উক্ত আদেশের অধীনে সিকিউরড পক্ষ জামানতের উপর প্রয়োগ (execution) আরোপ করিয়াছে।

(৮) এই অধ্যায়ের অধীনে সিকিউরড পক্ষ কর্তৃক কার্যকরকৃত কোন অধিকার অন্য কোন অধিকারের কার্যকারিতাকে বাধাগ্রস্থ করিবে না, যদি না কোন অধিকার অপর কোন অধিকারের প্রয়োগকে অসম্ভব করিয়া তোলে।

৮০। **দ্রুততা অনুচ্ছেদ) Accelaration clause(** – যে ক্ষেত্রে কোন সিকিউরিটি চুক্তিপত্রে এইরূপ বিধান থাকে যে, কোন সিকিউরড পক্ষের কাছে যদি জামানতটি বিপন্ন কিংবা সিকিউরড পক্ষ অনিরাপদ বলিয়া বিবেচিত হয় তাহলে উক্ত সিকিউরড পক্ষ দায়ের পরিশোধ বা কার্যসম্পাদন দ্রুতগামী (accelerate) করিতে পারিবে, সেক্ষেত্রে উক্ত সিকিউরিটি চুক্তিপত্রটি এমনভাবে ব্যাখ্যা করা হইবে যেন সিকিউরড পক্ষের ঐরুপ অধিকার রহিয়াছে, তবে শুধুমাত্র সেইক্ষেত্রে যেখানে সিকিউরড পক্ষ সরল বিশ্বাসে মনে করে এবং এরূপ মনে করিবার বাণিজ্যিকভাবে যুক্তিসংগত কারণ রহিয়াছে যে, পরিশোধ কিংবা কার্যসম্পাদনের সম্ভাবনা বাঁধাগ্রস্থ হইয়াছে বা হইতে পারে কিংবা জামানতটি বিপন্ন হইয়াছে কিংবা হইতে চলিয়াছে।

৮১। **বলবতকরণ বাতিলে জামিনদারের অধিকার** - (১) বলবতকরণের যুক্তিসঙ্গত খরচ সহ সিকিউরড দায়ের পরিপূর্ণ কার্যসম্পাদন করিবার মাধ্যমে, এই অধ্যায়ের অধীনে কোন সিকিউরিটি অধিকারের বলবতকরণ বাতিল করিবার অধিকার জামিনদারের রহিয়াছে।

(২) এই বাতিলকরণের অধিকার প্রয়োগ করা যাইবে যতক্ষণ পর্যন্ত না নিম্নোক্ত ঘটনার মধ্যে যাহা আগে ঘটে -

(অ) সিকিউরড পক্ষ কর্তৃক জামানতের বিক্রয়, আয়ত্তকরণ (acquisition), সংগ্রহ বা অন্য কোন নিষ্পত্তিকরণ; এবং

(আ) সিকিউরড সম্পদের বিক্রয় বা অন্য কোন নিষ্পত্তি করিবার জন্য সিকিউরড পক্ষ কর্তৃক কোন চুক্তির সম্পাদন।

৮২। **সিকিউরড পক্ষের আদায়ের অধিকার-** (১) কোন সিকিউরিটি চুক্তির অধীনে সম্মত হইলে এবং কোন খেলাপের ঘটনা ঘটিলে, সিকিউরড পক্ষের অধিকার রহিয়াছে -

(ক) সিকিউরড পক্ষকে সরাসরি পরিশোধ করিবার জন্য কোন হিসাব দেনাদার কিংবা দেনাদারকে দলিলের মাধ্যমে জানানোর, স্বত্বার্পণকারী (assignor) উক্ত জামানতের অধীনে আদায় করিতে থাকুক বা না থাকুক;

(খ) ধারা ৪১ এর অধীনে যে আয়ের উপর সিকিউরড পক্ষের অধিকার রহিয়াছে তাহা গ্রহণ করা;

(গ) ঋণদায় হিসেবে অর্থ, হিসাব, দলিল বা জামানত আকারে গৃহীত সিকিউরিটি ব্যবহার করা যাহা সিকিউরিটি অধিকার দ্বারা সুরক্ষিত দায়ের দাবি পূরণ করে;

(২) সিকিউরড পক্ষ বাণিজ্যিকভাবে যুক্তিসংগত পন্থায় অগ্রসর হইবে, এবং আদায় খরচ যুক্তিসংগত হারে কর্তন করিতে পারে -

(অ) কোন হিসাবের অধীন হিসাব দেনাদার বা কোন দলিলের অধীন কোন দেনাদারের নিকট হইতে সংগৃহীত অর্থ হইতে,

(আ) জামানত হিসেবে ধরিয়া রাখা অর্থ হইতে;

(৩) উপধারা (১) এর দফা (ক) এবং (খ) অনুসারে কোন হিসাব বা দলিলের উপর সিকিউরিটি অধিকার বলবতকরণের সময় সিকিউরড পক্ষ জামিনদারকে বলবত করিবার অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে নোটিশ প্রেরণ করিবে।

৮৩। **ব্যাংক হিসাবের বিপরীতে বলবতকরণ** - যদি কোন ব্যাংক হিসাবে জমাকৃত অর্থ পরিশোধ গ্রহণের অধিকারের উপর কোন সিকিউরিটি অধিকার রেজিস্ট্রেশন দ্বারা সম্পূর্ণকৃত করা হয়, তাহলে সিকিউরড পক্ষ কেবলমাত্র আদালতের আদেশ দ্বারা তাহার সিকিউরিটি অধিকার আদায় বা অন্য যে কোন মাধ্যমে বলবত করিতে পারিবে, যদি না ডিপোজিট-গ্রহণকারী প্রতিষ্ঠান অন্য কোনভাবে সম্মত হয়।

৮৪। **খেলাপের ফলে পুনঃদখল** - (১) খেলাপ হইলে -

(ক) সিকিউরড পক্ষ, যদি অন্য কোনভাবে সম্মত না হইয়া থাকে, আদালতে আবেদন ব্যাতিরেকে এবং জামিনদার বা জামানতের দখলে থাকা অন্য কোন ব্যক্তিকে ১০ (দশ) দিনের খেলাপ এবং সিকিউরড পক্ষ কর্তৃক জামানতের দখল গ্রহণ অভিপ্রায় সংক্রান্ত নোটিশ প্রদান সাপেক্ষে, জামানতের দখল গ্রহণ করিতে পারিবে;

(খ) যদি জামানতটি এমন ধরণের হইয়া থাকে যাহা জামিনদারের আঙ্গিনা হইতে তাৎক্ষণিকভাবে অপসারণ করা যাইবে না, অথবা এমন ধরণের যাহার গুদামজাতকরণের ব্যবস্থা তাৎক্ষণিকভাবে পাওয়া যাইবে না, তাহা হইলে সিকিউরড পক্ষ যুক্তিসংগত ভাবে, উক্ত জামানতকে জামিনদারের আঙ্গিনা হইতে অপসারণ না করিয়া অব্যবহার্য করিয়া দিতে পারিবে, এবং এক্ষেত্রে সিকিউরড পক্ষ উক্ত জামানতের দখল গ্রহণ করিয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(গ) সিকিউরড পক্ষ ধারা ৮৫ এর আলোকে জামিনদারের আঙ্গিনায় জামানতের নিষ্পত্তি করিতে পারে।

(২) যদি জামানতটি এমন ধরণের হয় যাহা পচনশীল বা যাহার মূল্য দ্রুত হ্রাসমান, সেক্ষেত্রে উপ-ধারা (১) এর দফা (ক) তে বিবৃত নোটিশ প্রদান করা প্রয়োজন হইবে না।

(৩) যদি কোন উচ্চপদস্থ (higher ranking) সিকিউরড পক্ষ সিকিউরড সম্পদের দখলে থাকে, তাহলে নিম্নপদস্থ (lower ranking) সিকিউরড পক্ষ উক্ত সিকিউরড সম্পদের দখল নিতে পারিবে না।

৮৫। **জামানত বাজেয়াপ্তকরণ বা পুনঃদখলের পর জামানতের নিষ্পত্তি করিবার অধিকার** - (১) সিকিউরড পক্ষ কোন জামানত বিদ্যমান অবস্থাতেই অথবা যুক্তিসংগত মেরামত, প্রক্রিয়াজাতকরণ বা বন্দোবস্তের প্রস্তুতি গ্রহণের পর, তাহা নিষ্পত্তি করিতে পারিবে।

(২) কোন জামানতের নিষ্পত্তি করিবার পর উহার আয় পর্যায়ক্রমিকভাবে প্রয়োগ হইবে -

(ক) জামানতের বাজেয়াপ্তকরণ, পুনঃদখল, ধারণ, মেরামতকরণ, প্রক্রিয়াজাতকরণ বা নিষ্পত্তির জন্য প্রস্তুতকরণে ব্যয়িত যুক্তিসংগত খরচ এবং সিকিউরড পক্ষ কর্তৃক ব্যয়িত অন্য কোন যুক্তিসঙ্গত খরচ; এবং

(খ) এরপর, নিষ্পত্তিকারী সিকিউরড পক্ষের সিকিউরিটি অধিকার দ্বারা সংরক্ষিত দায়ের দাবীপূরণ (satisfaction);

এবং কোন উদ্বৃত্ত অর্থ ধারা ৮৬ অনুসারে বন্টিত হইবে।

(৩) ধারা ৮৭ এর বিধানাবলী সাপেক্ষে, সিকিউরড পক্ষ কোন জামানতের সম্পূর্ণ বা আংশিক অংশের নিষ্পত্তি বাণিজ্যিকভাবে যুক্তিসংগতসময় পর্যন্ত বিলম্ব করিতে পারিবে।

(৪) কোন জামানতের নিষ্পত্তি হইতে পারে -

(ক) ব্যক্তিগত বিক্রয় দ্বারা;

(খ) প্রকাশ্য বিক্রয় দ্বারা, যাহাতে উন্মুক্ত নিলাম এবং বদ্ধ টেন্ডার অন্তর্ভুক্ত থাকিবে;

(গ) একটি সম্পূর্ণ অংশ হিসেবে বা বাণিজ্যিক অংশ বা ইউনিট হিসেবে; অথবা

(ঘ) ইজারা দ্বারা।

(৫) কোন সিকিউরড পক্ষ যিনি জামানতের নিষ্পত্তিকরণে ইচ্ছুক, তিনি এরূপ নিষ্পত্তিকরণের অনধিক ১০ (দশ) দিন পূর্বে, উপ-ধারা (৬) এ উল্লেখিত বিষয়বস্তু বিবৃত করিয়া একটি নোটিশ প্রেরণ করিবেন -

(ক) জামিনদারের প্রতি, যিনি সিকিউরড দায়ের বিপরীতে পরিশোধ বা কার্যসম্পাদনের জন্য বাধিত, এবং সিকিউরড পক্ষের নিকট জামানতের মালিক হিসেবে জ্ঞাত অন্য কোন ব্যক্তির প্রতি;

(খ) জামানতে সিকিউরিটি অধিকার রয়েছে এরূপ সকল ব্যক্তির প্রতি, এবং

(অ) সিকিউরড পক্ষ যখন জামানত বাজেয়াপ্ত বা পুনঃদখল করিয়াছিলেন, তখন যাহাদের সিকিউরিটি অধিকার দখলের মাধ্যমে সম্পূর্ণকৃত হইয়াছিল; অথবা

(আ) যিনি জামানতের সাপেক্ষে একটি আর্থিক বিবৃতি রেজিস্ট্রেশন করাইয়াছিলেন, যাহা সিকিউরড পক্ষ কর্তৃক জামানত পুনঃদখলের পূর্বেই কার্যকর হইয়াছিল।

(গ) উক্ত জামানতে স্বার্থ আছে এইরূপ প্রত্যেক ব্যক্তি, যিনি জামিনদারের নিকট নোটিশ পৌছানোর পূর্বেই উক্ত স্বার্থের লিখিত নোটিশ সিকিউরড পক্ষকে প্রেরণ করিয়াছিলেন।

(৬) উপ-ধারা (৫) এ বর্ণিত নোটিসে নিম্নলিখিত তথ্যসমূহ বিবৃত হইবে -

(ক) জামানতের একটি সংক্ষিপ্ত বিবরণ;

(খ) সিকিউরিটি অধিকার দ্বারা সংরক্ষিত দায়টির দাবীপূরণ (satisfy) করিতে প্রয়োজনীয় অর্থের পরিমাণ;

(গ) প্রকৃত বকেয়ার পরিমাণ, সিকিউরিটি চুক্তিনামায় দ্রুততা অনুচ্ছেদের (acceleration clause) কার্যকারিতা বাদ দিয়া, এবং অর্থ পরিশোধ না করা ও সিকিউরিটি চুক্তির যে শর্ত ভঙ্গ করিবার কারণে খেলাপ হয়েছে, তাহা বাদে অন্য কোন খেলাপের সংক্ষিপ্ত বিবরণ;

(ঘ) উপধারা (২) এর (ক) দফায় বর্ণিত খরচের পরিমাণ, অথবা যে ক্ষেত্রে উক্ত খরচের পরিমান নিরূপণ করা হয়নি, সেক্ষেত্রে তাহার একটি যুক্তিসংগত প্রাক্কলন;

(ঙ) এইরূপ একটি বিবৃতি যে, অর্থ গ্রহণের সময় জামিনদার আইন বা চুক্তিপত্রের অধীনে যে সকল রেয়াত বা সুবিধা পাইবার অধিকারী হইতেন, তাহা অর্থ পরিশোধকারীর প্রতি আকলন (credit) করা হইবে;

(চ) এইরূপ একটি বিবৃতি যে, উপধারা (৬) এর দফা (খ) এবং (ঘ) এর অধীনে প্রাপ্য অর্থ পরিশোধ করা হইলে, যে ব্যক্তি নোটিশ লাভের অধিকারী ছিলেন তিনি জামানত পুনরুদ্ধার (redeem) করিয়া নিতে পারিবেন;

(ছ) এইরূপ একটি বিবৃতি যে, উপধারা (২) এর দফা (ক) এর অধীনে প্রাপ্য অর্থ সহ প্রকৃত বকেয়া পরিশোধ করা হইলে, সিকিউরিটি চুক্তিনামায় দ্রুততা অনুচ্ছেদের (acceleration clause) কার্যকারিতা বাদ দিয়া, অথবা অন্য কোন খেলাপের প্রতিকার করিয়া, যাহা প্রযোজ্য হয়, জামিনদার সিকিউরিটি চুক্তিপত্রকে পুনর্বহাল করিতে পারিবেন;

(জ) এইরূপ একটি বিবৃতি যে, যদি জামানত পুনরুদ্ধার (redeem) করিয়া নেওয়া না হয় অথবা সিকিউরিটি চুক্তি পুনর্বহাল না করা হয়, তবে জামানতের নিষ্পত্তি করা হইবে এবং কোনরূপ ঘাটতির জন্য জামিনদার দায়ী হইবেন;

(ঝ) প্রকাশ্য বিক্রয়ের তারিখ, সময় ও স্থান অথবা এমন তারিখ যাহার পর জামানতের ব্যক্তিগত নিষ্পত্তি করা হইবে;

(৭) যে ক্ষেত্রে উপধারা (৫) এর অধীনে নোটিশ জামিনদার ব্যতীত অন্য কোন ব্যক্তিকে প্রদান করা হয়, সেক্ষেত্রে উহাতে উপধারা (৬) এর দফা (গ), (ছ) এবং (জ) এর প্রয়োজনীয় তথ্য প্রদা্ন করিবার প্রয়োজন নাই, এবং যে ক্ষেত্রে জামিনদার সিকিউরিটি চুক্তি পুনর্বহাল করিবার অধিকারী নন, সেখানে জামিনদারের প্রতি নোটিসে উপধারা (৬) এর দফা (গ) এবং (ছ) এর প্রয়োজনীয় তথ্য প্রদান করিবার প্রয়োজন নাই;

(৮) যদি সিকিউরড পক্ষ কর্তৃক জামিনদারের নিকট হইতে ঘাটতি আদায় করিবার অধিকার না থাকে, তাহা হইলে উপধারা (৬) এর দফা (জ) এর অধীনে প্রদত্ত বিবৃতিতে জামিনদারের পক্ষে কোন ঘাটতি পরিশোধ করা সংক্রান্ত কোন বিবরণ থাকা যাইবে না।

(৯) উপধারা (৫) এর বিধানাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, উক্ত উপধারায় উল্লেখিত নোটিশ প্রেরণ করিবার প্রয়োজন হইবে না যেখানে -

(ক) জামানতটি পচনশীল;

(খ) সিকিউরড পক্ষ যুক্তিসঙ্গত কারণে বিশ্বাস করে যে, যদি জামানত তাৎক্ষণিকভাবে নিষ্পত্তি না করা হয় তবে তাহার মূল্য বহুলাংশে হ্রাস পাইবে;

(গ) জামানতটির ধরণ এমন যাহা প্রথাগতভাবে উন্মুক্ত বাজারে বিক্রয় করা হইয়া থাকে;

(ঘ) জামানতটির যত্ন এবং সংরক্ষণের খরচ এর মূল্যের তুলনায় সামঞ্জস্যহীনভাবে বেশি;

(ঙ) জামিনদারের ব্যবসার স্বাভাবিক নিয়মে একজন রিসিভার উক্ত জামানতের নিষ্পত্তি করে; এবং

(চ) খেলাপের পরে, উপধারা (৫) এর অধীনে নোটিশ পাইবার অধিকারী প্রত্যেক ব্যক্তিই জামানত তাৎক্ষণিকভাবে নিষ্পত্তি করিবার জন্য লিখিতভাবে অনুমতি প্রদান করে;

(১০) সিকিউরড পক্ষ জামানত অথবা উহার কোন অংশ প্রকাশ্য বিক্রয়ে এমন মূল্য পরিশোধের মাধ্যমে ক্রয় করিতে পারে, যাহা জামানতের বাজারমূল্যের সহিত যুক্তিসংগতভাবে সম্পর্কিত, যদি না আদালত কোন ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে ভিন্নরূপ কোন নির্দেশ দেয়।

(১১) যখন এই ধারার অধীনে সিকিউরড পক্ষ কর্তৃক জামানত নিষ্পত্তি করা হইবে, এই নিষ্পত্তি ক্রেতার নিকট মূল্যের বিনিময়ে জামিনদারের সকল অধিকার হস্তান্তর করে, এবং এর অধীনে থাকা যে কোন সিকিউরিটি অধিকার বা পূর্বস্বত্বসহ যে সিকিউরিটি অধিকারের অধীনে ইহা তৈরি ছিল তাহা সমাপ্তি করে। ক্রেতা উক্ত নিষ্পত্তিকৃত জামানত উক্ত সকল অধিকার এবং স্বার্থ মুক্তাবস্থায় লাভ করে, যদিও বা সিকিউরড পক্ষ এই অধ্যায়ের অথবা কোন বিচারিক কার্যক্রমের বিধানাবলী পুরণ করিতে ব্যর্থ হয় -

(ক) প্রকাশ্য বিক্রয়ের ক্ষেত্রে, যদি বিক্রয়ের কোন ত্রুটি সম্পর্কে ক্রেতার কোন জ্ঞান না থাকে এবং যদি ক্রেতা সিকিউরড পক্ষের, অন্যান্য নিলামকারী (bidder) বা বিক্রয় সম্পাদনকারী ব্যক্তিবর্গের সাথে যোগসাজশ না করিয়া ক্রয় করিয়া থাকে; অথবা

(খ) অন্য যে কোন ক্ষেত্রে, যদি ক্রেতা সরল বিশ্বাসে কাজ করিয়া থাকে।

(১২) কোন ব্যক্তি যিনি কোন গ্যারান্টি, অনুমোদন, অঙ্গীকার, পুনঃক্রয় চুক্তি বা অন্য কোন সমজাতীয় দায়ের অধীনে সিকিউরড পক্ষের নিকট দায়বদ্ধ, এবং যিনি সিকিউরড পক্ষ কিংবা সিকিউরড পক্ষ কর্তৃক স্বত্বার্পণকৃত অন্য কোন ব্যক্তির নিকত হইতে জামানতের হস্তান্তর গ্রহণ করেন, অতঃপর সিকিউরড পক্ষের সকল অধিকার এবং কর্তব্য তাহার থাকিবে এবং জামানতের এরূপ হস্তান্তর জামানতের নিষ্পত্তি বলিয়া বিবেচিত হইবে না।

(১৩) এই অধ্যায়ের অন্য কোন বিধানে যাহা কিছুই থাকুক না কেন, যেক্ষেত্রে লাইসেন্স জামানত হিসেবে থাকিবে, সেক্ষেত্রে কেবলমাত্র যে শর্তাবলীর অধীনে লাইসেন্স প্রদান করা হইয়াছিল অথবা তাহার সাথে সংশ্লিষ্ট অন্য কোন উপায়ে উক্ত জামানতের নিষ্পত্তি করা হইবে।

৮৬। **নিষ্পত্তির পর উদ্বৃত্ত অথবা ঘাটতি** - (১) যেক্ষেত্রে এই অধ্যায়ের অধীনের সিকিউরড পক্ষ জামানতের নিষ্পত্তি করিয়াছে, সেক্ষেত্রে উপধারা (৩) এর বিধান সাপেক্ষে, সিকিউরড পক্ষ হিসাব প্রদানে বাধ্য থাকিবে (accounted for) এবং কোন উদ্বৃত্ত থাকিলে তাহা পর্যায়ক্রমিকভাবে পরিশোধ করিবে -

(ক) কোন ব্যক্তিকে যাহার জামানতে সিকিউরিটি অধিকার রহিয়াছে, যাহা সিকিউরড পক্ষের অধিকারের অধীনস্থ;

(খ) উক্ত জামানতে স্বার্থ আছে এইরূপ সকল ব্যক্তিকে, যাহারা উদ্বৃত্ত অর্থ বণ্টনের পূর্বেই উক্ত স্বার্থ সংক্রান্ত লিখিত নোটিশ সিকিউরড পক্ষকে প্রেরণ করিয়াছিলেন; এবং

(গ) জামিনদারকে;

তবে এই ধারার অধীনে কারো প্রতি অর্থ পরিশোধের ফলে উপধারা (১) এর দফা (ক), (খ) বা (গ) এ বর্ণিত কোন ব্যক্তির দাবীর অগ্রগণ্যতার কোন অধিকারহানি হইবে না;

(২) সিকিউরড পক্ষ প্রয়োজনে উপধারা (১) বর্ণিত যে কোন ব্যক্তিকে তাহার স্বার্থের স্বপক্ষে প্রমাণ উপস্থাপনের জন্য বলিতে পারিবে, এবং যদি উক্ত প্রমাণ চাহিবার ১০ (দশ) দিনের মধ্যে তাহা উপস্থাপন না করা হয়, তাহলে সিকিউরড পক্ষ কর্তৃক উক্ত ব্যক্তিকে উদ্বৃত্ত অর্থের কোন অংশ প্রদানের প্রয়োজন পড়িবে না।

(৩) এই আইনে বা অন্য যে কোন আইনে ভিন্নরূপ কিছু না থাকিলে, কিংবা অন্য কোনভাবে সম্মত না হইলে, সিকিউরড পক্ষকে যে কোন ঘাটতি পরিশোধে জামিনদার দায়বদ্ধ থাকিবেন।

(৪) সিকিউরড পক্ষ একটি লিখিত হিসাব প্রদান করিবে -

(ক) ধারা ৮২ এর অধীনে জামানতের নিষ্পত্তি বা সংগৃহীত অর্থের পরিমাণ;

(খ) যে পন্থায় উক্ত জামানত নিষ্পত্তি করা হইয়াছিল;

(গ) খরচের জন্য ব্যয়কৃত অর্থ;

(ঘ) নিষ্পত্তি বা আদায় হইতে প্রাপ্ত অর্থের বন্টন; এবং

(ঙ) কোন উদ্বৃত্ত বা ঘাটতির পরিমান;

উপধারা (১) এ বর্ণিত কোন ব্যক্তির নিকট হইতে হিসাবের জন্য লিখিত অনুরোধ প্রাপ্ত হইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে;

(৫) যেই ক্ষেত্রে উপধারা (১) এর অধীনে কে অর্থ পাইবার অধিকারী এইরূপ কোন প্রশ্ন উত্থাপিত হইবে, সেই ক্ষেত্রে সিকিউরড পক্ষ উদ্বৃত্ত অর্থ কোন যথাযোগ্য আদালতে পরিশোধ করিতে পারে, এবং উক্ত আদালতে কোন ব্যক্তি তাহার প্রাপ্যতা বিবৃত করিয়া আবেদন দাখিল না করিলে উক্ত উদ্বৃত্ত অর্থ প্রদান করা হইবে না।

৮৭। **দায়ের দাবীপূরণের জন্য জামানত ধারণ করিবার অধিকার** - (১) খেলাপের পর, সিকিউরড পক্ষ জামানতটিকে উহার দায়ের দাবীপূরণের জন্য গ্রহণ করিতে প্রস্তাব দিতে পারে, এবং ধারা ৮৫(৫) এ উল্লেখিত ব্যক্তিবর্গকে উক্ত প্রস্তাবের নোটিশ প্রেরণ করিবে।

(২) যদি উপধারা (১) এর অধীনে নোটিশ পাইবার অধিকারী কোন ব্যক্তি এবং সিকিউরড পক্ষের প্রস্তাবের ফলে উক্ত জামানতে যাহার স্বার্থ বিরূপভাবে প্রভাবিত হইতে পারে, নোটিশ প্রাপ্ত হইবার ১৫ (পনের) দিনের মধ্যে সিকিউরড পক্ষকে লিখিতভাবে আপত্তি প্রদান করেন, তাহা হইলে সিকিউরড পক্ষ ধারা ৮৫ এর আলোকে জামানতের নিষ্পত্তি করিবে।

(৩) সিকিউরড পক্ষ প্রস্তাবে আপত্তি প্রদা্নকারী ব্যক্তিকে উক্ত জামানতে তাহার স্বার্থের স্বপক্ষে প্রমাণ উপস্থাপনের জন্য বলিতে পারিবে, এবং যদি সিকিউরড পক্ষ কর্তৃক উক্ত প্রমাণ চাহিবার ১০ (দশ) দিনের মধ্যে তাহা উপস্থাপন না করা হয়, তাহলে সিকিউরড পক্ষ এমনভাবে অগ্রসর হইতে পারে যেন প্রস্তাবে কোনরূপ আপত্তি উত্থাপন করা হয়নি।

(৪) যথাযোগ্য ক্ষমতাসম্পন্ন আদালতে সিকিউরড পক্ষ কর্তৃক কোন আবেদন দাখিল করিবার পর, এবং যে সকল ব্যক্তি প্রস্তাবে আপত্তি উত্থাপন করিয়াছেন তাদেরকে নোটিশ প্রদান করিবার পর, উক্ত আদালত এইরূপ আদেশ দিতে পারেন যে, প্রস্তাবের বিরুদ্ধে উত্থাপিত আপত্তিসমূহ অকার্যকর, কারণ -

(ক) উক্ত আপত্তি জামানতে অথবা জামানত নিষ্পত্তির আয়ের উপর ব্যক্তির স্বার্থ রক্ষা ব্যতীত ভিন্ন কোন উদ্দেশ্যে উত্থাপিত হইয়াছে; অথবা

(খ) জামানতের যথাযথ বাজার মূল্য সিকিউরড পক্ষের মোট প্রাপ্য অর্থ এবং ধারা ৮৬(২) এর অধীনে প্রাক্কলিত পুনরুদ্ধারযোগ্য খরচের চেয়ে কম।

(৫) যদি প্রস্তাবের বিপরীতে কোন কার্যকর আপত্তি উত্থাপিত না হইয়া থাকে, তাহলে সিকিউরড পক্ষ সিকিউরড দায়ের সম্পূর্ণ দাবীপূরণান্তে জামানত অপ্রত্যাহারযোগ্যভাবে গ্রহণ করিয়া নিয়াছেন বলিয়া গণ্য করা হইবে, এবং জামিনদার এবং উপধারা (১) এর অধীনে নোটিশ পাইবার অধিকারী কোন ব্যক্তির সকল অধিকার ও স্বার্থ মুক্ত অবস্থায় উক্ত জামানত ধারণ বা নিষ্পত্তি করিতে অধিকারী হইবেন -

(ক) উপধারা (২) এ উল্লেখিত ১৫ (পনের) দিনের মেয়াদ অতিবাহিত হইবার পর; অথবা

(খ) সিকিউরড পক্ষ দায়ের দাবীপূরণে জামানত ধারণ করিতে পারিবে এই মর্মে লিখিত অনুমতি উপধারা (১) এর অধীনে নোটিশ পাইবার অধিকারী প্রত্যেক ব্যক্তি হইতে সিকিউরড পক্ষ যে সময়ে প্রাপ্ত হইবে;

ইহার মধ্যে যাহা পূর্বে ঘটে।

(৬) যেক্ষেত্রে সিকিউরড পক্ষ কোন ক্রেতা বরাবর মূল্যের বিনিময়ে এবং সরল বিশ্বাসে জামানত নিষ্পত্তি করে এবং ক্রেতা উক্ত জামানতের দখল গ্রহণ করে, উক্ত ক্রেতা উক্ত জামানত নিম্নোক্ত স্বার্থ হইতে মুক্তভাবে গ্রহণ করে -

(ক) জামিনদারের স্বার্থ;

(খ) জামিনদারের স্বার্থের অধীনস্থ যে কোন স্বার্থ; এবং

(গ) সিকিউরড পক্ষের অধীনস্থ যে কোন স্বার্থ

সিকিউরড পক্ষ কর্তৃক এই ধারার প্রয়োজনীয় শর্তাবলি পূরণ হউক কিংবা না হউক।

৮৮। **জামানতের দায়মোচন এবং সিকিউরিটি চুক্তি পুনর্বহাল** -(১) সিকিউরড পক্ষ জামানত নিষ্পত্তি করিবার অথবা ধারা ৮৪, ৮৫ এর অধীনে নিষ্পত্তির জন্য চুক্তি করিবার পূর্বে অথবা ধারা ৮৭ এর অধীনে জামানত অপ্রত্যাহারযোগ্যভাবে নিজের অধীনে রাখিয়াছেন বলিয়া গণ্য হইবার পূর্বে যে কোন সময়-

(ক) ধারা ৮৫ এর অধীন নিষ্পত্তির নোটিশ গ্রহণের অধিকারী কোন ব্যক্তি, যদি না উক্ত ব্যক্তি লিখিতভাবে ভিন্নরূপ সম্মতি না প্রদান করেন, খেলাপের পর জামানত দায় মোচন করিতে পারিবেন -

(অ) জামানত দ্বারা সুরক্ষিত দায়ের পরিমোচনের মাধ্যমে;

(আ) সিকিউরিটি অধিকার বলবত করিবার লক্ষ্যে, নিষ্পত্তির জন্য জামানতের জব্দকরণ, পুনর্দখল, অধিষ্ঠান, মেরামত, প্রক্রিয়া অথবা প্রস্তুতকরণের নিমিত্তে যুক্তিসংগত ব্যয়, যদি উক্ত ব্যয় সিকিউরড পক্ষ প্রকৃতভাবেই বহন করিয়া থাকে এবং অন্যান্য যুক্তিসংগত ব্যয়, যাহা সিকিউরড পক্ষ বহন করিয়াছেন তাহার সমপরিমাণ অর্থ পরিশোধের মাধ্যমে।

(খ) জামিনদার, খেলাপের পর লিখিতভাবে ভিন্নরূপ সম্মতি না জানাইলে, সিকিউরিটি চুক্তি পুনর্বহাল করিতে পারে -

(অ) দ্রুততা অনুচ্ছেদের (acceleration clause) প্রয়োগ ব্যতীত যে পরিমাণ অর্থ প্রকৃতপক্ষে বকেয়া রহিয়াছে তাহা পরিশোধের মাধ্যমে;

(আ) যেই অন্যান্য খেলাপের কারণে সিকিউরড পক্ষ জামানত নিষ্পত্তি করিতে ইচ্ছুক তাহা সংশোধন (cure) করিবার মাধ্যমে; এবং

(ই) সিকিউরিটি অধিকার বলবত করিবার লক্ষ্যে, নিষ্পত্তির জন্য জামানতের জব্দকরণ, পুনর্দখল, অধিষ্ঠান, মেরামত, প্রক্রিয়া অথবা প্রস্তুতকরণের নিমিত্তে যুক্তিসংগত ব্যয়, যদি উক্ত ব্যয় সিকিউরড পক্ষ প্রকৃতভাবেই বহন করিয়া থাকে এবং অন্যান্য যুক্তিসংগত ব্যয়, যাহা সিকিউরড পক্ষ বহন করিয়াছেন তাহার সমপরিমাণ অর্থ পরিশোধের মাধ্যমে।

(২) যদি উপধারা (১) এর অধীন একের অধিক ব্যক্তি জামানত দায়মোচনে সম্মত হন, তাহলে তাহাদের উক্ত দায়মোচনের অধিকারের অগ্রগণ্যতা তাহাদের নিজ নিজ স্বার্থের অনুরূপ হইবে।

(৩) অন্য কোন কিছুতে সম্মত না হইলে, জামিনদার সিকিউরিটি চুক্তিপুনর্বহাল করিতে পারিবে না -

(ক) একের অধিকবার, যদি সিকিউরিটি চুক্তি সিকিউরড পক্ষ কর্তৃক নির্ধারিত মূল্য প্রদানের পর ১২ (বারো) মাসের মধ্যে তাহা পুরোপুরি পরিশোধ করিতে জামিনদারকে সময় প্রদান করিয়া থাকে; অথবা

(খ) দুইয়ের অধিকবার, যদি সিকিউরিটি চুক্তির মেয়াদকাল ১(এক) বৎসরের অধিক সময়ে কিন্তু ৩ (তিন) বছরের কম হয়, এবং তিনের অধিকবার, যদি সিকিউরিটি চুক্তির মেয়াদকাল ৩ (তিন) বছরের অধিক হয়।

৮৯। **আদালতের তত্ত্বাবধানকারী ক্ষমতা** - জামিনদার, জামিনদারের ঋণদাতা, সিকিউরড পক্ষ, এরূপ ব্যক্তি যিনি সিকিউরড দায়ের পরিশোধ অথবা অন্য কোন কার্যসম্পাদনে দায়বদ্ধ, অথবা কোন ব্যক্তি জামানতে যাহার অধিকার রহিয়াছে যাহা এই ধারার অধীন কোন আদেশ দ্বারা প্রভাবিত হইতে পারে, কর্তৃক যথাযথ এখতিয়ারসম্পন্ন আদালতে আবেদনের প্রেক্ষিতে আদালত এই অধ্যায়ের বিধানসমূহ পালন নিশ্চিতকল্পে অথবা জামানতের সুরক্ষা কিংবা উক্ত জামানতে কোন ব্যক্তির স্বার্থ সংরক্ষণের জন্য যথাযথ আদেশ দিতে পারিবেন।

৯০। **রিসিভার নিয়োগদান** - (১) এই আইনের কোন কিছুই এখতিয়ারসম্পন্ন আদালতকে আদেশ দ্বারা রিসিভার নিয়োগ এবং রিসিভারের অধিকার ও দায়িত্ব নির্ধারণ করা হইতে বারিত করিবে না।

(২) অন্য কোন আইন সাপেক্ষে, একজন রিসিভার -

(ক) আদালতের আদেশের অধীন নিয়োগকৃত রিসিভার উক্ত আদেশ অনুসারে জামানতের হেফাজত এবং নিয়ন্ত্রণের দায়িত্ব লইবেন তবে আদালত ভিন্ন কোন আদেশ প্রদান না করা পর্যন্ত জামিনদারের ব্যবসা অব্যাহত রাখিবেন না;

(খ) রিসিভার হিসেবে তাহার নিয়ন্ত্রণে আসা সমস্ত অর্থ জমা দেবার নিমিত্তে রিসিভার তাহার নামে রিসিভার হিসেবে এক বা একাধিক ব্যাংক হিসাব খুলিতে এবং রক্ষণাবেক্ষণ করিতে পারিবেন;

(গ) হিসাবের গ্রহণযোগ্য প্রচলন (accepted accounting practice) অনুসারে, জামানত কিংবা জামিনদারের অন্য কোন সম্পত্তির সহিত জড়িত সমস্ত আয়, ব্যয় কিংবা লেনদেনের রেকর্ড রাখিবেন;

(ঘ) নিয়োগদানের তারিখ হইতে কমপক্ষে ৬(ছয়) মাস অন্তর অন্তর নির্ধারিত পদ্ধতিতে রিসিভারশীপের আর্থিক বিবৃতি প্রস্তুত করিবেন; এবং

(ঙ) রিসিভারশীপ সম্পর্কিত ব্যবসায়িক পত্র, চালান, চুক্তি অথবা ব্যবহৃত ও সম্পাদিত অনুরূপ দলিলাদিতে তিনি যে রিসিভার হিসেবে কর্মরত তাহা উল্লেখ করিবেন।

(৩) জামিনদার এবং জামিনদার যেই ক্ষেত্রে আইনানুসারে অথবা আইনের অধীন যথাযথভাবে প্রতিষ্ঠিত কোন কর্পোরেশন কিংবা কোম্পানি আইন, ১৯৯৪ অথবা theCompanies Act, 1913 এর অধীন কোন কোম্পানি, সেই ক্ষেত্রে জামিনদারের পরিচালক কিংবা এইরূপ প্রত্যেকের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি, রিসিভারের কার্যাবলী সম্পাদনের স্থানে নিয়মিত কর্মঘণ্টার সময়ে, উপধারা (২) এর দফা (গ) তে উল্লিখিত নথি পরিদর্শনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে রিসিভারের নিকটে লিখিত দাবী জানাইতে পারিবেন।

(৪) জামিনদার এবং জামিনদার যেখানে আইনানুসারে অথবা আইনের অধীন যথাযথভাবে প্রতিষ্ঠিত কোন কর্পোরেশন কিংবা কোম্পানি আইন, ১৯৯৪ অথবা the Companies Act, 1913 এর অধীন কোন কোম্পানি, সেখানে জামিনদারের পরিচালক, রিসিভারের হেফাজতে বা নিয়ন্ত্রণে থাকা জামানতে অধিকার রহিয়াছে এরূপ কোন ব্যক্তি কিংবা এইরূপ প্রত্যেকের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি, রিসিভারের কার্যাবলী সম্পাদনের স্থানে নিয়মিত কর্মঘণ্টার সময়ে, উপধারা (২) এর দফা (ঘ) এ উল্লিখিত আর্থিক বিবৃতির কপি পরিদর্শনের জন্য সরবরাহ করিতে কিংবা সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে রিসিভারের নিকটে লিখিত দাবী জানাইতে পারিবেন।

(৫) উপধারা (৩) এবং (৪)-এ উল্লিখিত দাবী প্রাপ্তির পর ১০ (দশ) দিন অতিবাহিত হওয়ার পূর্বেই রিসিভার উক্ত দাবী পালন করিবেন।

(৬) স্বার্থ রহিয়াছে এরূপ ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে, আদালত—

(ক) রিসিভার নিয়োগ করিতে পারেন;

(খ) আদালত কর্তৃক কিংবা সিকিউরিটি চুক্তির অধীন নিয়োগকৃত রিসিভারকে অপসারণ, প্রতিস্থাপন অথবা অব্যাহতি দিতে পারেন;

(গ) রিসিভারের দায়িত্ব সম্পর্কিত যে কোন বিষয়ে নির্দেশনা প্রদান করিতে পারেন;

(ঘ) রিসিভারের হিসাব অনুমোদন এবং তাহার পারিশ্রমিক নির্ধারণ করিয়া দিতে পারেন; এবং

(ঙ) সিকিউরিটি চুক্তিতে অথবা রিসিভারের নিয়োগ সংক্রান্ত অন্যান্য দলিলাদিতে যাহা কিছুই থাকুক না কেন, রিসিভারকে অথবা কোন ব্যক্তি যাহার পক্ষে রিসিভার নিয়োগ দেওয়া হইয়াছে তাহাকে, জামিনদারের জামানতের হেফাজত, ব্যবস্থাপনা বা নিষ্পত্তির ক্ষেত্রে কোন খেলাপ সংশোধন অথবা এই ধারার বিধান মেনে চলিবার ক্ষেত্রে কোন খেলাপ বা ব্যর্থতা হইতে অব্যাহতিদানের নিমিত্তে আদালত প্রয়োজনীয় আদেশ দিতে পারিবেন।

(৭) উপধারা (৬)এ উল্লিখিত ক্ষমতা রিসিভারের উপর আদালতের যেই এখতিয়ার রহিয়াছে তাহার অতিরিক্ত হিসেবে আদালত প্রয়োগ করিতে পারিবেন।

(৮) আদালত ভিন্নরূপ কোন আদেশ প্রদান না করিলে, জামিনদারের ব্যবসা পরিচালনা করিবার প্রক্রিয়ার ধারাবাহিকতায় ব্যতীত অন্য কোন কারণে রিসিভার জামানতের নিষ্পত্তি করিবার ক্ষেত্রে ধারা ৮৫ এর বিধানাবলী পালন করিবেন।

নবম অধ্যায়

বিবিধ

৯১। এই আইনের বিধানসমূহের সঙ্গে অসামঞ্জস্যতার ক্ষেত্রে -সিকিউরিটি চুক্তির অধীন উদ্ভূত অধিকার ও দায় যাহা কোন আইনগত ও ন্যায়সঙ্গত (equitable) নীতি দ্বারা পরিচালিত, তাহার যতখানি এই আইনের বিধানসমূহের সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ ততখানি ব্যতীত, প্রয়োগযোগ্য হইবে।

৯২। ক্ষতিপূরণের জন্য ব্যবস্থা গ্রহণ -যদি কোন ব্যক্তি যুক্তিসংগত কারণ ছাড়া এই আইনের অধীন তাহার উপর আরোপিত দায় পালনে ব্যর্থ হয়, তাহা হইলে উক্ত ব্যক্তি যাহার নিকটে দায়বদ্ধ, তাহার উক্ত ব্যর্থতার ফলশ্রুতিতে যুক্তিসংগতভাবে পূর্বপরিজ্ঞেয় (unforeseeable) ক্ষতি বা লোকসান হইলে, তিনি ইহার জন্য ক্ষতিপূরণ প্রাপ্তির অধিকারী হইবেন।

৯৩। অগ্রগণ্যতা, প্রাপ্যতা এবং সময়ের হ্রাস- বৃদ্ধি নির্ধারণ করিবার ক্ষমতা-যথাযথ এখতিয়ারসম্পন্ন আদালত জামানতে স্বার্থ রহিয়াছে এরূপ ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে নিচের যে কোন একটি অথবা উভয় আদেশ প্রদান করিতে পারিবেন -

(ক) জামানতে অগ্রগণ্যতা অথবা প্রাপ্যতা সম্পর্কিত প্রশ্নের নিষ্পত্তি করিবার আদেশ;

(খ) আইনের দ্বারা অথবা আইনের অধীনের প্রয়োজনীয়তা অনুসারে, শর্তসাপেক্ষে অথবা অন্যথায়, সময়ের বৃদ্ধি কিংবা হ্রাসকরণ সম্পর্কিত আদেশ।

৯৪। বিজ্ঞপ্তি জারী -(১) যেক্ষেত্রে এই আইনের অধীন কোন নোটিশ অথবা অন্যান্য দলিলাদি প্রদান, সরবরাহ কিংবা জারী প্রয়োজন, সেক্ষেত্রে তাহা প্রদান করা যাইবে -

(ক) ব্যক্তির ক্ষেত্রে, তাহার নিকটে অথবা রেজিস্টার্ড ডাকযোগে প্রদানের মাধ্যমে -

(অ) উক্ত ব্যক্তিকে উদ্দেশ্য করিয়া তাহার বাসস্থানে; অথবা

(আ) যেই ক্ষেত্রে উক্ত ব্যক্তি ব্যবসায়ের একমাত্র স্বত্বাধিকারী, তাহার নামে তাহার ব্যবসায়িক ঠিকানায়;

(খ) অংশীদারিত্বের ক্ষেত্রে,

(অ) পৌছানোর মাধ্যমে

(১) এক বা একাধিক অংশীদারকে; অথবা

(২) প্রদানের সময় অংশীদারিত্ব ব্যবসা নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনাকারী ব্যক্তিকে; অথবা

(আ) রেজিস্টার্ড ডাকযোগে -

(১) অংশীদারিত্বকে;

(২) এক বা একাধিক অংশীদারকে; অথবা

(৩) প্রদানের সময়, অংশীদারিত্ব ব্যবসা নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনাকারী ব্যক্তিকে;

উদ্দেশ্য করিয়া অংশীদারিত্ব ব্যবসার প্রধান ব্যবসায়িক ঠিকানায়;

(গ) কোম্পানির ক্ষেত্রে,

(অ) কোম্পানির কর্মকর্তাকে কিংবা পরিচালককে অথবা ঐ কোম্পানির অফিস বা ব্যবসা পরিচালনার স্থানের দায়িত্বে আছেন এরূপ ব্যক্তিকে পৌঁছানোর মাধ্যমে; অথবা

(আ) কোম্পানির নিবন্ধিত অফিস কিংবা প্রধান কার্যালয়ে বা রেজিস্টার্ড ডাকযোগে প্রদা্নের মাধ্যমে;

(ঘ) মিউনিসিপ্যাল কর্পোরেশন ও সরকারের অন্যান্য সংস্থার ক্ষেত্রে,

(অ) উক্ত মিউনিসিপ্যাল কর্পোরেশন বা সংস্থার মেয়র, ক্লার্ক, দপ্তরের সচিব কিংবা ব্যক্তিবর্গের উপ-কর্মকর্তাকে পৌঁছানোর মাধ্যমে; অথবা

(আ) কর্পোরেশন অথবা সরকারের অন্যান্য সংস্থাকে উদ্দেশ্য করিয়া রেজিস্টার্ড ডাকযোগে প্রদানের মাধ্যমে।

(২) কোন নোটিশ অথবা কাগজপত্র রেজিস্টার্ড ডাকযোগে প্রদান করা হইলে কিংবা জারী করিলে উহা দেওয়া, প্রদান বা জারী হইয়াছে বলিয়া তখনই গণ্য হইবে-

(ক) যখন গ্রহীতা প্রকৃতভাবেই উক্ত কাগজাদি গ্রহণ করিবেন; অথবা

(খ) ঐ সমস্ত ক্ষেত্র ব্যতীত যেখানে ডাকসেবা কার্যকর নাই সেক্ষেত্রে রেজিস্ট্রেশনের দিন হইতে ১০ (দশ) দিন অতিবাহিত হইবার পর।

ইহার মধ্যে যাহা অগ্রে ঘটে।

(৩) উপধারা (১)-এ যাহাই থাকুক না কেন, এই আইনের অধীনে পক্ষগণ নোটিশ ও অন্যান্য কাগজপত্র আদান ও প্রদানে যোগাযোগের মাধ্যম হিসেবে ইলেকট্রনিক মেইল সহ অন্যান্য যোগাযোগের মাধ্যমে সম্মত হইতে পারেন।

৯৫। সদস্য, রেজিস্ট্রার এবং কর্মচারীবৃন্দ সরকারী কর্মচারী হিসেবে পরিচিত হইবেন -the Penal Code, 1860 এ প্রদত্ত অর্থানুসারে এবং এর উদ্দেশ্য পূরণকল্পে এই আইনের অধীন গঠিত বোর্ডের সদস্য, রেজিস্ট্রার এবং অন্যান্য কর্মকর্তা কিংবা কর্মচারীগণ সরকারী কর্মচারী হিসেবে গণ্য হইবেন।

৯৬। বিধি প্রণয়নের ক্ষমতা -সরকার, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের বিধানাবলির সঙ্গে সঙ্গতিপূর্ণ বিধি প্রণয়ন করিতে পারিবে।

৯৭। কর্তৃপক্ষের প্রবিধান প্রণয়নের ক্ষমতা - (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, ইহার অভিপ্রায় অনুসারে, সরকারের পূর্ব অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষ প্রবিধান প্রণয়ন করিতে পারে যাহাতে -

(ক) রেজিস্ট্রারের দায়িত্ব নির্ধারণ করা থাকিবে;

(খ) রেজিস্ট্রেশনের সময়, স্থান ও এ সম্পর্কিত অন্যান্য বিষয় এবং ইলেকট্রনিক ডাটা যাহা এই আইনের অধীনে রেজিস্ট্রিকৃত হইতে পারে কিংবা রেজিস্ট্রিকৃত হওয়া প্রয়োজন তাহা নির্ধারণ করা থাকিবে।

(গ) অন্যান্য প্রয়োজনীয়তা যেমন -

(অ) আর্থিক বিবৃতি কোন প্রকারে লিখিত হইবে, ইহাতে কোন বিষয়বস্তু থাকিবে এবং ইহা কোন পন্থায় ব্যবহৃত হইবে এবং এই আইনের অধীন সিকিউরিটি অধিকার রেজিস্ট্রিকৃত করিতে সংশোধিত বিবৃতি কোন পন্থায় ব্যবহৃত হইবে তাহা নির্ধারণ করা থাকিবে;

(আ) এই আইনে উল্লিখিত নোটিশ কোন প্রকারে লিখিত হইবে, ইহাতে কোন বিষয়বস্তু থাকিবে ও কোন পন্থায় ব্যবহার করা হইবে তাহা নির্ধারণ করা থাকিবে;

(ই) আর্থিক বিবৃতিতে কোন পন্থায় জামানতের আয় সহ জামানত বিবৃত হইবে এবং কোন জাতীয় পণ্যগুলো ক্রমিক নম্বর দ্বারা চিহ্নিত হইতে পারে কিংবা কোন জাতীয় পণ্যগুলো অবশ্যই ক্রমিক নম্বর দ্বারা চিহ্নিত হইবে তাহা নির্ধারণ করা থাকিবে।

(ঘ) রেজিস্ট্রি অনুসন্ধান সম্পর্কিত বিষয়াদি ও রেজিস্ট্রিকৃত তথ্য প্রকাশিত হইবার পদ্ধতি নির্ধারণ করা থাকিবে যাহাতে অন্তর্ভুক্ত থাকিবে -

(অ) কোন উপায়ে অনুসন্ধান সম্পাদিত হইতে পারে তাহার ধরণ;

(আ) অনুসন্ধানের ফলাফলের প্রকার;

(ই) অনুলিপি কিংবা কাগজাদির সত্যায়িত অনুলিপির জন্য অনুরোধ করিবার উপায়; এবং

(ঈ) মুদ্রিত কাগজাদি রেজিস্ট্রার কর্তৃক সত্যায়িত করিবার উপায়;

(ঙ) আর্থিক বিবৃতি ও সংশোধিত বিবৃতিতে উল্লিখিত তথ্যের রেজিস্ট্রেশন অনুমোদন করিতে যাচাই বিবৃতির (verification statement) ব্যবহার উল্লেখ থাকিবে।

(চ) রেজিস্ট্রির কার্যকারিতা স্থগিতকরণ এবং এর কার্যকারিতা পুনরারম্ভের উপায় নির্ধারণ করা থাকিবে, যাহাতে অন্তর্ভুক্ত থাকিবে -

(অ) রেজিস্ট্রির কার্যকারিতা স্থগিতকরণ কিংবা এর কার্যকারিতা পুনরারম্ভের জন্য এই আইনে উল্লিখিত পদ্ধতির অতিরিক্ত হিসেবে অন্য কোন পদ্ধতি;

(আ) রেজিস্ট্রির কার্যকারিতা স্থগিতকরণ কিংবা এর কার্যকারিতা পুনরারম্ভের সাথে সম্পর্কিত এমন বিষয়াদি কিংবা অন্যান্য ব্যাপার যেটি বোর্ডের নিকট প্রয়োজনীয় বলিয়া মনে হইবে;

(ছ) এমন কোন বিষয় কিংবা বস্তু নির্ধারণ করা থাকিবে যাহা এই আইন দ্বারা প্রয়োজনীয় কিংবা আইনের কর্তৃত্ববলে প্রবিধানে নির্ধারিত হওয়া জরুরি।

(জ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় বলিয়া মনে হইতেছে এমন অন্যান্য বিষয়াদি সম্পর্কে উল্লেখ থাকিবে।

৯৮। অনুবাদ - এই আইনের নির্ভরযোগ্য ইংরেজি পাঠ থাকিবে যাহা বাংলার পাশাপাশি বোর্ড কর্তৃক অনুমোদিত হইবে। বাংলা পাঠ এবং ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

দশম অধ্যায়

ক্রান্তিকাল

৯৯। সুনির্দিষ্ট সংজ্ঞাসমূহ - (১) এই অধ্যায়ের বিধানাবলির উদ্দেশ্যে-

(ক) **"পূর্ববর্তী আইন"** অর্থ বাংলাদেশের সেই সকল আইন যাহা এই আইন কার্যকর হইবার অব্যবহিত পূর্বে পূর্ববর্তী সিকিউরিটি অধিকারের ক্ষেত্রে প্রযোজ্য হয়; এবং

(খ) **"পূর্ববর্তী সিকিউরিটি অধিকার"** অর্থ এই আইন কার্যকর হইবার পূর্বে সম্পন্নকৃত কোন চুক্তি দ্বারা সৃষ্ট অধিকার যাহা এই আইনের অধীনে একটি সিকিউরিটি অধিকার এবং যাহাতে এই আইন প্রযোজ্য হইত যদি অধিকারটি সৃষ্টির সময় এই আইনটি বলবৎ থাকিত।

(২) এই অধ্যায়ে ভিন্নরূপ বিধান ব্যতীত, ইহার আওতাভুক্ত পূর্ববর্তী সিকিউরিটি অধিকারসহ সকল সিকিউরিটি অধিকারের ক্ষেত্রে এই আইন প্রযোজ্য হইবে।

১০০। এই আইনের কার্যকারিতা শুরু হইবার পূর্বে চলমান কার্যধারায় পূর্ববর্তী আইনের প্রযোজ্যতা - (১) উপধারা (২) সাপেক্ষে, এই আইন কার্যকর হইবার পূর্বে কোন আদালত কিংবা সালিশ ট্রাইব্যুনালে কোন মামলার চলমান কার্যধারায় পূর্ববর্তী আইন প্রযোজ্য হইবে;

(২) এই আইন কার্যকর হইবার পূর্বে পূর্ববর্তী সিকিউরিটি অধিকার বলবৎ করিবার উদ্দেশ্যে যদি কোন পদক্ষেপ গৃহীত হইয়া থাকে, উক্ত বলবতকরণ পূর্ববর্তী আইনের অধীনে চলমান রহিবে।

১০১। পূর্ববর্তী সিকিউরিটি অধিকার সৃষ্টিতে পূর্ববর্তী আইনের প্রযোজ্যতা - (১) পূর্ববর্তী সিকিউরিটি অধিকার সৃষ্ট হইয়াছিল কিনা তাহা পূর্ববর্তী আইনের অধীনে নির্ধারিত হইবে।

(২) পক্ষগণের মধ্যকার সৃষ্ট কোন পূর্ববর্তী সিকিউরিটি অধিকার, এই আইনের অধীনে অধিকার সৃষ্টিতে আবশ্যকীয় উপাদানসমূহ/ প্রয়োজনীয় শর্তাবলি পূরণ না করিলেও, তাহা কার্যকর থাকিবে।

১০২। কোন পূর্ববর্তী সিকিউরিটি অধিকারের সম্পূর্ণতা নির্ধারণকারী ক্রান্তিকালীন বিধিসমূহ- (১) এই আইন কার্যকর হইবার সময়ে পূর্ববর্তী আইনের অধীনে সম্পূর্ণকৃত কোন পূর্ববর্তী সিকিউরিটি অধিকার এই আইনের অধীনেও চলমান থাকিবে যতক্ষণ পর্যন্ত না নিম্নোক্ত ঘটনার মধ্যে যাহা আগে ঘটে -

(ক) পূর্ববর্তী আইনের অধীনে উক্ত সিকিউরিটি অধিকার সম্পূর্ণকৃত বলিয়া গণ্য হইবার সময় অতিবাহিত হইবার পর; এবং

(খ) এই আইন কার্যকর হইবার ১ (এক) বছর অতিক্রান্ত হইবার পর।

(২)যদি উপধারা (১) অনুসারে পূর্ববর্তী সিকিউরিটি অধিকার সম্পূর্ণকৃত বলিয়া গণ্য না হইবার পূর্বে এই আইনের সম্পূর্ণকরণে প্রয়োজনীয় শর্তসমূহ পূরণ হয়, তাহা হইলে পূর্ববর্তী সিকিউরিটি অধিকার এই আইনের অধীনে সম্পূর্ণকৃত হিসেবে ঐ সময় থেকে চলমান থাকিবে যখন থেকে উহা পূর্ববর্তী আইনের অধীনে সম্পূর্ণকৃত হইয়াছিল।

(৩) যদি উপধারা (১) অনুসারে পূর্ববর্তী সিকিউরিটি অধিকার সম্পূর্ণকৃত বলিয়া গণ্য না হইবার পূর্বে এই আইনের সম্পূর্ণকরণের প্রয়োজনীয় শর্তসমূহ পূরণ না হয়, তাহা হইলে কেবল এই আইনের অধীনে সম্পূর্ণকৃত হইবার সময় থেকে পূর্ববর্তী সিকিউরিটি অধিকার সম্পূর্ণকৃত হইবে।

(৪) জামিনদার এবং সিকিউরড পক্ষের মধ্যে কোন পূর্ববর্তী সিকিউরিটি অধিকার সৃষ্টিকারী কোন লিখিত চুক্তি এই আইন অনুসারে বর্ণিত জামানত অন্তর্ভুক্তকারী কোন নোটিশ রেজিস্ট্রেশনের জন্য জামিনদার কর্তৃক কর্তৃত্ব প্রদান হিসেবে পর্যাপ্ত হইবে।

১০৩। পূর্ববর্তী সিকিউরিটি অধিকারের অগ্রগণ্যতার বিপরীতে পূর্ববর্তী আইনের অধীনে উদ্ভূত প্রতিযোগি দাবীদারের প্রতিদ্বন্দ্বিতা করিবার অধিকারে পূর্ববর্তী আইনের প্রয়োগ - (১) পূর্ববর্তী সিকিউরিটি অধিকারের অগ্রগণ্যতার বিপরীতে প্রতিযোগি দাবীদারের প্রতিদ্বন্দ্বিতা করবার অধিকার পূর্ববর্তী আইন দ্বারা নির্ধারিত হইবে যদি-

(ক) এই আইন কার্যকর হইবার পূর্বে সিকিউরড অধিকার এবং সকল প্রতিযোগি দাবীদারের প্রতিদ্বন্দ্বিতা করিবার অধিকার উদ্ভূত হয়; এবং

(খ) এই আইন কার্যকর হইবার সময় থেকে তাহাদের কোন অধিকারের অগ্রগণ্যতার মর্যাদা পরিবর্তিত না হইয়া থাকে।

(২) উপধারা (১) এর দফা (খ) এর উদ্দেশ্য পূরণকল্পে, পূর্ববর্তী সিকিউরিটি অধিকারের অগ্রগণ্যতার অবস্থা পরিবর্তিত হইবে কেবল যদি—

(ক) যখন এই আইন কার্যকর হইয়াছে তখন যদি উক্ত অধিকার সম্পূর্ণকৃত হয় কিন্তু পরবর্তীতে উক্ত অধিকারের সম্পূর্ণকরণ সমাপ্ত হইয়া থাকে; অথবা

(খ) যখন এই আইন কার্যকর হইয়াছে তখন যদি পূর্ববর্তী আইনের অধীন ইহা সম্পূর্ণকৃত না হইয়া থাকে এবং কেবল মাত্র এই আইনের অধীনে সম্পূর্ণকৃত হইয়া থাকে।

------------------------------সমাপ্ত----------------------------------